[পরমেশ্বরের একমাত্র শক্তিই ভোগে ভবানী, পৌরুষে বিষ্ণু, কোপে কালী, সমরে দুর্গা—কার্যকালে এই চারিরূপে বিভক্ত হন ইত্যাদি বচনানুসারে বিষ্ণু ও কালিকার পার্থক্য নাই ; অতএব মধুকৈটভ-বধও বিষ্ণুরূপা কালিকা-শক্তিরই কার্য্য,—এই আশয়ে ব্রহ্মা তাঁহার স্তব করিতেছেন ;] ব্রহ্মা কহিলেন। ৭২॥ তুমি স্বাহা (দেবোদ্দেশে হবির্দানমন্ত্ররূপা), তুমি স্বধা (পিতৃলোকের উদ্দেশে দ্রব্যদানমন্ত্র), তুমি বষট্‌কার (যজ্ঞে দেবাহ্বানমন্ত্র) এবং উদাত্তাদি স্বররূপা ; তুমি অমৃতরূপা।

---

* বষট্‌কারঃ স্বরাত্মিকা ইতি বা পাঠঃ।

অর্দ্ধমাত্রা স্থিতা নিত্যা যানুচ্চার্য্যা বিশেষতঃ। ৭৪
ত্বমেব সা ত্বং * সাবিত্রী ত্বং দেবী জননী পরা॥ †

স্বধা (দেবাত্মঃ); [এতেন জগত্তৃপ্তিহেতুত্বং জগদুদ্ভবহেতুত্বঞ্চ প্রতিপাদিতম্] হে নিত্যে (শাশ্বতি) হে অক্ষরে (উপচয়াপচয়পরিণামহীনে সত্তামাত্ররূপে) ত্বং ত্রিধা (ত্রীন্ দেবান্ ব্রহ্মবিষ্ণুমহেশ্বরান্ দধাসীতি ত্রিধা রজঃসত্ত্বতমোময়ীত্যর্থঃ) মাত্রাত্মিকা (অকারোকারমকারাত্মক-প্রণবরূপা) [সতী] স্থিতা; যা চ অর্দ্ধমাত্রা (নির্গুণা) সাপি ত্বমেব; [মাত্রাত্রয়মত্র উপনিষদুক্তং জাগ্রৎস্বপ্নসুষুপ্ত্যভিমানি বিশ্ব তৈজস-প্রাজ্ঞাভিধেয়ম্; অর্দ্ধমাত্রা তু বেদান্তবাচ্যনির্গুণ নিত্যমুক্তস্বরূপাভিধেয়া; তদুক্তম্—ব্যক্তা তু প্রথমা মাত্রা দ্বিতীয়াঽব্যক্তসংস্থিতা। মাত্রা তৃতীয়া চিচ্ছক্তিরর্দ্ধমাত্রা পরং পদম্ ইতি]; [অতঃ] ত্বং নিত্যা (ধ্রুবা; ব্রহ্মময়ীত্যর্থঃ) যা চ বিশেষতঃ (স্পষ্টম্) অনুচ্চার্য্যা (উচ্চারয়িতুমশক্যা অব্যক্তা ইতি যাবৎ) [সা চ ত্বমেব

তুমি ত্রিধা (সত্ত্বরজস্তমোময়ী), মাত্রাত্মিকা (প্রণবরূপা) হইয়া বর্ত্তমানা। যাহা অর্দ্ধমাত্রা, তাহাও তুমি [এখানে মাত্রাত্রয় অর্থে, মাণ্ডুক্যোপনিষদুক্ত জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তির দেবতা বিশ্ব, তৈজস ও প্রাজ্ঞ এবং অর্দ্ধমাত্রা অর্থে বেদান্ত প্রতিপাদ্য

---

* সন্ধ্যা সাবিত্রীতি বা পাঠঃ। † ত্বং দেবি ইতি বা পাঠঃ।
'ত্বং বেদজননী পরা' ইত্যপি ক্বচিৎ দৃশ্যতে। হে দেবি ত্বং বেদজননী সব্যাহৃতিকা গায়ত্র্যসি ইত্যর্থঃ। সাবিত্রী তু ব্যাহৃতি-রহিতা গায়ত্রী।
দেবজননীতিপাঠমপি কেচিৎ কল্পয়ন্তি; দেবজননী—অদিতিরূপা।

ত্বয়ৈব ধার্য্যতে সর্ব্বং * ত্বয়ৈতৎ সৃজ্যতে জগৎ। ৭৫
ত্বয়ৈতৎ পাল্যতে দেবি ত্বমৎস্যন্তে চ সর্ব্বদা॥
বিসৃষ্টৌ সৃষ্টিরূপা ত্বং স্থিতিরূপা চ পালনে। ৭৬

ইতি শেষঃ]; ত্বং সা (প্রসিদ্ধা) সাবিত্রী (গায়ত্রী); ত্বমেব পরা (আদিকারণত্বাৎ সর্ব্বোৎকৃষ্টা) দেবী (দ্যোতনশীলা) জননী (মাতা)। ত্বয়া (ব্রাহ্ম্যা শক্ত্যা) এতৎ জগৎ সৃজ্যতে (উৎপাদ্যতে); হে দেবি (প্রকাশরূপে) ত্বয়া (বৈষ্ণব্যা শক্ত্যা) এতৎ (জগৎ) পাল্যতে (রক্ষ্যতে); [ইত্থং] সর্ব্বদা (পুনঃ পুনঃ) [ক্রমশঃ সর্গস্থিতিসংহার-লক্ষণং ত্রিবিধাবস্থাপন্নং] এতৎ সর্ব্বং [ব্রাহ্মী বৈষ্ণবী রৌদ্রীতি ব্যপদেশ-ভেদভিন্নয়া ত্বয়ৈব] ধার্য্যতে। হে জগন্ময়ে (জগদ্রূপে) [জগতঃ] বিসৃষ্টৌ

নিত্যমুক্ত তুরীয়-সংজ্ঞক]। যাহা অনুচ্চার্য্যা (অব্যক্তরূপা), তাহাও তুমি; অতএব তুমি নিত্যা (ব্রহ্মময়ী), তুমিই সেই গায়ত্রী; তুমি প্রকাশরূপা পরমা জননী (আদিমাতা)। হে দেবি, তুমি [ব্রাহ্মীরূপে] এই জগৎ সৃষ্টি কর; তুমি [বৈষ্ণবী-রূপে] উহা পালন কর এবং অন্তে তুমি [রৌদ্রীরূপে ইহা ভক্ষণ কর; [এইরূপে পুনঃ পুনঃ ক্রমশঃ সৃষ্টি-স্থিতি-

---

* "ত্বয়ৈতদ্ধার্য্যতে বিশ্বম্" ইতি কচিৎ পাঠঃ।

তথা সংহৃতিরূপান্তে জগতোঽস্য জগন্ময়ে ॥ *

মহাবিদ্যা মহামায়া মহামেধা মহাস্মৃতিঃ। ৭৭

মহামোহা চ ভবতী † মহাদেবী মহাসুরী ॥ ‡

প্রকৃতিস্ত্বঞ্চ সর্ব্বস্য গুণত্রয়বিভাবিনী। ৭৮

(সৃষ্টিকালে) ত্বং সৃষ্টিরূপা (সৃজ্যতে ইতি সৃষ্টিঃ তদ্রূপা ; আত্মনৈব আত্মানং সৃজসীত্যর্থঃ) ; পালনে চ (স্থিতিকালে) স্থিতিরূপা (পালনশক্তিরূপা) ; তথা অন্তে (প্রলয়কালে (সংহৃতিরূপা (সংহাররূপা) [অসি]। ত্বং মহাবিদ্যা (তত্ত্বমসীতি মহাবাক্যলক্ষণা বিদ্যা) মহামায়া (সর্ব্বমোহিনী) মহামেধা (ভগবতঃ সর্ব্বজ্ঞত্বশক্তিঃ) মহাস্মৃতিঃ (বেদবিদ্যা) ; ভবতী (পূজ্যা) ত্বং মহামোহা (সংহারশক্তিঃ) মহাদেবী (সর্ব্বদেবশক্তিঃ)

প্রলয়রূপ ত্রিবিধ অবস্থাপন্ন এই বিশ্ব তুমি একাকিনী হইয়াও ব্রাহ্মী, বৈষ্ণবী ও রৌদ্রীরূপে ধারণ করিতেছ॥ হে বিশ্বরূপে, সৃষ্টিকালে তুমিই সৃষ্টিরূপা (আপনাকে আপনি সৃষ্টি কর) ; পালনকালে তুমিই স্থিতিরূপা ; প্রলয়ে তুমিই এই জগতের সংহাররূপা (আপনিই আপনাতে লীন হও)॥ তুমি 'তত্ত্বমসি' এই মহাবাক্যরূপা মহাবিদ্যা ; তুমি সর্ব্বমোহিনী মহামায়া, তুমি ভগবানের সর্ব্বজ্ঞত্বশক্তিরূপা মহামেধা, তুমি

---

* জগন্ময়ি ইতি বা পাঠঃ।

† 'মহামোহা ভগবতী' ইতি বা। ‡ মহেশ্বরীতি বা।

কালরাত্রির্মহারাত্রির্মোহরাত্রিশ্চ দারুণা ॥
ত্বং শ্রীস্ত্বমীশ্বরী ত্বং হ্রী * ত্বং বুদ্ধির্বোধলক্ষণা। ৭৯

মহাসুরী চ (হিরণ্যাক্ষাদি-দৈত্যশক্তিরূপা চ)। [হে দেবি] ত্বঞ্চ (ত্বমেব) সর্ব্বস্য (জড়বর্গস্য) প্রকৃতিঃ (মূলকারণং প্রধানতত্ত্বম্) [অথচ] ত্বমেব গুণত্রয়বিভাবিনী (গুণত্রয়ং বিভাবয়িতুমনুবর্ত্তয়িতুং শীলং যস্যাঃ সা) [ত্বমেব] কালরাত্রিঃ (কল্পান্তরাত্রিঃ যত্র জগৎ প্রলীয়তে) [ত্বমেব] মহারাত্রিঃ (মহতো ব্রহ্মণঃ লয়োপলক্ষিতা রাত্রিঃ) [ত্বমেব] দারুণা (দুষ্পরিহরা) মোহরাত্রিশ্চ (মমতাগর্ত্তপাতিনী মহামায়াখ্যা); [উক্তঞ্চ—"দংষ্ট্রাকরালকালাগ্নিরুদ্ররূপাতিদারুণা। মোহরাত্রির্মোহয়ন্তু জগৎ সৃতে জগৎকর্ত্রী"]। ত্বং শ্রীঃ (সম্পৎ লক্ষ্মীবীজং বা) ত্বম্ ঈশ্বরী (সর্ব্বব্যাপিনী ঈশ্বরশক্তিঃ কামরাজবীজঞ্চ) ত্বং হ্রীঃ (অকার্য্যজুগুপ্সা হ্রীমিতি ভুবনেশী-বীজঞ্চ উভয়ত্রাপ্যনুনাসিকলোপ আর্যঃ) ত্বং বোধলক্ষণা (বোধো ব্যবসায়-

মহাস্মৃতি (বেদবিদ্যা); তুমি সংহারশক্তি, তুমি সর্ব্বদেবশক্তি এবং তুমিই হিরণ্যাক্ষাদি মহাসুরশক্তি॥ হে দেবি, তুমি সর্ব্বভূতের মূল-কারণরূপা প্রকৃতি; অথচ তুমিই আবার সত্ত্বাদি গুণত্রয়ের অনুবর্ত্তনে জগৎ রক্ষা করিতেছ; তুমিই প্রলয়-রাত্রিরূপা; তুমিই মহারাত্রি (ব্রহ্মারও লয়-সাধিকা), তুমিই দারুণা মোহরাত্রি (মমতাগর্ত্তপাতিনী মহামায়া)॥

* হ্রীমিতি বা পাঠঃ। হ্রীংকারো বৈ প্রাণ ইতি শ্রুতিঃ।

লজ্জা পুষ্টিস্তথা তুষ্টিস্ত্বং শান্তিঃ ক্ষান্তিরেব চ ॥
খড়্গিনী শূলিনী ঘোরা গদিনী চক্রিণী তথা। ৮০

স্বরূপাত্মিকা) বুদ্ধিঃ (চিন্মাত্রব্রহ্মরূপা); ত্বং লজ্জা (ব্রীড়া) পুষ্টিঃ (উপচয়ঃ) তথা তুষ্টিঃ (যাদৃচ্ছিকলাভে সন্তোষঃ) ত্বং শান্তিঃ (বিষয়েভ্যো ইন্দ্রিয়োপরতিঃ) ক্ষান্তিঃ (সত্যাং শক্তৌ পরাপরাধসহিষ্ণুতা) [এতা মাতৃভেদা অপি ত্বমেব]; ত্বং খড়্গিনী (খড়্গযুক্তা) শূলিনী (শূলবিশিষ্টা) ঘোরা (একহস্তস্থ-শিরসা ভীষণা) গদিনী (গদাবিশিষ্টা) চক্রিণী (চক্রহস্তা) শঙ্খিনী (শঙ্খবিশিষ্টা) চাপিনী (চাপহস্তা) বাণভূশুণ্ডীপরিঘায়ুধা (বাণাঃ শরাঃ ভূশুণ্ডী গোফণকঃ যষ্টি বা পরিঘঃ লৌহবদ্ধলগুড়ঃ তে আয়ুধানি যস্যাঃ সা) [অনেনাস্যাঃ কালী দশভুজাত্বং সূচিতম্‌]। সৌম্যা (ঐহিক-সুখদত্বাৎ মনোজ্ঞা) সৌম্যতরা (স্বর্গাদিসুখহেতুত্বাৎ ভক্তানামতিমনোহরা)

তুমিই শ্রী (লক্ষ্মী অথবা শ্রীং ইতি লক্ষ্মীবীজরূপা); তুমি সর্ব্বব্যাপিনী ঈশ্বরশক্তি অথবা কামবীজ-স্বরূপা; তুমি হ্রী (কুকর্ম্মগোপনেচ্ছা লজ্জা অথবা হ্রীং ইতি ভুবনেশী-বীজরূপা); তুমি বুদ্ধিরূপা (চিন্মাত্রবোধাত্মিকা); তুমি লজ্জারূপা; তুমি পুষ্টি (পোষণকরী); তুমি তুষ্টি (সন্তোষরূপা), তুমি শান্তি (ইন্দ্রিয়-সংযমী) এবং তুমিই ক্ষান্তি (ক্ষমা);—[এই সকল মাতৃকা-রূপাও তুমি]॥ তুমি খড়্গধারিণী, শূলহস্তা, [একহস্তে মুণ্ডধারণে] ভীষণা, গদাবিশিষ্টা, চক্রহস্তা, শঙ্খধারিণী, চাপহস্তা এবং বাণ, ভুশুণ্ডী ও পরিঘনামক অস্ত্র-

শঙ্খিনী চাপিনী বাণভুশুণ্ডীপরিঘায়ুধা ॥ *
সৌম্যা সৌম্যতরাশেষসৌম্যেভ্যস্ত্বতিসুন্দরী। ৮১
পরা পরাণাং পরমা ত্বমেব পরমেশ্বরী ॥

অশেষসৌম্যেভ্যস্তু অতিসুন্দরী (সকলাহ্লাদকবস্তুভ্যঃ আহ্লাদিকা সচ্চিদানন্দময়ত্বাৎ); [ত্বং] পরা (শ্রেষ্ঠা) পরাণামপি (শ্রেষ্ঠানামপি) পরমা (অত্যুৎকৃষ্টা) [যতঃ] ত্বমেব পরমেশ্বরী। হে অখিলাত্মিকে (সর্ব্বস্বরূপে) যচ্চ কিঞ্চিৎ (কিমপি) ক্বচিৎ (দেশে কালে চ) সৎ [নিত্যম্) অসৎ (অনিত্যং) বা বস্তু (নামগ্রাহ্যং) [প্রতীয়তে] তস্য সর্ব্বস্য [বস্তুনঃ] যা শক্তিঃ সা ত্বমেব; তদা কিং স্তূয়সে] [স্তুতঃ

ধারিণী। [ইহাতে দেবীর দশভুজাত্ব সূচিত হইল] ॥ তুমি [ঐহিকসুখদাত্রী বলিয়া] মনোহরা; তুমি [স্বর্গাদি সুখের হেতু বলিয়া] [ভক্তগণের] অতিমনোহরা; এবং [সচ্চিদা-নন্দময়ী বলিয়া] আহ্লাদজনক বস্তুগণেও আহ্লাদরূপা; তুমি শ্রেষ্ঠা; শ্রেষ্ঠগণেরও শ্রেষ্ঠা; কেন না, তুমি

* বাণা ভুশুণ্ডী পরিঘায়ুধা ইতি পাঠভেদঃ—বাণা বাণবতী (বাণাঃ সন্তি অস্যা ইতি অর্শ আদিত্বাৎ অচ্); পরিঘায়ুধা চ সতী অতএব ঘোরা অত্যুগ্রদর্শনা ভুশুণ্ডীতি ভাষাসে ইত্যন্বয়ঃ। খড়্গ-শূল-গদা-চক্র-শঙ্খ-চাপ-বাণ-পরিঘৈরষ্টাভিরায়ুধৈরষ্টভুজা। ঘোরাত্যুগ্রাকৃতিশ্চণ্ডিকা দেবী ভুশুণ্ডীতি বক্ষ্যমাণলক্ষণা সতী প্রসীদতু ইতি ভাবঃ। "উড্ডীয়োড্ডীয় চ প্রাপ্য নদন্তী দশকর্ত্তিকা। ক্রমতে বা নতাঙ্গী যা সা ভুশুণ্ডী নিগদ্যতে"।

যচ্চ কিঞ্চিৎ ক্বচিদ্ বস্তু সদসদ্ বাখিলাত্মিকে। ৮২
তস্য সর্ব্বস্য যা শক্তিঃ সা ত্বং কিং স্তূয়সে তদা॥ *
যয়া ত্বয়া জগৎস্রষ্টা জগৎপাতাত্তি † যো জগৎ। ৮৩
সোঽপি নিদ্রাবশং নীতঃ কস্ত্বাং স্তোতুমিহেশ্বরঃ॥

অন্যত্বাভাবাৎ ভেদনিবন্ধনা স্তুতিঃ কথং প্রবর্ত্তনীয়া ইতি ভাবঃ]। যঃ [ব্রহ্মাকা[illegible]] জগৎস্রষ্টা [বিষ্ণুরূপেণ] জগৎপাতা [রুদ্ররূপেণ] জগৎ অত্তি (স্বস্মিন্ [illegible] প্রাপয়তি) যয়া (যোগনিদ্রয়া) ত্বয়া সঃ [বিষ্ণুঃ] অপি নিদ্রাবশং (নিদ্রা[illegible]ভূতাং) নীতঃ [তাং] ত্বাম্ ইহ (জগতি) স্তোতুং কঃ ঈশ্বরঃ (সমর্থঃ) ন [illegible]াঽপী ত্যর্থঃ]। বিষ্ণুঃ (পালকঃ) অহং (স্রষ্টা ব্রহ্মা) ঈশানঃ (রুদ্রশ্চ) যতঃ তে [ত্বয়া] শরীরগ্রহণং কারিতাঃ অতঃ ত্বাং স্তোতুং কঃ শক্তিমান্ ভবেৎ॥ সা (সা অনির্ব্বচনীয়া) ত্বম্ ইত্থং (এবংবিধৈঃ) স্বৈঃ (আত্মীয়ৈঃ) উদারৈঃ (অসাধারণৈঃ) প্রভাবৈঃ (মাহাত্ম্যঃ)

পরমেশ্বরী॥ হে সর্ব্বস্বরূপে, জগতে নিত্য বা অনিত্য যে কোন বস্তু যে কোন স্থানে আছে, তৎসমুদয়ে যে শক্তি, তাহা যখন তুমিই, তখন তোমার আর স্তব কি করিব? [যখন তুমি ভিন্ন কিছুই নাই, তখন তোমার স্তব কিরূপে করা যায়?]॥ এই জগতের সৃষ্টিকর্ত্তা, পালনকর্ত্তা এবং সংহারকর্ত্তা যে তুমি বিষ্ণুকেই নিদ্রাপরবশ করিয়াছ, তাদৃশী

---

* স্তূয়সে ময়া ইতি ক্বচিৎ। † "জগৎ পাত্যত্তি যো জগৎ" ইতি বা।

বিষ্ণুঃ শরীর গ্রহণমহমীশান এব চ। ৮৪
কারিতাস্তে যতোঽতস্ত্বাং কঃ স্তোতুং শক্তিমান্ ভবেৎ॥
সা ত্বমিত্থং প্রভাবৈঃ স্বৈরুদারৈর্দেবি সংস্তুতা। ৮৫
মোহয়ৈতৌ দুরাধর্ষাবসুরৌ মধুকৈটভৌ॥
প্রবোধঞ্চ জগৎস্বামী নীয়তামচ্যুতো লঘু। ৮৬
বোধশ্চ * ক্রিয়তামস্য হন্তুমেতৌ মহাসুরৌ॥ ৮৭

সংস্তুতা [সতী] এতৌ দুরাধর্ষৌ (দুরভিভবনীয়ৌ) অসুরৌ মধুকৈটভৌ মোহয় (মোহং প্রাপয); জগৎস্বামী (জগদীশ্বরঃ) অচ্যুতঃ (দৈত্যারিঃ বিষ্ণুঃ) লঘু (শীঘ্রং) প্রবোধং (উন্নিদ্রভাবং) নীয়তাম্; এতৌ মহাসুরৌ হন্তুং অস্য (বিষ্ণোঃ) বোধশ্চ (প্রবৃত্তিশ্চ) ক্রিয়তাম্॥ ৭৩—৮৭

তোমাকে স্তব করিতে কে সমর্থ? বিষ্ণুকে, আমাকে এবং ঈশানকেও (শিবকে) যখন তুমি শরীর ধারণ করাইয়াছ, তখন তোমাকে স্তব করিতে কে শক্তিমান্ হইবে? এতাদৃশী তুমি এবংবিধ স্বীয় অসামান্য মহিমাদ্বারা সম্যক্‌রূপে স্তুতা হইয়া, এই দুর্জ্জয় অসুর মধু ও কৈটভকে মোহিত কর; জগৎপতি বিষ্ণুর শীঘ্র নিদ্রাভঙ্গ কর; এবং মহাসুরদ্বয়ের বধার্থ তাহাকে প্রবর্ত্তিত কর॥ ৭৩—৮৭

---

* ভাবশ্চ ইতি কচিৎ পাঠঃ

ঋষিরুবাচ ॥ ৮৮

এবং স্তুতা তদা দেবী তামসী তত্র বেধসা। ৮৯
বিষ্ণোঃ প্রবোধনার্থায় নিহন্তুং মধুকৈটভৌ ॥
নেত্রাস্য-নাসিকা-বাহু-হৃদয়েভ্যস্তথোরসঃ। ৯০
নির্গম্য দর্শনে তস্থৌ ব্রহ্মণোঽব্যক্তজন্মনঃ।
উত্তস্থৌ চ জগন্নাথস্তয়া মুক্তো জনার্দ্দনঃ। ৯১

ঋষিঃ উবাচ ॥ ৮৮ [অত্র রহস্যমিদমবগন্তব্যম্—চণ্ডিকায়াশ্চরিত্রত্রয়-দেবতা মহাকালী মহালক্ষ্মী-মহাসরস্বত্যঃ ক্রমেণ বহিস্তমোরজঃসত্ত্বরূপা এবাস্তঃসত্ত্বরজস্তমোরূপা অপি সাত্ত্বিকাদিপদেনৈব আসাং ক্রমেণ ব্যপদেশঃ দৈত্যসংহারকর্ত্তৃত্বমপি। অতএব অস্যা মহিষাসুর-বধকালে মধুপানেনারক্ত-নেত্রতা, চণ্ডমুণ্ডাদিবধকালে চ মহিষীবর্ণতা বক্ষ্যতে]—তদা তত্র (বিষ্ণু-নাভিকমলে) বেধসা [ব্রহ্মণা] এবং [ইত্থং] স্তুতা [সতী] তামসী [আবরকত্বেন তমঃপ্রধানা]। [সা] দেবী (দেবদেহবিহারিণী নিদ্রা-রূপা ; তথাচ "অস্তীয়ং তামসী শক্তিরদৃশ্যা পশ্যতো হরেঃ। যয়াচ্ছাদিত-নেত্রোঽয়ং পশ্যন্নপি ন পশ্যতি ॥" ইতি] মধুকৈটভৌ নিহন্তুং বিষ্ণোঃ প্রবোধনার্থায় [তস্যৈব] নেত্রাস্যনাসিকাবাহুহৃদয়েভ্যঃ তথা উরসঃ [বক্ষসঃ] নির্গম্য [তামস্যাপি যোগনিদ্রা স্বান্তঃস্থিতসত্ত্বমাত্রস্য আবিষ্করণায় বহির্ব্যাপ্তং তমোরূপং নিঃসার্য্য] অব্যক্তজন্মনঃ অব্যক্তাৎ ঈশ্বরাৎ জন্ম প্রাদুর্ভাবো যস্য তস্য) ব্রহ্মণঃ দর্শনে (দর্শনবিষয়ে) তস্থৌ [এতেন দেব্যা এব তন্ত্রেষু মধুকৈটভহন্তৃত্বব্যবহার উপপদ্যতে। পুরুষাভ্যাং সহ বাহুযুদ্ধযোগেন পৌরুষরূপেণৈব তৌ হতবতীতি স্থিতিঃ] ॥ জগন্নাথঃ

একার্ণবেঽহিশয়নাৎ ততঃ স দদৃশে চ তৌ ॥
মধুকৈটভৌ * দুরাত্মানাবতিবীর্য্যপরাক্রমৌ ॥ ৯২

(জগৎপালকঃ) জনার্দ্দনঃ তয়া (যোগনিদ্রয়া) মুক্তঃ [সন্] একার্ণবে (একীভূতসমুদ্রে) অহিশয়নাৎ (শেষশয্যায়াঃ) উত্তস্থৌ চ । ততঃ দুরাত্মানৌ (দুষ্টস্বভাবৌ) অতিবীর্য্যপরাক্রমৌ (বীর্য্যং শক্তিঃ পরাক্রম উৎসাহঃ তৌ অতিশায়িতৌ যয়োঃ তৌ) ক্রোধরক্তেক্ষণৌ (ক্রোধারক্তনেত্রৌ) ব্রহ্মাণং অত্তুং (ভক্ষয়িতুং) জনিতোদ্যমৌ (কৃতপ্রযত্নৌ), [এতেন প্রবৃদ্ধস্য তমসোঽভিভাবকত্বং সূচিতম্ , মধুকৈটভৌ দদৃশে [illegible] তাবপি তং দদৃশাতে কর্ম্মব্যতিহারে ইত্যাত্মনেপদম্] [illegible]তঃ [অহিশয়নাৎ] সমুত্থায় বিভুঃ (বিশ্বব্যাপকঃ) ভগবান্ হরিঃ [illegible]সহস্রাণি [ব্যাপ্য] তাভ্যাং [সহ] বাহুপ্রহরণঃ [সন্] যুযুধে । অ[illegible]ত্তৌ (অতিবলেন উন্মত্তৌ বিচারমূঢ়ৌ) মহামায়াবিমোহিতৌ (মহা[illegible]-প্র[illegible]বিবেকৌ) তৌ (অসুরৌ) অপি 'অস্মত্তঃ (আবাভ্যাং) বর[illegible]তাম, ইতি কেশবম্ (ভগবন্তম্) উক্তবন্তৌ । অত্র কেশবমিত্যনেন [illegible]শ্বরত্বমুক্তম্ ; তথাচ কশ্চ ঈশশ্চ তৌ যাতি মায়য়া বধ্নাতীতি কেশবঃ, যদ্বা সর্ব্বাবতারিত্বমুক্তম্ ; তথাচ মহাভারতে—"অংশবো যে প্রকাশন্তে মম তে কেশসংজ্ঞিতাঃ। অতো মাং কেশবং তজ্জ্ঞাঃ প্রবদন্তি মনীষিণঃ ॥" ইতি—কেশা অংশাঃ তেজোরূপা অবতারাঃ সন্ত্যস্য ইতি কেশবঃ ।] ॥ ৮৯—৯১

[এস্থলে এই রহস্যটি জ্ঞাতব্য ;—চণ্ডিকার চরিত্রত্রয়ের

---

* নবাক্ষরপদত্বেন ছন্দোভঙ্গাশঙ্কয়া মধুকৈটৌ দুরাত্মানাবতিবীর্য্যপরাক্রমৌ" ইতি কেচিৎ পঠন্তি। ইহ হি পৃষোদরাদিত্বাৎ 'ভ' ইত্যস্য লোপঃ। বস্তুতস্তু নিচ্ছন্দ ইদং 'মহিষেঽসুরাণামধিপে' ইতিবৎ।

ক্রোধরক্তেক্ষণাবত্তুং ব্রহ্মাণং জনিতোদ্যমৌ ॥ *

সমুত্থায় ততস্তাভ্যাং যুযুধে ভগবান্‌ হরিঃ। ৯৩

দেবতা মহাকালী মহালক্ষ্মী ও মহাসরস্বতী যথাক্রমে বাহিরে তমোরজঃসত্ত্বরূপা এবং অন্তরে সত্ত্বরজস্তমোরূপা হইলেও সাত্ত্বিকাদি পদেই অভিহিতা। এইজন্যই মহিষাসুর বধকালে ইনি মধুপানে আরক্তনেত্রা এবং চণ্ড ও শুম্ভাদি বধকালে মহিষীবর্ণ[illegible] বর্ণিতা হইবেন।]

ঋষি কহিলেন ॥৮৮॥ তৎকালে [বিষ্ণু-নাভিকমলে] ব্রহ্মা-কর্ত্তৃক এইরূপে স্তুতা, সেই তমোময়ী দেবী মধুকৈটভের বধার্থ বিষ্ণুর প্রবোধনজন্য তদীয় চক্ষুঃ, মুখ, নাসিকা, বাহুদ্বয় এবং বক্ষঃস্থল হইতে নির্গত হইয়া [তমোগুণময়ী হইলেও ইনি স্বীয় আভ্যন্তরিক সত্ত্বগুণের প্রকটনার্থ বাহিরের তমোগুণ নিষ্কাষিত করিয়া] অব্যক্তজন্মা (কারণরূপ বিষ্ণু হইতে জাত), ব্রহ্মার নেত্রে অবস্থিতা হইলেন॥ [এতদ্দ্বারা দেবী যে মধুকৈটভহন্ত্রী বলিয়া তন্ত্রে নির্দ্দিষ্ট আছেন, তাহাই প্রতিপাদিত হইল, অর্থাৎ দেবীই পুরুষরূপে বাহুযুদ্ধে মধুকৈটভকে বধ করেন]॥ জগৎপাতা জনার্দ্দন যোগনিদ্রা-মুক্ত হইয়া একার্ণবে সর্পশয্যা হইতে উত্থিত হইলেন এবং

---

* ক্রোধরক্তেক্ষণৌ হন্তং ব্রহ্মাণং জনিতোদ্যমৌ ইতি কচিৎ।

পঞ্চবর্ষসহস্রাণি বাহুপ্রহরণো বিভুঃ ॥ *

তাবপ্যতিবলোন্মত্তৌ মহামায়াবিমোহিতৌ। ৯৪

উক্তবন্তৌ বরোঽস্মত্তো ব্রিয়তামিতি কেশবম্ ॥ ৯৫

ভগবানুবাচ ॥ ৯৬

ভবেতামদ্য মে তুষ্টৌ মম বধ্যাবুভাবপি ॥ ৯৭

কিমন্যেন বরেণাত্র এতাবদ্ধি বৃতং মম ‡ ॥ ৯৮

সেই দুরাত্মা মহাবল পরাক্রান্ত, ক্রোধারুণ নেত্র এবং ব্রহ্মাকে ভক্ষণোদ্যত মধু-কৈটভকে অবলোকন করিলেন; [তাহারাও তাঁহাকে দর্শন করিল]। অনন্তর বিভু (সর্ব্বব্যাপক) ভগবান্ হরি গাত্রোত্থানপূর্ব্বক পঞ্চ সহস্র বৎসর তাহাদের সহিত বাহুযুদ্ধ করিলেন ॥ তখন অতি বলহেতু উন্মত্ত, মহামায়া-মোহিত সেই অসুরদ্বয় কেশবকে কহিল,—"আমাদের নিকট বর প্রার্থনা কর" ॥ ৮৯—৯৫

ভগবান্ উবাচ ॥ ৯৬ ॥ অদ্য (ইদানীং) [যদি যুবাং] মে তুষ্টৌ [তর্হি]

* অতঃপরং—'ন চ তৌ যুদ্ধবৈমুখ্যং শমং বাপ্যুপজগ্মতুঃ। ততো বিদ্যামুখালোকসমুদ্ভূতমহোৎসবঃ॥ হরিরূচে বরো মত্তো যুবাভ্যাং ব্রিয়তামিতি। নিশম্যৈতদবিষ্ণোর্বাক্যমবলোক্য পরস্পরম্"—ইতি ক্বচিৎ দ্বৌ শ্লোকৌ দৃশ্যেতে ॥

‡ কিমন্যেন বরেণাত এতাবদ্ধি বৃতং ময়া ইতি বা পাঠঃ।

ঋষিরুবাচ॥ ৯৯

বঞ্চিতাভ্যামিতি তদা সর্ব্বমাপোময়ং জগৎ। ১০০
বিলোক্য তাভ্যাং গদিতো ভগবান্ কমলেক্ষণঃ।
[প্রীতৌ স্বস্তব যুদ্ধেন শ্লাঘ্যস্ত্বং মৃত্যুরাবয়োঃ।]*
আবাং জহি ন যত্রোর্ব্বী সলিলেন পরিপ্লুতা॥ ১০১

উভৌ অপি মম বধ্যৌ ভবেতাম্। অত্র (যুদ্ধে) অন্যেন বরেণ কিম্? এতাবৎ হি (এতাবদেব) মম বৃতম্ (প্রার্থিতম্) [নান্যৎ কিমপি]॥৯৭।৯৮

ভগবান্ কহিলেন॥ ৯৬॥ যদি তোমরা তুষ্ট হইয়া থাক, তবে উভয়েই আমার বাধ্য হও; এ যুদ্ধে অন্য বরে প্রয়োজন কি? ইহাই আমার অভিলষিত বর॥৯৭—৯৮

ঋষিঃ উবাচ॥ ৯৯॥ ইতি (ইত্থং) বঞ্চিতাভ্যাং (বরপ্রার্থনয়া ভগবতী-কৃত-মোহবশাৎ ছলিতাভ্যাং) তাভ্যাং তদা (বরপ্রার্থনাকালে) সর্ব্বং জগৎ আপোময়ং (জলময়ম্—আপস্ শব্দোঽপি জলবাচকোঽস্তি "আপো-ময়মিদং সর্ব্বমাপো মূর্ত্তিঃ শরীরিণাম্" ইতি দর্শনাৎ) বিলোক্য ভগবান্ কমলেক্ষণঃ (পুণ্ডরীকাক্ষঃ বিষ্ণুঃ) গদিতঃ (উক্তঃ)। [হে বিষ্ণো] তব যুদ্ধেন [আবাং] প্রীতৌ স্বঃ (ভবাবঃ); ত্বম্ আবয়োঃ শ্লাঘ্যঃ (স্তুত্যঃ) মৃত্যুঃ (অন্তকঃ) [অসি]; [কিন্তু] যত্র উর্ব্বী (পৃথ্বী) সলিলেন ন পরিপ্লুতা (ব্যাপ্তা) [তত্র] আবাং জহি (হন্যাঃ) [আবয়োর্বধরূপং বরং বাঞ্ছতা মায়িনাঽনেন বিষ্ণুনা আবাং বঞ্চিতৌ; ততো যেন আবয়োঃ

* শ্লাঘ্য স্বম্মৃত্যুরাবয়োঃ ইতি কচিৎ। স্বৎ স্বস্তঃ ইত্যর্থঃ।

ঋষিরুবাচ ॥ ১০২

তথেত্যুক্ত্বা ভগবতা শঙ্খচক্রগদাভৃতা।
কৃত্বা চক্রেণ বৈ চ্ছিন্নে জঘনে শিরসী তয়োঃ ॥১০৩*

বধো ন স্যাৎ স কোঽন্যঃ উপায়ঃ ? অয়মস্তি, সম্প্রতি সর্ব্বং জগদাপোময়মেব বর্ত্ততে। ততশ্চ যত্র উর্ব্বী জলময়ী ন দৃশ্যতে তত্র আবয়োঃ বধোঽস্তু ইতি। এবমুক্তো হি সর্ব্বাপি পৃথিবী জলময়ী এবেতি ক নৌ হনিষ্যত্যসৌ ইত্যয়মপি বঞ্চিতো ভবিষ্যতি অশুভস্য কালযাপনাস্ত্ব ইতি ভাবঃ] ॥১০০—১০১

ঋষি কহিলেন ॥ ৯৯ ॥ এইরূপে বঞ্চিত হইয়া অসুরদ্বয় তৎকালে সমস্ত জগৎ জলময় দেখিয়া, ভগবান্ পুণ্ডরীকাক্ষকে কহিল—তোমার যুদ্ধে আমরা প্রীত হইয়াছি, তুমি আমাদের প্রার্থনীয় মৃত্যু বটে; কিন্তু যেখানে পৃথিবী জলে আবৃত নহে, আমাদিগকে তথায় বধ কর ॥ ১০০—১০১

ঋষিঃ উবাচ ॥ ১০২ ॥ শঙ্খচক্রগদাভৃতা ভগবতা (বিষ্ণুনা) তথা ইতি উক্ত্বা তয়োঃ শিরসী [স্বকীয়ে] জঘনে কৃত্বা (নিধায়) [লোকাত্মকস্য ভগবতো জঘনে পৃথিব্যাঃ স্থিতত্বাৎ—"মহীতলং তজ্জঘনে মহীপতে, নভস্তলং নাভিসরো গৃণন্তি হি" ইতি স্মরণাৎ] চক্রেণ ছিন্নে (খণ্ডিতে) [ইত্থং বিষ্ণুচক্রছিন্নশিরস্কত্বাৎ তয়োঃ শ্লাঘ্যমৃত্যুতা স্মর্তব্যা] ॥ ১০৩

ঋষি কহিলেন ॥ ১০২ ॥ শঙ্খ-চক্র গদাধারী ভগবান্

---

* এতদুত্তরং—"হত্বা তু ভগবান্ বিষ্ণুস্তাবুভৌ মধুকৈটভৌ। তয়োস্তু. মেদসা রাজন্ মহীমেতামকল্পয়ৎ ॥ মেদিনীতি তদারভ্য সংজ্ঞামাপ বসুন্ধরা। ততো বীতভয়ো ব্রহ্মা সসর্জ্জ বিবিধাঃ প্রজাঃ ॥" ইত্যধিকং ক্বচিৎ ॥

এবমেষা সমুৎপন্না ব্রহ্মণা সংস্তুতা স্বয়ম্।
প্রভাবমস্যা দেব্যাস্তু ভূয়ঃ শৃণু বদামি তে ॥১০৪ (ঐঁ ওঁ)

ইতি মার্কণ্ডেয়-পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে দেবীমাহাত্ম্যে
মধুকৈটভ-বধো নাম প্রথমমাহাত্ম্যম্ ॥

তথাস্তু (তাহাই হউক) বলিয়া তাহাদের মস্তকদ্বয় স্বীয় জঘনদেশে স্থাপন পূর্ব্বক চক্রদ্বারা ছেদন করিলেন ॥ ১০৩

এষা (অপরোক্ষীভূতা মহামায়া) এবং (ইত্থং) ব্রহ্মণা সংস্তুতা [সতী] স্বয়ং সমুৎপন্না (দেবকার্য্যার্থং প্রাদুর্ভূতা) অস্যাঃ দেব্যাঃ প্রভাবং (প্রাদুর্ভাবং সামর্থ্যঞ্চ) ভূয়ঃ (পুনরপি) শৃণু; তে (তুভ্যং) বদামি ॥ ১০৪

এইরূপে মহামায়া ব্রহ্মার স্তবে স্বয়ং [দেবকার্য্য-সাধনার্থ] আবির্ভূতা হইয়াছিলেন; এই দেবীর আবির্ভাব ও সামর্থ্য পুনরায় শ্রবণ কর; আমি তোমায় বলিতেছি ॥ ১০৪

ইতি মার্কণ্ডেয়পুরাণান্তর্গত সাবর্ণিমনুর অধিকার-সম্বন্ধীয়
দেবীমাহাত্ম্যে মধুকৈটভবধ-নামক প্রথম মাহাত্ম্য ॥

মহালক্ষ্মী

ও নমশ্চণ্ডিকায়ৈ।

অথ মধ্যমচরিত্রম্।

[মধ্যমস্য চরিত্রস্য মুনির্বিষ্ণুরুদাহৃতঃ।
উষ্ণিক্ ছন্দো মহালক্ষ্মী দেবতা বীজমদ্রিজা।
বায়ুস্তত্ত্বং ধনপ্রাপ্ত্যৈ বিনিয়োগ উদাহৃতঃ॥
ইতি ডামরে]

অথ মধ্যমচরিত্রস্য বিষ্ণু ঋ৺ষিঃ। মহালক্ষ্মী দে৺বতা।
উষ্ণিক্ ছন্দঃ। শাকম্ভরী শক্তিঃ। দুর্গা বীজম্।
বায়ুস্তত্ত্বম্। যজুর্ব্বেদস্বরূপম্। মহালক্ষ্মীপ্রীত্যর্থং
[অর্থপ্রাপ্তয়ে] মধ্যমচবিত্রজপে বিনিয়োগঃ॥

ওঁ অক্ষস্রক্‌পরশূ* গদেষুকুলিশং পদ্মং ধনুঃ কুণ্ডিকাং
দণ্ডং শক্তিমসিঞ্চ চর্ম্ম জলজং ঘণ্টাং সুরাভাজনম্।
শূলং পাশসুদর্শনে চ দধতীং হস্তৈঃ প্রসন্নাননাং‡
সেবে সৈরিভমর্দ্দিনীমিহ মহালক্ষ্মীং সরোজস্থিতাম্॥

---

* অক্ষস্রক্‌পরশুম্ ইতি কেচিৎ। ‡ প্রবালপ্রভামিতি বা পাঠঃ।

(ওঁ হ্রীং) ঋষিরুবাচ ॥ ১

দেবাসুরমভূদ্ যুদ্ধং পূর্ণমব্দশতং পুরা।
মহিষেঽসুরাণামধিপে দেবানাঞ্চ পুরন্দরে ॥ ২
তত্রাসুরৈর্মহাবীর্য্যৈর্দেবসৈন্যং পরাজিতম্।
জিত্বা চ সকলান্ দেবানিন্দ্রোঽভূন্মহিষাসুরঃ ॥ ৩

ঋষিঃ উবাচ ॥ ১ ॥ পুরা (পূর্ব্বস্মিন্ যুগে ; অস্মিন্নেব বৈবস্বতমন্বন্তরে) মহিষে অসুরাণাম্ [তথা] পুরন্দরে (তন্নাম্নি ইন্দ্রে) দেবানাঞ্চ অধিপে [সতি] পূর্ণম্ (অন্যূনম্) অব্দশতং [ব্যাপ্য] দেবাসুরং (দেবাশ্চ অসুরাশ্চ যোদ্ধারো যত্র তৎ) যুদ্ধম্ অভূৎ ॥ [বিপ্রচিত্তের্দৈত্যস্য কন্যা মাহিষ্মতী তপস্যন্তং সিন্ধুদ্বীপাখ্যং মহর্ষিং মহিষী-বেশেন ভীষয়তে স্ম। তচ্চস্তেন মহিষ্যেব ভবেতি শপ্তা সা তস্যৈব ঋষেঃ শুক্রং দৈত্যকন্যাদর্শনেন স্কন্নং পীত্বা মহিষাসুরং প্রাসূত ইতি বারাহে দেবীভাগবতে চ। কালিকাপুরাণে তু রম্ভাসুরতপঃপ্রসন্নস্য শিবস্য অংশোঽয়ং তৎসুতো মহিষঃ, স চ তপোবলেন দেবীসাযুজ্যং মে ভবত্বিতি বরং প্রার্থয়ামাসেতি বিশেষঃ] ॥ ২

ঋষি কহিলেন ॥ ১ ॥ পূর্ব্বকালে যখন মহিষাসুর অসুরগণের এবং পুরন্দর দেবগণের অধিপতি, সেই সময়ে পূর্ণ একশত বৎসর দেবগণে ও অসুরগণে যুদ্ধ হইয়াছিল *॥ ২

তত্র (যুদ্ধে) মহাবীর্য্যৈঃ (অতিবলিভিঃ) অসুরৈঃ দেবসৈন্যং পরাজিতম্

---

* বরাহপুরাণে ও দেবী-ভাগবতে আছে :—বিপ্রচিত্তি দৈত্যের কন্যা মাহিষ্মতী তপোনিরত মহর্ষি সিন্ধুদ্বীপকে মহিষী বেশে ভয়

ততঃ পরাজিতা দেবাঃ পদ্মযোনিং প্রজাপতিম্।
পুরস্কৃত্য গতাস্তত্র যত্রেশ-গরুড়ধ্বজৌ ॥ ৪

(অভিভূতম্) [অভূৎ] ; [ততশ্চ] সকলান্ (সর্ব্বান্) দেবান্ (ইন্দ্রাদীন্) জিত্বা চ (অভিভূয়) মহিষাসুরঃ ইন্দ্রঃ (সুররাট্) অভূৎ ॥ ৩

সেই যুদ্ধে মহাবীর্য্য অসুরগণ কর্ত্তৃক দেবসৈন্য পরাজিত হইল ; সমুদয় দেবগণকে পরাস্ত করিয়া মহিষাসুর ইন্দ্র (স্বর্গের অধিপতি) হইল ॥ ৩

ততঃ (মহিষাসুরাৎ) পরাজিতাঃ দেবাঃ পদ্মযোনিং (কমলজং) প্রজাপতিং (ব্রহ্মাণং) পুরস্কৃত্য (পুরোধায়) যত্র ঈশগরুড়ধ্বজৌ (শিববিষ্ণূ) [বর্ত্তেতে] তত্র গতাঃ। [ব্রহ্মাণং প্রজাস্রষ্টৃত্বেন সিদ্ধসম্বন্ধত্বাদাদৌ দেবানাং তত্র গমনং, ততঃ পালনসংহারয়োঃ শিববিষ্ণ্বোরেবাধিকারাৎ তেন সহ দেবানাং তয়োঃ সমীপে গমনম্ ইত্যনুসন্ধেয়ম্] ॥ ৪

মহিষাসুর কর্ত্তৃক পরাজিত দেবগণ পদ্মযোনি ব্রহ্মাকে অগ্রে করিয়া যথায় শিব ও বিষ্ণু বিরাজ করিতেছিলেন, তথায় গমন করিলেন ॥ ৪

দেখাইলে, মহর্ষি তাহাকে "তুমি মহিষী হও" বলিয়া শাপ দেন ; পরে সে কোনও দৈত্যকন্যা দর্শনে স্খলিত মহর্ষির বীর্য্য পান করিয়া মহিষাসুরকে প্রসব করে। কালিকা-পুরাণে আছে—রম্ভাসুরের তপস্যায় প্রীত মহাদেবের অংশ তৎপুত্র মহিষাসুর "আমার দেবীসাযুজ্য লাভ হউক" এই বর প্রার্থনা করিয়া সাফল্য প্রাপ্ত হইয়াছিল।

যথাবৃত্তং তয়োস্তদ্বন্মহিষাসুরচেষ্টিতম্।
ত্রিদশাঃ কথয়ামাসুর্দেবাভিভববিস্তরম্॥ ৫
সূর্য্যেন্দ্রাগ্ন্যনিলেন্দূনাং যমস্য বরুণস্য চ।
অন্যেষাঞ্চাধিকারান্ স স্বয়মেবাধিতিষ্ঠতি॥ ৬

ত্রিদশাঃ (দেবাঃ) * তয়োঃ (রুদ্রকৃষ্ণয়োঃ) [অগ্রে] দেবাভিভববিস্তরং (দেবানামভিভবস্য বিস্তরো যত্র তৎ) মহিষাসুরচেষ্টিতম্ (মহিষাসুর-কার্য্যং) যথাবৃত্তং (যথাসংঘটিতং) তদ্বৎ (তথৈব) কথয়ামাসুঃ॥ ৫

ত্রিদশ-(দেব)গণ তাঁহাদের নিকট আপনাদের পরাজয়-বিষয়ক মহিষাসুরের কার্য্য যথাবৎ সবিস্তারে কহিলেন॥৫

সঃ (মহিষাসুরঃ) সূর্য্যেন্দ্রাগ্ন্যনিলেন্দূনাং (সূর্য্যশক্রাগ্নিবায়ুচন্দ্রাণাং) যমস্য (অন্তকস্য) বরুণস্য (জলাধিপতেঃ) চ [তথা] অন্যেষাং (দেবানাং [সর্ব্বেষাঞ্চ]) অধিকারান্ স্বয়ম্ এব অধিতিষ্ঠতি (অধিকরোতি)॥ ৬

* ত্রিদশঃ—তৃতীয়া দশা যস্য, ত্রিশব্দস্যাত্র ত্রিভাগবৎ তৃতীয়ার্থকতা যদ্বা তিস্রো জন্মসত্তাবিনাশাখ্যাঃ ন তু মর্ত্ত্যানামিব বৃদ্ধি-পরিণাম-ক্ষয়াখ্যা দশা যস্য, যদ্ বা ত্রীন্ তাপান্ দশতি (দন্শ-ঘঞর্থে ক-প্রত্যয়ঃ পৃষোদরাদিত্বাৎ সাধুঃ), অথবা ত্র্যধিকাঃ ত্রিরাবৃত্তা দশ পরিমাণমস্য।

দেবগণ স্থির-যৌবনসম্পন্ন; তাঁহাদের জন্ম, সত্তা ও বিনাশাখ্য অবস্থাত্রয় আছে, কিন্তু তাহা মর্ত্ত্যগণের ন্যায় বৃদ্ধি, পরিণতি ও ক্ষয়রূপ নহে; দেবগণ মনুষ্যের আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক—এই ত্রিতাপ নাশ করেন। তাঁহাদের সংখ্যা তিন আবৃত্তি দশ অর্থাৎ

স্বর্গান্নিরাকৃতাঃ সর্ব্বে তেন দেবগণা ভুবি।
বিচরন্তি যথা মর্ত্ত্যা মহিষেণ দুরাত্মনা ॥ ৭
এতদ্ বঃ কথিতং সর্ব্বমমরারি-বিচেষ্টিতম্।
শরণঞ্চ* প্রপন্নাঃ স্মো বধস্তস্য বিচিন্ত্যতাম্ ॥ ৮

সূর্য্য ইন্দ্র অগ্নি বায়ু ও চন্দ্রের এবং যম বরুণ এবং অন্যান্য দেবতা [ও ঋষি]-গণের অধিকার সে স্বয়ংই ভোগ করিতেছে ॥৬

সর্ব্বে দেবগণাঃ তেন দুরাত্মনা মহিষেণ স্বর্গাৎ নিরাকৃতাঃ (নিঃসারিতাঃ সন্তঃ) মর্ত্ত্যাঃ যথা (মানুষা ইব) ভুবি (পৃথিব্যাং) বিচরন্তি (পরিভ্রমন্তি ॥ ৭

সেই দুরাত্মা মহিষাসুর-কর্ত্তৃক স্বর্গ হইতে দূরীকৃত দেবগণ মনুষ্যগণের ন্যায় ভূতলে বিচরণ করিতেছেন ॥৭

এতৎ সর্ব্বম্ অমরারিবিচেষ্টিতং (মহিষাসুরস্য ঔদ্ধত্যং দেবাভিভবনঞ্চ) বঃ (যুষ্মভ্যং : গৌরবাৎ বহুত্বং) কথিতম্ ; স্মঃ (বয়ং সর্ব্বে) [যুবয়োঃ] শরণঞ্চ প্রপন্নাঃ (শরণাগতাঃ). [অতঃ] তস্য বধঃ বিচিন্ত্যতাম্ ॥ ৮

মহিষাসুরের এই সকল কার্য্য আপনাদিগকে কহিলাম; আমরা সকলে আপনাদের শরণ লইলাম ; অধুনা তাহার বধোপায় চিন্তা করুন ॥৮

ত্রিশ। ত্রিংশৎ সংখ্যায় দেবগণের পরিমাণ ; কিন্তু তাঁহাদের সংখ্যা ত্রয়স্ত্রিংশৎ, এস্থলে এক 'ত্রি'শব্দ তন্ত্রতাদ্বারা উচ্চারণহেতু ত্রয়স্ত্রিংশতের বোধক। ১২ অর্ক, ১১ রুদ্র, ৮ বসু, ২ অশ্বিনীকুমার = ৩৩

* শরণং বঃ প্রপন্নাঃ স্মঃ ইতি বা পাঠঃ।

ইত্থং নিশম্য দেবানাং বচাংসি মধুসূদনঃ।
চকার কোপং শম্ভুশ্চ ভৃকুটীকুটিলাননৌ ॥ ৯ *

ততোঽতিকোপপূর্ণস্য চক্রিণো বদনাৎ ততঃ।
নিশ্চক্রাম মহৎ তেজো ব্রহ্মণঃ শঙ্করস্য চ ॥ ১০

দেবানাম্ ইত্থং (এবংবিধানি) বচাংসি (বাক্যানি) নিশম্য (আকর্ণ্য) মধুসূদনঃ কোপং চকার ; শম্ভুশ্চ [কোপং চকার]; [তৌ কীদৃশৌ ?] ভৃকুটীকুটিলাননৌ [চকারাৎ ব্রহ্মাপি ভৃকুটীকুটিলাননো জাতঃ] ॥ ৯

দেবগণের এবংবিধ বাক্য শ্রবণ করিয়া মধুসূদন ও শম্ভু ক্রুদ্ধ হইলেন ; তাঁহাদের [তাঁহাদের সঙ্গে ব্রহ্মারও] মুখ-মণ্ডল ভ্রূভঙ্গিবশতঃ অতীব ভীষণ হইয়া উঠিল ॥৯

["মদংশাঃ শক্তিলেশা যে তত্তদ্দেবশরীরগাঃ" ইতি লক্ষ্মীতন্ত্রাদি-বচনাৎ দেবেষু আয়ুধেষু চ বিদ্যমানঃ শক্তিভাগঃ সর্বেষামপি সম্ভূয় প্রথমম্ অষ্টাদশভুজাত্মক-নারীশক্তিরূপেণ পরিণতোঽভবদিত্যাহ]—ততঃ (অনন্তরম্) অতিকোপপূর্ণস্য চক্রিণঃ (বিষ্ণোঃ) বদনাৎ (মুখাৎ) মহৎ (প্রচুরং) তেজঃ নিশ্চক্রাম। ততঃ (চক্রিবদনাৎ তেজসো নিষ্ক্রমণানন্তরং) [অতিকোপপূর্ণস্য] ব্রহ্মণঃ শঙ্করস্য চ [বদনাৎ মহত্তেজো নিশ্চক্রাম ইতি শেষঃ] ॥ ১০

[সর্ব্বদেব-দেহস্থ শক্তি আমারই শক্তির লেশমাত্র—লক্ষ্মী-তন্ত্রাদির এই বচনানুসারে দেবগণে এবং অস্ত্রসমূহে বিদ্যমান শক্তিভাগই অগ্রে অষ্টাদশভুজা নারীশক্তিরূপে

---

* ভ্রূকুটীকুটিলাননৌ, ভ্রূকুটী-কুটিলাননৌ ইতি চ ক্বচিৎ।

অন্যেষাঞ্চৈব দেবানাং শক্রাদীনাং শরীরতঃ।
নির্গতং সুমহৎ তেজস্তচ্চৈক্যং সমগচ্ছত ॥ ১১ *

অতীব তেজসঃ কূটং জ্বলন্তমিব পর্ব্বতম্।
দদৃশুস্তে সুরাস্তত্র জ্বালাব্যাপ্তদিগন্তরম্ ॥ ১২

পরিণত হইলেন—এতদর্থে কহিতেছেন]—অনন্তর অতি-কোপপূর্ণ বিষ্ণু ব্রহ্মা ও শঙ্করের মুখ হইতে প্রচুর তেজ নিঃসৃত হইল॥ ১০

অন্যেষাং (কুপিতানাং) শক্রাদীনাং (ইন্দ্রাদীনাং) দেবানাঞ্চৈব শরীরতঃ নির্গতং [যৎ] সুমহৎ (প্রচণ্ডং) তেজঃ তচ্চ (ব্রহ্মাদীনাং তেজশ্চ) ঐক্যং (একত্বং) সমগচ্ছত (সমপদ্যত) [একীভূতমভবদিত্যর্থঃ] ॥১১

ইন্দ্রাদি অন্যান্য কোপান্বিত দেবগণেরও দেহ হইতে নিঃসৃত প্রচুর তেজঃ এবং পূর্ব্বোক্ত বিষ্ণু শঙ্কর ও ব্রহ্মাদিরও তেজঃ একীভূত হইল ॥ ১১

তে সুরাঃ (ইন্দ্রাদ্যাঃ) তত্র জ্বালাব্যাপ্তদিগন্তরং (জ্বালাভিঃ শিখাভিঃ ব্যাপ্তং বিদ্যোতিতং দিশাং দশানামন্তরং মধ্যমাবকাশঃ যেন তং) অতীব (অত্যর্থং) জ্বলন্তং (দীপ্যমানং) পর্ব্বতমিব তেজসঃ কূটং (পুঞ্জং) দদৃশুঃ ॥১২

ইন্দ্রাদি দেবগণ তথায় দশদিকে প্রচণ্ড শিখাদ্বারা পরিব্যাপ্ত (উদ্দীপ্ত) জ্বলন্ত পর্ব্বতবৎ সেই [বিষ্ণু শঙ্কর ও ব্রহ্মার মুখনিঃসৃত] তেজোরাশি দর্শন করিলেন ॥ ১২

---

* তচ্চৈক্যং সমপদ্যত ইত্যপি ক্বচিৎ পাঠঃ।

অতুলং তত্র তৎ তেজঃ সর্ব্বদেবশরীরজম্।
একস্থং তদভূন্নারী ব্যাপ্তলোকত্রয়ং ত্বিষা ॥ ১৩

তত্র (পুরাণান্তরপ্রসিদ্ধ-কাত্যায়নাশ্রমে) ত্বিষা (দীপ্ত্যা) ব্যাপ্ত-লোকত্রয়ং (ব্যাপ্তং লোকত্রয়ং যেন তৎ) অতুলং (নিরুপমং) সর্ব্বদেব-শরীরজং তৎ তেজ একস্থম্ (একাকারেণ স্থিতম্) [অভূৎ]; [ততশ্চ] তৎ (তেজঃ) নারী (স্ত্রীরূপং) অভূৎ॥ [অত্রৈতদবগন্তব্যম্ - ব্রহ্মণঃ কোপে রজ-আধিক্যেন শিবস্য চ তমঃপ্রাধান্যেন তয়োঃ কোপেঽপি রজ-স্তমোগুণাধিক্যম্, তথাচ বিষ্ণুকোপস্য চ পালকমূলত্বেন সত্ত্বাধিক্যবত্তয়া এষা মহালক্ষ্মীঃ ত্রিগুণেতি ধ্বন্যতে; অতএবোক্তং বৈকৃতিকরহস্যে—"সর্ব্বদেব-শরীরেভ্যো যাঽবিভূ র্তাঽমিতপ্রভা। ত্রিগুণা সা মহালক্ষ্মীঃ সাক্ষান্মহিষ-মর্দ্দিনী॥" তত্রাপি রজঃসত্ত্বয়োরাধিক্যমস্যাম্—দেবানাং রজঃসত্ত্বময়ত্বাৎ]॥১৩

তথায় [পুরাণান্তর-প্রসিদ্ধ কাত্যায়নাশ্রমে] প্রভামণ্ডলে ত্রিভুবন উদ্‌ভাসিত করিয়া, সেই সর্ব্বদেবদেহনিঃসৃত অতুল-নীয় তেজ একাধারে সংমিলিত হইল; অনন্তর সেই তেজ নারীরূপে পরিণত হইল। [ব্রহ্মা, শিব ও বিষ্ণু যথাক্রমে রজঃ তমঃ ও সত্ত্বগুণ-ময়; সুতরাং তাঁহাদের কোপেও ঐ গুণত্রয়েরই প্রাধান্য; অতএব তাঁহাদের তেজঃসম্ভূতা মহালক্ষ্মীও ত্রিগুণময়ী; [বৈকৃতিক-রহস্য দ্রষ্টব্য—অমিত-প্রভাময়ী যিনি সর্ব্বদেবশরীর নিঃসৃত তেজে আবির্ভূতা হইলেন, তিনি ত্রিগুণময়ী মহালক্ষ্মী—মহিষমর্দ্দিনী] দেবগণ রজঃসত্ত্ব-প্রধান বলিয়া তত্তত্তেজঃ-প্রাদুর্ভূতা মহালক্ষ্মীও রজঃসত্ত্ব-প্রধানা]। ১৩

যদভূচ্ছাম্ভবং তেজস্তেনাজায়ত তন্মুখম্।
যাম্যেন চাভবন্ কেশা বাহবো বিষ্ণুতেজসা ॥ ১৪
সৌম্যেন স্তনয়োর্যুগ্মং মধ্যঞ্চৈন্দ্রেণ চাভবৎ ।*
বারুণেন চ জঙ্ঘোরূ † নিতম্বস্তেজসা ভুবঃ ॥ ১৫

[তেজোবিভাগেন অঙ্গবিভাগমাহ]—শাম্ভবং (শৈবং) যৎ তেজঃ অভূৎ, তেন তন্মুখং (তস্যাঃ মুখম্) অজায়ত [অতঃ সা শ্বেতাননা]; যাম্যেন (যমসম্বন্ধিনা) [তেজসা] কেশাঃ, [তথা] বিষ্ণুতেজসা [অষ্টাদশ] বাহবশ্চ [অভবন্] [বিষ্ণোর্নীলবর্ণতয়া বাহবোঽষ্টাদশ নীলাঃ] ॥১৪

শম্ভুসম্বন্ধীয় যে তেজঃ, তদ্দ্বারা তাঁহার মুখমণ্ডল হইল, যমতেজে কেশপাশ এবং বিষ্ণুতেজে [অষ্টাদশ] বাহু উৎপন্ন হইল [অতএব তিনি শ্বেতাননা নীলভুজা] ॥ ১৪

সৌম্যেন (চন্দ্রসম্বন্ধিনা) [তেজসা] [অস্যাং] স্তনয়োঃ যুগ্মং (স্তনদ্বয়ং) [জাতম্] [অতঃ সা সুশ্বেতস্তনমণ্ডলা] ; ঐন্দ্রেণ (ইন্দ্রসম্বন্ধীয়েন) [তেজসা] মধ্যং (দেহমধ্যভাগঃ) অভবৎ [অতঃ সা রক্তমধ্যা]; বারুণেন (বরুণতেজসা) জঙ্ঘোরূ (জঙ্ঘাভ্যাং সহিতৌ উরূ অথবা জঙ্ঘোরূ ইতি ভিন্নপদে) [অভবতাম্]; [অতঃ সা নীলজঙ্ঘোরূঃ]; তথা ভুবঃ (পৃথিব্যাঃ) তেজসা নিতম্বঃ (কটিপশ্চাদ্ভাগঃ) [অভবৎ] ॥১৫

চন্দ্রতেজে তদীয় স্তনদ্বয়, এবং ইন্দ্রতেজে দেহমধ্যভাগ হইল; [অতএব তিনি সুশ্বেত-স্তনমণ্ডলা ও রক্তমধ্যা]; বরুণ-

---

* মধ্যমৈন্দ্রেণ ইতি ক্বচিৎ। † জঙ্ঘোরূ ইতি সুগমঃ পাঠঃ।

ব্রহ্মণস্তেজসা পাদৌ তদঙ্গুল্যোঽর্কতেজসা।
বসূনাঞ্চ করাঙ্গুল্যঃ কৌবেরেণ চ নাসিকা ॥ ১৬
তস্যাস্তু দন্তাঃ সম্ভূতাঃ প্রাজাপত্যেন তেজসা।
নয়নত্রিতয়ং জজ্ঞে তথা পাবকতেজসা ॥ ১৭

তেজে জঙ্ঘা ও উরুদ্বয় হইল; অতএব তিনি নীলজঙ্ঘোরু]
এবং পৃথিবীর তেজে তদীয় নিতম্ব উৎপন্ন হইল ॥ ১৫

ব্রহ্মণঃ তেজসা [তস্যাঃ] পাদৌ [জাতৌ] ; [অতাম্রৌ রক্তৌ; তথাচ—শ্বেতাননা নীলভুজা সুশ্বেতস্তনমণ্ডলা। রক্তমধ্যা রক্তপাদা নীলজঙ্ঘোরুরুন্মদা। সুচিত্রজঘনা চিত্রমাল্যাম্বরবিভূষণা। চিত্রানুলেপনা কান্তিরূপসৌভাগ্যশালিনী ইতি বৈকৃতিক-রহস্যে দ্রষ্টব্যম্। এবঞ্চ রূপেণানেন তস্যাস্ত্রিগুণত্বং সূচিতম্] ; অর্কতেজসা (সূর্য্যতেজসা) তদঙ্গুল্যঃ (পদাঙ্গুল্যঃ [জাতাঃ] ; [অষ্টানাং] বসূনাঞ্চ [তেজসা] করাঙ্গুল্যঃ [জাতাঃ] ; কৌবেরেণ (কুবের-সম্বন্ধিনা) [তেজসা] নাসিকা চ জাতা] ॥১৬

ব্রহ্মার তেজে পদদ্বয়, সূর্য্যের তেজে পদাঙ্গুলি, বসুগণের তেজে করাঙ্গুলি এবং কুবেরের তেজে নাসিকা হইল ॥ ১৬

তস্যাঃ দন্তাস্তু প্রাজাপত্যেন তেজসা (দক্ষাদিতেজসা ইতি বামনপুরাণদর্শনাৎ) সম্ভূতাঃ ; [তেন ব্রহ্মণস্তেজসা পাদাবিত্যনেন ন বিরোধঃ]। তথা পাবকতেজসা (বহ্নিতেজসা) নয়নত্রিতয়ং জজ্ঞে (জাতম্) ॥১৭

দক্ষাদি প্রজাপতিগণের তেজে তাঁহার দন্তসকল সমুদ্ভূত হইয়াছিল এবং বহ্নিতেজে নেত্রত্রয় উৎপন্ন হইয়াছিল ॥ ১৭

ভ্রুবৌ চ সন্ধ্যয়োস্তেজঃ শ্রবণাবনিলস্য চ ।*
অন্যেষাঞ্চৈব দেবানাং সম্ভবস্তেজসাং শিবা ॥ ১৮
ততঃ সমস্তদেবানাং তেজোরাশি-সমুদ্ভবাম্ ।
তাং বিলোক্য মুদং প্রাপুরমরা মহিষার্দ্দিতাঃ ॥১৯‡

সন্ধ্যয়োঃ (সায়ংপ্রাতস্ত্রৈবর্ণিকবন্দনীয়-দেবতয়োঃ) তেজঃ [তস্যাঃ] ভ্রুবৌ [অভূতাম্ ; অত্র কারণস্য কর্ত্তৃত্ববিবক্ষা] ; অনিলস্য চ (বায়োঃ) তেজঃ [তস্যাঃ] শ্রবণৌ (কর্ণৌ) [অভূতাম্] ; অন্যেষাং (উক্তানাঞ্চ বিশ্বকর্ম্মপ্রভৃতীনাং ততোঽন্যেষামনুক্তানাঞ্চ) দেবানাং তেজসাং [যঃ] সম্ভবঃ (সমুদায়ঃ একশরীরাত্মনা পরিণাম ইতি যাবৎ) [সা] শিবা (সর্ব্বমঙ্গলা দেবী) [জাতা] । [এতেনাস্যা দেহস্য অভৌতিকত্বমুক্তম্] ॥১৮

[ত্রৈবর্ণিক বন্দনীয় প্রাতঃ ও সায়ং] সন্ধ্যাদ্বয়-দেবতার তেজঃ ভ্রূদ্বয়রূপে, বায়ুর তেজঃ কর্ণদ্বয়রূপে, এবং [বিশ্বকর্ম্মাদি] অন্যান্য দেবতাগণের তেজঃ একীভূত হইয়া শিবা- (সর্ব্বমঙ্গলা দেবী) রূপে পরিণত হইল [অতএব দেহটি ভৌতিক নহে] ॥১৮

ততঃ (দেব্যা আবির্ভাবানন্তরং) সমস্তদেবানাং তেজোরাশিসমুদ্ভবাং তাং (দেবীং) বিলোক্য মহিষার্দ্দিতাঃ (মহিষাসুরনিপীড়িতাঃ) অমরাঃ

---

* শ্রবণে অনিলস্য চ ইতি বা পাঠঃ ।

‡ অতঃপরং ক্বচিৎ—"ততো দেবা দদুস্তস্যৈ স্বানি স্বান্যায়ুধানি চ । উচু র্জয় জয়েত্যুচ্চৈ র্জয়ন্তীং তে জয়ৈষিণঃ ॥" শ্লোকোঽয়ং দৃশ্যতে । কেচিচ্চ "ততো দেবা দদুস্তস্যৈ স্বানি স্বান্যায়ুধানি চ" ইত্যর্দ্ধমাত্রং পঠন্তি ।

শূলং শূলাদ্ বিনিষ্কৃষ্য দদৌ তস্যৈ পিনাকধৃক্।
চক্রঞ্চ দত্তবান্ কৃষ্ণঃ সমুৎপাদ্য * স্বচক্রতঃ ॥ ২০
শঙ্খঞ্চ বরুণঃ শক্তিং দদৌ তস্যৈ হুতাশনঃ।
মারুতো দত্তবাংশ্চাপং বাণপূর্ণে † তথেষুধী ॥ ২১

(দেবাঃ) মুদং (হর্ষং) প্রাপুঃ। [ব্রহ্মাদিষু বিদ্যমানস্বতেজসৈব ভগবতী আবির্ভূতেতি তাৎপর্য্যম্। এবমায়ুধদানমপি বোধ্যম্] ॥১৯

অনন্তর সর্ব্ব দেবগণের তেজোরাশি-সম্ভূতা সেই দেবীকে দেখিয়া মহিষাসুর-নিপীড়িত দেবগণ হর্ষ প্রাপ্ত হইলেন ॥১৯

পিনাকধৃক্ (মহেশ্বরঃ) [স্বকীয়াৎ] শূলাৎ শূলং (শূলান্তরং) বিনিষ্কৃষ্য (নিঃসার্য্য) তস্যৈ [দেব্যৈ] দদৌ; কৃষ্ণঃ (বিষ্ণুঃ) স্বচক্রতঃ (স্বচক্রাৎ সুদর্শনাৎ) চক্রং [চকারাদ্গদামপি, বৈকৃতিকরহস্যে গদয়ৈব সহ অষ্টাদশায়ুধসংখ্যাপূর্ত্তিস্মরণাৎ] সমুৎপাদ্য (জনয়িত্বা) দত্তবান্। [এতেনাস্যা অস্ত্রাদীনাং দেবায়ুধসমুদ্ভবানাম্ অলৌকিকত্বম্ অদ্ভুতশক্তিত্বঞ্চ দর্শিতম্] ॥২০

মহাদেব শূল হইতে শূল নিষ্কাসিত করিয়া এবং কৃষ্ণ স্বীয় চক্র হইতে চক্র [ও গদা হইতে গদা] নিষ্কাসন করিয়া দেবীকে দান করিলেন [অর্থাৎ অস্ত্রগুলি দিব্য ও অদ্ভুতশক্তি] ॥২০

বরুণঃ শঙ্খঞ্চ (শঙ্খাদ্বিনিষ্কৃষ্যেত্যর্থঃ একমুত্তরত্রাপি) হুতাশনশ্চ (বহ্নিঃ) তস্যৈ শক্তিং (শল্যাখ্যম্ অস্ত্রবিশেষং) দদৌ; মারুতঃ (পবনঃ) চাপং (ধনুঃ) তথা বাণপূর্ণে (অক্ষয়বাণপূর্ণে) ইষুধী (তূণৌ) দত্তবান্ ॥ ২১

---

* সমুৎপাট্য ইতি কেচিৎ। † বাণপূর্ণৌ ইতি বা পাঠঃ।

বজ্রমিন্দ্রঃ সমুৎপাদ্য * কুলিশাদমরাধিপঃ।
দদৌ তস্মৈ সহস্রাক্ষো ঘণ্টামৈরাবতাদ্ গজাৎ॥ ২২
কালদণ্ডাদ্ যমো দণ্ডং পাশঞ্চাম্বুপতির্দদৌ।
প্রজাপতিশ্চাক্ষমালাং দদৌ ব্রহ্মা কমণ্ডলুম্॥ ২৩

বরুণ শঙ্খ হইতে শঙ্খ [এবং পাশ হইতে পাশ] নিষ্কাসন করিয়া তাঁহাকে দান করিলেন ; আর অগ্নি শক্তিনামক অস্ত্র এবং বায়ু ধনুঃ ও অক্ষয় বাণপূর্ণ তূণীরদ্বয় দিলেন॥ ২১

অমরাধিপঃ (দেবরাজঃ) সহস্রাক্ষঃ (সহস্রলোচনঃ) ইন্দ্রঃ কুলিশাৎ (স্ববজ্রাৎ) বজ্রং সমুৎপাদ্য (আরুষ্য) [তথা] ঐরাবতাৎ গজাৎ (দেবহস্তিনঃ সকাশাৎ) ঘণ্টাং চ (ঘণ্টায়া ঘণ্টামুৎপাদ্য) তস্যৈ দদৌ॥ ২২

দেবরাজ সহস্রাক্ষ ইন্দ্র স্বকীয় বজ্র হইতে বজ্র উৎপাদন করিয়া এবং ঐরাবত গজের [গলস্থিত] ঘণ্টা হইতে ঘণ্টা নিষ্কাসন করিয়া তাঁহাকে প্রদান করিলেন॥ ২২

যমঃ (অন্তকঃ) কালদণ্ডাৎ দণ্ডং (কালদণ্ডং) [সমুৎপাদ্য তস্যৈ দদৌ ইতি শেষঃ] অম্বুপতিঃ (জলাধিদেবঃ বরুণশ্চ) পাশং (পাশাখ্যমস্ত্রং) [পাশাদুৎপাদ্য] [তস্যৈ] দদৌ। প্রজাপতিঃ (প্রজানাং পতিঃ কমলাসনঃ ব্রহ্মা) অক্ষমালাং (জপমালাং) কমণ্ডলুং [অক্ষমালা-কমণ্ডলুভ্যামুৎপাদ্য] চ দদৌ [ব্রহ্মাক্ষমালাং কমণ্ডলুমিতি বামনপুরাণদর্শনাৎ]॥ ২৩

* সমুৎপাট্য ইতি বা পাঠঃ।

সমস্তরোমকূপেষু নিজরশ্মীন্ দিবাকরঃ।
কালশ্চ দত্তবান্ খড়্গং তস্যাশ্চর্ম্ম চ * নির্ম্মলম্ ॥২৪
ক্ষীরোদশ্চামলং হারমজরে চ তথাম্বরে।
চূড়ামণিং তথা দিব্যং কুণ্ডলে কটকানি চ ॥ ২৫

যম কাল-দণ্ড হইতে দণ্ড, জলাধিপতি বরুণ পাশ হইতে পাশ, আর প্রজাপতি ব্রহ্মা অক্ষমালা ও কমণ্ডলু হইতে অক্ষমালা ও কমণ্ডলু নিষ্কাসন করিয়া তাঁহাকে দিলেন ॥২৩

দিবাকরঃ (সূর্য্যঃ) [তস্যাঃ দেব্যাঃ] সমস্তরোমকূপেষু নিজরশ্মীন্ [স্বকিরণাদুৎপাদ্য] দদৌ ; কালঃ (নিমিষাদ্যভিমানিনী দেবতা) তস্যাঃ (তস্যৈ) খড়্গং (অসিং) নির্ম্মলং (স্বচ্ছং) চর্ম্ম চ (ফলকং) দত্তবান্ ॥২৪

দিবাকর দেবীর রোমকূপসমূহে রশ্মি হইতে রশ্মি উৎপাদন করিয়া এবং নিমিষাদি কালাভিমানিনী দেবতা এইরূপে খড়্গ ও নির্ম্মল চর্ম্ম (ঢাল) দান করিলেন ॥ ২৪

ক্ষীরোদশ্চ অমলং (নির্ম্মলং) হারং (মুক্তাহারং) অজরে (নিত্যনূতনে) অম্বরে (বস্ত্রে) [তথা] দিব্যং (অলৌকিকং) চূড়ামণিং (শিরোরত্নং) কুণ্ডলে (কর্ণাভরণে) কটকানি (বলয়ানি চ) শুভ্রং (নিষ্কলঙ্কং) অর্দ্ধচন্দ্রং

ক্ষীরোদ সমুদ্র তাঁহাকে নির্ম্মল হার, সদা নূতন বস্ত্রদ্বয়,

* 'তস্যৈ' ইতি সুগমঃ পাঠঃ।

অর্দ্ধচন্দ্রং তথা শুভ্রং * কেয়ূরান্ সর্ব্ববাহুষু ॥
নূপুরৌ বিমলৌ তদ্বদ্ গ্রৈবেয়কমনুত্তমম্ । ২৬
অঙ্গুরীয়ক-রত্নানি † সমস্তাস্বঙ্গুলীষু চ ॥
বিশ্বকর্ম্মা দদৌ তস্যৈ পরশুঞ্চাতিনির্ম্মলম্ । ২৭
অস্ত্রাণ্যনেকরূপাণি তথাভেদ্যঞ্চ দংশনম্ ॥

(তদাকার-ললাটভূষণবিশেষং) তথা সর্ব্ববাহুষু কেয়ূরান্ (অঙ্গদানি) বিমলৌ (স্ফুটকিরণৌ) নূপুরৌ (মঞ্জীরৌ) তদ্বৎ (পূর্ব্ববৎ বিমলমিত্যর্থঃ) অনুত্তমং (নাস্তি উত্তমং যস্মাৎ, সর্ব্বোৎকৃষ্টমিত্যর্থঃ) গ্রৈবেয়কং (গ্রীবাভরণং) সমস্তাসু অঙ্গুলীষু অঙ্গুরীয়করত্নানি (অঙ্গুলীয়কভূষণমুখ্যানি "জাতৌ জাতৌ যদুৎকৃষ্টং তদ্রত্নমভিধীয়তে" ইতি স্মরণাৎ) চ দদৌ ॥ [অঙ্গুলীয়করত্নদানান্তং ক্ষীরোদকর্তৃকমিতি কেচিৎ] ; [তথা] বিশ্বকর্ম্মা (দেবশিল্পী) তস্যৈ (দেব্যৈ) অতিনির্ম্মলং পরশুঞ্চ (কুঠারঞ্চ) অনেকরূপাণি অস্ত্রাণি তথা অভেদ্যং (ছেত্তুমশক্যং) দংশনং (কবচং) চ দদৌ (চূড়ামণ্যাদি কবচ-

দিব্য চূড়ামণি, কর্ণাভরণ, বলয়, নিষ্কলঙ্ক অর্দ্ধচন্দ্র (ললাটভূষণ), বাহুসমূহে কেয়ূর (বাজু), নির্ম্মল নূপুর, উৎকৃষ্ট গ্রীবাভরণ, আর অঙ্গুলিসমূহে উৎকৃষ্ট অঙ্গুরীয় প্রদান করিলেন। বিশ্বকর্ম্মা তাঁহাকে অতি নির্ম্মল কুঠার নানাবিধ অস্ত্র এবং অভেদ্য দংশন (বর্ম্ম) দিলেন ॥ জলসমুদ্র তাঁহাকে

* দিব্যমিতি বা পাঠঃ † অঙ্গুলীয়করত্নানীতি বা পাঠঃ।

অম্লানপঙ্কজাং মালাং শিরস্যুরসি চাপরাম্। ২৮
অদদজ্জলধিস্তস্যৈ পঙ্কজঞ্চাতিশোভনম্। *
হিমবান্ বাহনং সিংহং রত্নানি বিবিধানি চ। ২৯
দদাবশূন্যং সুরয়া পানপাত্রং ধনাধিপঃ॥
শেষশ্চ সর্ব্বনাগেশো মহামণিবিভূষিতম্। ৩০
নাগহারং দদৌ তস্যৈ ধত্তে যঃ পৃথিবীমিমাম্।

দানাস্তু বিশ্বকর্ম্মকর্ত্তৃত্বমিতি চ কেচিৎ মন্যন্তে]॥ জলধিঃ (জলসমুদ্রঃ) তস্যৈ [একাম্] অম্লানপঙ্কজাং অম্লানানি পঙ্কজানি যস্যাং তাদৃশী) মালাং শিরসি, অপরাঞ্চ [মালাং] উরসি (বক্ষসি) চ অদদৎ (অদদাৎ) [তথা] অতিশোভনং পঙ্কজং (লীলাকমলং) চ [অদদাৎ, অম্লানেত্যারভ্য পঙ্কজদানান্তং জলধিঃ কর্ত্তা]। হিমবান্ (হিমালয়গিরিঃ) বাহনং সিংহং; বিবিধানি রত্নানি চ [দদৌ]; ধনাধিপঃ (কুবেরঃ) সুরয়া (অমৃতেন) অশূন্যং (সদাপূর্ণং) পানপাত্রং দদৌ॥ যঃ ইমাং পৃথিবীং ধত্তে (ধারয়তি) [সঃ] সর্ব্বনাগেশঃ (সর্ব্বনাগাধিরাজঃ) শেষশ্চ (অনন্তশ্চ) তস্যৈ (দেব্যৈ) মহামণিবিভূষিতং নাগহারং দদৌ॥ অন্যৈঃ অপি সুরৈঃ

মস্তকে ও বক্ষোদেশে সদাপ্রফুল্ল একগাছি পদ্মমালা, আর হস্তে একটি পরমসুন্দর লীলাকমল দান করিলেন॥ হিমালয় তাঁহাকে বাহন সিংহ এবং বিবিধ রত্ন দান করিলেন; ধন-পতি কুবের সুধায় সদা-পূর্ণ পানপাত্র প্রদান করিলেন॥

* অদদাৎ ইতি সুগমঃ পাঠঃ।

অন্যৈরপি সুরৈর্দেবী ভূষণৈরায়ুধৈস্তথা। ৩১
সম্মানিতা ননাদোচ্চৈঃ সাট্টহাসং মুহুর্মুহুঃ॥
তস্যা নাদেন ঘোরেণ কৃৎস্নমাপূরিতং নভঃ। ৩২
অমায়তাতিমহতা প্রতিশব্দো মহানভূৎ॥

(দেবৈঃ) ভূষণৈঃ তথা আয়ুধৈঃ (অস্ত্রৈঃ) সম্মানিতা [সতী] সাট্টহাসং (মহাহাসসহিতং) মুহুর্মুহুঃ উচ্চৈঃ ননাদ (জগর্জ্জ চ)॥ [১] তস্যাঃ ঘোরেণ (ভীষণেন) অমায়তা (মায়তে অনয়েতি মা পরিমাণং তাং যতা গচ্ছতা মায়তা; ন মায়তা অমায়তা অমিতেনেত্যর্থঃ) অতিমহতা নাদেন গর্জ্জনেন কৃৎস্নং (সমস্তং) নভঃ (আকাশঃ ভুবর্লোক ইত্যর্থঃ) আপূরিতম্ (ব্যাপ্তং)

যিনি এই পৃথিবী ধারণ করিতেছেন, সেই নাগরাজ অনন্ত তাঁহাকে মহামণি ভূষিত নাগহার দিলেন॥ অন্যান্য দেবগণ-প্রদত্ত ভূষণ ও অস্ত্রে সম্মানিতা হইয়া তিনি অট্টহাস সহকারে বারংবার উচ্চৈঃস্বরে গর্জ্জন করিতে লাগিলেন॥ তাঁহার ঘোরতর অপরিমিত অতিমহৎ গর্জ্জনে সমগ্র নভোমণ্ডল পরিব্যাপ্ত হইল এবং মহান্ প্রতিধ্বনি উত্থিত হইল॥ সমুদয় লোক ক্ষুব্ধ হইল, সমুদ্র সকল কম্পিত হইয়া উঠিল, পৃথিবী

---

(১) অনেন প্রধানতঃ অষ্টাদশভুজাপি সহস্রভুজা চৈবা ইতি সূচিতম্। তথাচ—বৈকৃতিকরহস্যে "অষ্টাদশভুজা পূজ্যা সা সহস্রভুজা সতী।" অষ্টাদশভুজধার্য্যাণাং বিশেষোক্তেঃ সামান্যতঃ অন্যৈরপি দেবৈরায়ুধৈরিত্যুক্তেশ্চেতিভাবঃ। তত্রৈব "আয়ুধান্যত্র বক্ষ্যন্তে দক্ষিণাধঃকরক্রমাৎ॥ অক্ষমালা চ কমলং বাণোঽসিঃ কুলিশং গদা। চক্রং ত্রিশূলং পরশুঃ,

চুক্ষুভুঃ সকলা লোকাঃ সমুদ্রাশ্চ চকম্পিরে। ৩৩
চচাল বসুধা চেলুঃ সকলাশ্চ মহীধরাঃ॥

মহান্ প্রতিশব্দঃ (প্রতিধ্বনিঃ) অভূৎ॥ সকলাঃ লোকাঃ (ভুবনানি) চুক্ষুভুঃ (ক্ষোভমাপুঃ) সমুদ্রাশ্চ চকম্পিরে (কম্পমাপুঃ); বসুধা (ধরিত্রী) চচাল, সকলাঃ মহীধরাশ্চ (পর্ব্বতাশ্চ) চেলুঃ চকম্পিরে॥

টলমল করিতে লাগিল এবং ভূধরগণ কম্পিত হইল॥ দেবগণ হর্ষভরে সেই সিংহবাহিনীকে কহিলেন—"তুমি জয়লাভ

শঙ্খো ঘণ্টা চ পাশকঃ। শক্তি র্দণ্ড শ্চর্ম্ম চাপং পানপাত্রং কমণ্ডলুঃ। অলঙ্কৃত-ভুজামেভিরায়ুধৈঃ কমলাসনাম্। সর্ব্বদেবময়ীমীশাং মহালক্ষ্মী-মিমাং নৃপ। পূজয়ন্ সর্ব্বলোকানাং স দেবানাং প্রভুর্ভবেৎ॥" ইতি। এবং স্বরূপায়ুধৈরস্যা ব্রাহ্মীত্বং বৈষ্ণবীত্বং ত্রিগুণাত্মক সকলমূলভূতশক্তেরয়ং প্রাদুর্ভাবস্তৎসমান ইতি চ সূচিতম্। যদ্যপ্যত্র ব্রহ্মাদীনামিন্দ্রাদীনাঞ্চ শরীরান্নিষ্ক্রান্তস্তেজো দেবীবিগ্রহরূপেণ অভিব্যক্তমাসীৎ আয়ুধানিচ দেবৈঃ স্বস্ব-শূলাদিভ্যো বিনির্গময্য দত্তানি ইত্যেবোক্তম্, তথাপি দেবাশক্ত্যংশা এব তত্তদ্দেবপালনীয়ৈকদেশপালনশক্তিত্বেন যে দেব্যা নিবেশিতাস্ত এব মহিষবধেন সর্ব্বলোকরক্ষণায় পুনরেকীভূয় দেবীরূপং প্রাপ্তাঃ। এবং তদায়ুধান্ নিজশক্ত্যংশা অপীতি বোধ্যম্। লক্ষ্মীতন্ত্রেঽপি শক্রং প্রতি লক্ষ্মীবচনানি "মহালক্ষ্মীরহং শক্র পুনঃ স্বায়ম্ভুবেঽন্তরে। হিতায় সর্ব্ব-দেবানাং জাতা মহিষমর্দ্দিনী। মদীয়াঃ শক্তিলেশা যে তত্তদ্দেবশরীরগাঃ। ধৃতংময়া তৈঃ সম্ভূতৈ রূপং পরমশোভনম্। আয়ুধানি চ দেবানাং যানি যানি সুরেশ্বর। মচ্ছক্ত্যয়ন্তদাকারাণ্যাচ্ছধানি মমাভবন্নিতি স্মর্ত্তব্যম্॥

জয়েতি দেবাশ্চ মুদা তামূচুঃ সিংহবাহিনীম্। ৩৪*
তুষ্টুবুর্মুনয়শ্চৈনাং ভক্তিনম্রাত্মমূর্ত্তয়ঃ ॥
দৃষ্ট্বা সমস্তং সংক্ষুব্ধং ত্রৈলোক্যমমরারয়ঃ। ৩৫
সন্নদ্ধাখিলসৈন্যাস্তে সমুত্তস্থুরুদায়ুধাঃ।
আঃ কিমেতদিতি ক্রোধাদাভাষ্য মহিষাসুরঃ। ৩৬

দেবাঃ (ইন্দ্রাদ্যাঃ) মুদা (হর্ষেণ) তাং সিংহবাহিনীং বহতীতি বাহঃ সিংহ এব বাহঃ সিংহবাহঃ ততঃ প্রশংসায়াং মত্বর্থীয় ইন্) 'জয়' ইতি ঊচুঃ [যদ্বা 'জয়া' ইতি নাম চক্রুঃ] ; মুনয়শ্চ ভক্তিনম্রাত্মমূর্ত্তয়ঃ (ভক্ত্যা নম্রঃ আত্মা অন্তঃকরণং মূর্ত্তিঃ শরীরঞ্চ যেষাং তথা) [এতেন কায়িক-বাচিক-মানসিক-প্রণামযুক্তম্] ; [সন্তঃ] এনাং (দেবীং) তুষ্টুবুঃ ॥ সন্নদ্ধাখিলসৈন্যাঃ (সন্নদ্ধানি নিবদ্ধকবচানি যেষাং তাদৃশাঃ) তে (প্রসিদ্ধাঃ) অমরারয়ঃ (অসুরাঃ) সমস্তং ত্রৈলোক্যং সংক্ষুব্ধং (ব্যাকুলীভূতং) দৃষ্ট্বা উদায়ুধাঃ (উদ্যতাস্ত্রাঃ) (সন্তঃ) [যুদ্ধায়] সমুত্তস্থুঃ ॥ মহিষাসুরঃ ক্রোধাৎ "আঃ এতৎ

কর" [অথবা তাঁহাকে জয়া নাম দিলেন] এবং ভক্তিভরে চিত্ত ও দেহ আনত করিয়া মুনিগণ তাঁহার স্তব করিতে লাগিলেন ॥ [দেবীর সিংহনাদে] সমগ্র ত্রৈলোক্য সংক্ষুব্ধ হইয়াছে দেখিয়া, অসুর-সৈন্যগণ কবচ পরিধানপূর্ব্বক অস্ত্র-শস্ত্র লইয়া যুদ্ধার্থ সমুত্থিত হইল ॥ মহিষাসুর ক্রোধভরে "আঃ

---

* জয়েতি চ মুদা দেবাস্তামূচুঃ সিংহবাহনাম্ ইতি কচিৎ।

অভ্যধাবত তং শব্দমশেষৈরসুরৈর্বৃতঃ ॥

স দদর্শ ততো দেবীং ব্যাপ্তলোকত্রয়াং ত্বিষা। ৩৭

পাদাক্রান্ত্যানতভুবং কিরীটোল্লিখিতাম্বরাম্ ॥

ক্ষোভিতাশেষপাতালাং ধনুর্জ্যা-নিঃস্বনেন তাম্ ॥৩৮

দিশো ভুজসহস্রেণ সমন্তাদ্ ব্যাপ্য সংস্থিতাম্ ॥*

কিম্?" ইতি আভাষ্য (উক্ত্বা) অশেষৈঃ (অসংখ্যাতৈঃ) অসুরৈঃ বৃতঃ (বেষ্টিতঃ) [সন্] তং শব্দম্ অভ্যধাবত (অভিযযৌ) [দূতপ্রেরণাদিরূপাং সমরনীতিমনাদৃত্য আদাবেব দম্ভবশাৎ যুদ্ধে প্রবর্ত্তনাৎ রূপেণাপি তমোময়ত্বাচ্চ মহিষাসুরস্য তমোময়ত্বমনেন সূচিতম্; রজঃসত্ত্বাধিকায়া দেব্যাশ্চ তদ্বৈপরীত্যমুক্তম্]। ততঃ সঃ (মহিষঃ) ত্বিষা (কান্ত্যা) ব্যাপ্তলোকত্রয়াং পাদাক্রান্ত্যা (পাদয়োরাক্রমণেন) নতভুবং (নম্রীভূতবসুন্ধরাং) কিরীটোল্লিখিতাম্বরাং (কিরীটেন উল্লিখিতং স্পৃষ্টম্ অম্বরমাকাশং যয়া তাদৃশীং) ধনুর্জ্যানিঃস্বনেন (চাপারূঢমৌর্বীশব্দেন) ক্ষোভিতাশেষপাতালাং। কম্পিত-

---

একি?" এই বলিয়া অসংখ্য অসুরসৈন্যে বেষ্টিত হইয়া সেই শব্দাভিমুখে ধাবিত হইল॥ সে দেখিল, দেবীর কান্তিতে ত্রিভুবন উজ্জ্বলীকৃত হইয়াছে, পদভরে ধরা অবনত হইয়া পড়িয়াছে, কিরীট গগনস্পর্শ করিয়াছে, ধনুষ্টঙ্কার শব্দে সমস্ত

* অতঃপরম্—অষ্টাশীতিসহস্রেণ সখীভিঃ পরিবারিতাম্ ইত্যর্দ্ধং ক্বচিৎ।

ততঃ প্রববৃতে যুদ্ধং তয়া দেব্যা সুরদ্বিষাম্। ৩৯

শস্ত্রাস্ত্রৈ* র্বহুধামুক্তৈরাদীপিতদিগন্তরম্ ॥

মহিষাসুরসেনানীশ্চিক্ষুরাখ্যো মহাসুরঃ। ৪০

যুযুধে চামরশ্চান্যৈশ্চতুরঙ্গবলান্বিতঃ ॥ ‡

সকলরসাতলাম্) ভুজসহস্রেণ সমন্তাৎ (সর্ব্বতঃ) দিশঃ ব্যাপ্য সংস্থিতাং তাং দেবীং দদর্শ॥ ততঃ তয়া দেব্যা [সহ] সুরদ্বিষাং (অসুরাণাং) বহুধামুক্তৈঃ (বহুশঃ ক্ষিপ্তৈঃ) শস্ত্রাস্ত্রৈঃ (শস্ত্রৈঃ অক্ষেপৈঃ খড়্গাদিভিঃ করস্থৈঃ, অস্ত্রৈঃ ক্ষেপৈঃ শরাদিভিঃ অথবা শস্ত্রং কেবলম্; মন্ত্রযুক্তং যৎ তদস্ত্রম্) আদীপিতদিগন্তরং (আ সমন্তাৎ দীপিতং দ্যোতিতং দিশামন্তরং মধ্যমান্তরালং যত্র তৎ) যুদ্ধং প্রববৃতে (প্রবৃত্তম্)॥ মহিষাসুর সেনানীঃ (মহিষাসুরস্য সেনাধিনাথঃ) চিক্ষুরাখ্যঃ (চিক্ষুরনামা) মহাসুরঃ [তথা] চামরশ্চ (চামরনামাসুরশ্চ) চতুরঙ্গবলান্বিতঃ (হস্ত্যশ্বরথপদাতিভিঃ

রসাতল সংক্ষুব্ধ হইয়াছে এবং ভুজসহস্রে দিঙ্মণ্ডল পরিব্যাপ্ত হইয়াছে ॥ অনন্তর সেই দেবীর সহিত অসুরগণের যুদ্ধারম্ভ হইল; নানাভাবে বিক্ষিপ্ত অস্ত্রশস্ত্রে দিগন্তর প্রদীপ্ত হইয়া উঠিল। [হস্তী অশ্ব রথ ও পদাতি সমন্বিত] চতুরঙ্গ সেনাসহ মহিষাসুরের সর্ব্বসেনাধ্যক্ষ মহাসুর চিক্ষুর এবং চামর অন্যান্য

---

* শাস্ত্রাস্ত্রৈরিতি পাঠঃ। আয়ুধশাস্ত্রে যানি যান্যুক্তানি অস্ত্রাণি তৈঃ।

‡ যুযুধে চামরশ্চান্যঃ ইতি ক্বচিৎ।

রথানাময়ুতৈঃ ষড়্‌ভিরুদগ্রাখ্যো মহাসুরঃ। ৪১

অযুধ্যতাযুতানাঞ্চ সহস্রেণ মহাহনুঃ ॥

পঞ্চাশদ্‌ভিশ্চ নিযুতৈরসিলোমা মহাসুরঃ। ৪২

অযুতানাং শতৈঃ ষড়্‌ভির্বাস্কলো যুযুধে রণে ॥

গজবাজিসহস্রৌঘৈরনেকৈঃ পরিবারিতঃ। ৪৩*

অঙ্গৈরন্বিত.) [সন্] অন্যৈঃ [প্রধানদৈত্যৈঃ] অন্বিতঃ] যুযুধে ॥ উদগ্রাখ্য। (উদগ্রনামা) মহাসুর রথানাং ষড়্‌ভিঃ অযুতৈঃ (ষষ্টিসহস্রৈ) [অন্বিতঃ] [অযুধ্যত] ॥ মহাহনুঃ [রথানাম্] অযুতানাং সহস্রেণ (রথকোট্যা) [অন্বিতঃ] অযুধ্যত ॥ মহাসুরঃ অসিলোমা [রথানাং] পঞ্চাশদ্‌ভিঃ নিযুতৈঃ (পঞ্চকোটিভিঃ) [সহ মিলিত্বা] [যুযুধে], বাস্কলঃ [রথানাম] অযুতানাং ষড়্‌ভিঃ শতৈঃ (ষষ্টিলক্ষৈঃ) [অন্বিতঃ] রণে যুযুধে ॥ পরিবারিতঃ

অসুরগণসহ মিলিত হইয়া যুদ্ধে প্রবৃত্ত হইল। উদগ্র নামক মহাসুর ষষ্টিসহস্র রথ এবং মহাহনু নামক অসুর কোটি রথ লইয়া যুদ্ধ করিতে লাগিল॥ মহাসুর অসিলোমা কোটি রথসহ এবং বাস্কল ষষ্টিলক্ষ রথসহ যুদ্ধে প্রবৃত্ত হইল॥ পরিবারিতনামা অসুর সহস্র সহস্র হস্তী অশ্ব এবং কোটি

* গজবাজিসহস্রৌঘৈরনেকৈরুগ্রদর্শনঃ ইতি বা পাঠঃ। ততশ্চ "উগ্রশ্চাত্যুগ্রবীর্য্যশ্চ ত্রিনেত্রশ্চ মহাবলঃ।" ইত্যধিকং কেচিৎ।

বৃতো রথানাং কোট্যা চ যুদ্ধে তস্মিন্নযুধ্যত ॥
বিড়ালাক্ষো* ঽযুতানাঞ্চ পঞ্চাশদ্ভিরথাযুতৈঃ। ৪৪
যুযুধে সংযুগে তত্র রথানাং পরিবারিতঃ ॥
অন্যে চ তত্রাযুতশো রথনাগহয়ৈর্বৃতাঃ। ৪৫ †
যুযুধুঃ সংযুগে দেব্যা সহ তত্র মহাসুরাঃ ॥

(তন্নামা অসুরঃ) অনেকৈঃ (অসংখ্যৈঃ) গজবাজিসহস্রৌঘৈঃ (গজবাজিসহস্রবৃন্দৈঃ) রথানাং কোট্যা চ বৃতঃ (বেষ্টিতঃ) তস্মিন্ যুদ্ধে অযুধ্যত ॥ অথ বিড়ালাক্ষঃ [পদাতীনাম্] অযুতানাং পঞ্চাশদ্ভিঃ [তথা] রথানাম্ অযুতৈঃ পরিবারিতঃ (পরিবৃতঃ সন্) তত্র সংযুগে (যুদ্ধে) যুযুধে ॥ তত্র (তেষু) অন্যে চ মহাসুরাঃ অযুতশঃ (অযুতৈরযুতৈঃ) রথনাগহয়ৈঃ (রথহস্তিতুরগৈঃ) বৃতাঃ [বেষ্টিতাঃ সন্তঃ] তত্র (তস্মিন্) সংযুগে (যুদ্ধে)

রথে পরিবৃত হইয়া যুদ্ধ করিতে লাগিল।। বিড়ালাক্ষ পঞ্চাশৎ অযুত পদাতি এবং দশসহস্র রথে পরিবৃত হইয়া সেই রণক্ষেত্রে যুদ্ধ করিয়াছিল ।। অন্যান্য অসংখ্য মহাসুর রথসহ হস্তী ও অশ্বগণে বেষ্টিত হইয়া তথায় যুদ্ধে প্রবৃত্ত হইল। সেই যুদ্ধে মহিষাসুর কোটি কোটি সহস্র রথে, গজে

---

* বিড়ালাখ্য ইতি বিড়ালাখ্যো মহাদৈত্যঃ ইত্যাদি চ কেচিৎ।

† ইতঃপূর্ব্বং—বৃতঃ কালো রথানাঞ্চ রণে পঞ্চশতাযুতৈঃ।
যুযুধে সংযুগে তত্র তাবদ্ভিঃ পরিবারিতঃ ॥ ক্বচিৎ শ্লোকোঽয়ং দৃশ্যতে

কোটিকোটিসহস্রৈস্তু রথানাং দন্তিনাং তথা। ৪৬
হয়ানাঞ্চ বৃতো যুদ্ধে তত্রাভূন্মহিষাসুরঃ॥
তোমরৈর্ভিন্দিপালৈশ্চ শক্তিভির্মুসলৈস্তথা। ৪৭
যুযুধুঃ সংযুগে দেব্যা খড়্গৈঃ পরশু-পট্টিশৈঃ॥
কেচিচ্চ চিক্ষিপুঃ* শক্তীঃ কেচিৎ পাশাংস্তথাপরে।৪৮

দেব্যা সহ যুযুধুঃ (যুযুধিরে)। তত্র যুদ্ধে মহিষাসুরঃ রথানাং তথা দন্তিনাং হয়ানাঞ্চ [প্রত্যেকং] কোটিকোটি-সহস্রৈঃ বৃতঃ (বেষ্টিতঃ) [যোদ্ধুম্ অবস্থিতঃ] অভূৎ॥ [সর্বেঽপি চিক্ষুরাদ্যাঃ তে] তোমরৈঃ (সর্বলাদিভিঃ) ভিন্দিপালৈঃ (হস্তক্ষেপ্যলগুড়বিশেষৈঃ) মুসলৈঃ (লৌহাগ্রদণ্ডৈঃ) শক্তিভিঃ (শল্যৈঃ) তথা খড়্গৈঃ (অসিভিঃ) পরশুপট্টিশৈঃ (পরশুভিঃ কুঠারবিশেষৈঃ সহিতাঃ পট্টিশাঃ বিস্তীর্ণখড়্গাবিশেষাঃ তৈঃ) সংযুগে দেব্যা [সহ] যুযুধুঃ॥ [দেবীং হন্তুং] কেচিৎ [অসুরাঃ] শক্তীঃ, কেচিচ্চ পাশান্ চিক্ষিপুঃ;

এবং ঘোটকে বেষ্টিত হইয়া অবস্থান করিতেছিল। তাহারা সকলে তোমর (সাবল), ভিন্দিপাল (হস্তক্ষেপ্য ক্ষুদ্রাকার মুদ্গর), শক্তি, মুসল (লৌহাগ্র জয়দণ্ড), খড়্গ, পরশু ও পট্টিশ (খড়্গবিশেষ) দ্বারা দেবীর সহিত যুদ্ধ করিয়াছিল॥ কেহ বা শল্য, কেহ বা পাশ নিক্ষেপ করিল, কেহ কেহ বা খড়্গ

* কেচিচ্চাচিক্ষিপুরিতি বা পাঠঃ।

দেবীং খড়্গপ্রহারৈস্তু তে তাং হন্তুং প্রচক্রমুঃ ॥
সাঽপি দেবী ততস্তানি শস্ত্রাণ্যস্ত্রাণি চণ্ডিকা ।৪৯
লীলয়ৈব প্রচিচ্ছেদ নিজশস্ত্রাস্ত্রবর্ষিণী ॥
অনায়স্তাননা দেবী স্তূয়মানা সুরর্ষিভিঃ । ৫০
মুমোচাসুরদেহেষু শস্ত্রাণ্যস্ত্রাণি চেশ্বরী ॥*

তথা অপরে তে (প্রসিদ্ধাঃ) খড়্গপ্রহারৈঃ তাং দেবীং হন্তুং প্রচক্রমুঃ ॥ ততঃ নিজশস্ত্রাস্ত্রবর্ষিণী সাপি চণ্ডিকা (ক্রোধবতী) দেবী তানি শস্ত্রাণি (খড়্গাদীনি) অস্ত্রাণি (বাণাদীনি) চ লীলয়া (অনায়াসেন) এব প্রচিচ্ছেদ (খণ্ডয়ামাস) ॥ অনায়স্তাননা (অনায়স্তম্ আয়াসজন্যবিকারম-প্রাপ্তম্ অম্লানমিতি যাবৎ আননং যস্যাঃ সা অম্লানবদনা) ঈশ্বরী (বিশ্ব-ব্যাপিকা) দেবী সুরর্ষিভিঃ (সুরাশ্চ ঋষয়শ্চ তৈঃ যদ্বা নারদাদিভিঃ

প্রহারে দেবীকে বধ করিবার চেষ্টা করিতে লাগিল ॥ অনন্তর নিজ শস্ত্র ও অস্ত্রবর্ষণকারিণী সেই দেবী চণ্ডিকাও অসুরগণ-নিক্ষিপ্ত সেই সকল অস্ত্র শস্ত্র অনায়াসেই ছেদন করিলেন ॥ দেবগণ ও ঋষিগণ কর্তৃক (অথবা দেবর্ষিগণ কর্তৃক) স্তূয়মানা অম্লানবদনা (প্রফুল্লময়ী) সর্ব্বশক্তিময়ী দেবী অসুর দেহে খড়্গবাণাদি অস্ত্র-শস্ত্র নিক্ষেপ করিতে লাগিলেন ॥ দেবীর

---

* 'শস্ত্রাণ্যস্ত্রাণি চাম্বিকা' 'ইতি' 'শস্ত্রাণ্যস্ত্রাণি চণ্ডিকা' ইতি চ পাঠৌ।

সোঽপি ক্রুদ্ধো ধুতসটো দেব্যা বাহনকেশরী। ৫১
চচারাসুরসৈন্যেষু বনেষ্বিব হুতাশনঃ॥
নিঃশ্বাসান্ মুমুচে যাংশ্চ যুধ্যমানা রণেঽম্বিকা। ৫২
ত এব সদ্যঃ সম্ভূতা গণাঃ শতসহস্রশঃ॥
যুযুধুস্তে পরশুভির্ভিন্দিপালাসিপট্টিশৈঃ। ৫৩
নাশয়ন্তোঽসুরগণান্ দেবীশক্ত্যুপবৃংহিতাঃ॥*

দেবর্ষিভিঃ) স্তূয়মানা [সতী] অসুরদেহেষু শস্ত্রাণি (খড়্গাদীনি) অস্ত্রাণি চ (বাণাদীনি) মুমোচ॥ সোঽপি দেব্যাঃ বাহনকেশরী (বাহনীভূত-সিংহঃ) ক্রুদ্ধঃ [অতএব] ধুতসটঃ (কম্পিতকেশরঃ) [সন্] বনে হুতাশন ইব অসুরসৈন্যেষু চচার। রণে যুধ্যমানা অম্বিকা যান্ নিঃশ্বাসান্ মুমুচে তে এব (তাবন্ত এব নিঃশ্বাসাঃ) [প্রত্যেকং] সদ্যঃ (তৎক্ষণমেব) শতসহস্রশঃ গণাঃ (প্রমথাঃ)

বাহন সেই সিংহও কেশর কম্পিত করিয়া বনমধ্যে দাবাগ্নির ন্যায় অসুর-সৈন্যমধ্যে বিচরণ করিতে লাগিল॥ রণস্থলে যুদ্ধ করিতে করিতে অম্বিকা যে নিঃশ্বাস ত্যাগ করিয়াছিলেন, সেই প্রত্যেক নিঃশ্বাস তৎক্ষণাৎ শতসহস্র প্রমথ সৈন্যরূপে

---

* দেবীশক্ত্যুপবৃংহিতান্ ইতি বা পাঠঃ।
দেবীসামর্থ্যপ্রভাবাৎ ক্ষীণান্ অসুরান্ ইত্যর্থঃ, পাঠেঽস্মিংস্তু গণানাং শৌর্য্যাপকর্ষোঽনুসন্ধেয়ঃ।

অবাদয়ন্ত* পটহান্ গণাঃ শঙ্খাংস্তথাপরে। ৫৪
মৃদঙ্গাংশ্চ তথৈবান্যে তস্মিন্ যুদ্ধমহোৎসবে ॥
ততো দেবী ত্রিশূলেন গদয়া শক্তিবৃষ্টিভিঃ। ৫৫
খড়্গাদিভিশ্চ শতশো নিজঘান মহাসুরান্ ॥

সম্ভূতাঃ ॥ তেঃ (গণাঃ) দেবীশক্ত্যুপবৃংহিতাঃ (দেব্যাঃ শক্ত্যা সামর্থ্যেন উপবৃংহিতাঃ উপচিতসামর্থ্যাঃ) [সন্তঃ] পরশুভিঃ ভিন্দিপালাসিপট্টিশৈঃ (ভিন্দিপালৈঃ সহিতাঃ অসয়ঃ খড়্গাঃ তৈঃ সহিতাঃ পট্টিশাঃ তৈঃ) অসুরগণান্ নাশয়ন্তঃ যুযুধুঃ (যুযুধিরে) ॥ তস্মিন্ যুদ্ধমহোৎসবে যুদ্ধমেব মহোৎসবস্তস্মিন্ বাদ্যাণাং গণানাং হৃদাবহত্বাৎ) [কেচিৎ] গণাঃ পটহান্, অপরে শঙ্খান্ তথৈব অন্যে মৃদঙ্গান্ অবাদয়ন্ত। ততঃ দেবী ত্রিশূলেন গদয়া শক্তিবৃষ্টিভিঃ খড়্গাদিভিশ্চ শতশঃ (শতৈঃ শতৈঃ) মহাসুরান্ নিজঘান ॥ ঘণ্টাস্বন-

---

পরিণত হইয়াছিল। তাহারা দেবীর শক্তিতে বর্দ্ধিতসামর্থ্য হইয়া যুদ্ধক্ষেত্রে পরশু, ভিন্দিপাল, খড়্গ ও পট্টিশ দ্বারা অসুরগণকে বধ করিতে লাগিল ॥ সেই যুদ্ধরূপ মহোৎসবে প্রমথ সৈন্যের মধ্যে কেহ পটহ, কেহ শঙ্খ, কেহ বা মৃদঙ্গ বাজাইতে লাগিল ॥ অনন্তর দেবী ত্রিশূল, গদা ও শক্তিবৃষ্টি দ্বারা এবং খড়্গাদি দ্বারা শত শত মহাসুরকে বধ করিলেন ॥ কোন অসুরকে ঘণ্টার শব্দে বিমোহিত করিয়া ভূমিতে

* অবাদয়ন্তঃ ইতি আবাদয়ন্তঃ ইতি চ ক্বচিৎ।

পাতয়ামাস চৈবান্যান্ ঘণ্টাস্বনবিমোহিতান্ ।৫৬
অসুরান্ ভুবি পাশেন বদ্ধ্বা চান্যানকর্ষয়ৎ ॥*
কেচিদ্দ্বিধাকৃতাস্তীক্ষ্ণৈঃ খড়্গপাতৈস্তথাপরে ।৫৭
বিপোথিতা † নিপাতেন গদয়া ভুবি শেরতে ॥
বেমুশ্চ কেচিদ্রুধিরং মুসলেন ভৃশং হতাঃ ।৫৮

বিমোহিতান্ (ঘণ্টানির্ঘোষমূর্চ্ছিতান্) [কৃত্বা] অন্যান্ [কাংশ্চিৎ) অসুরান্ পাতয়ামাস ; অন্যান্ [কাংশ্চিৎ] পাশেন বদ্ধ্বা ভুবি অকর্ষয়ৎ (আকৃষ্টবতী) কেচিৎ তীক্ষ্ণৈঃ খড়্গপাতৈঃ (খড়্গধারাভিঃ) দ্বিধাকৃতাঃ, তথা অপরে গদয়া বিপোথিতাঃ (আমর্দ্দিতাঃ) [সন্তঃ] নিপাতেন (নিপতনেন) ভুবি (ধরণ্যাং) শেরতে [স্ম]। কেচিৎ মুসলেন ভৃশং (অত্যর্থং) হতাঃ (তাড়িতাঃ সন্তঃ) রুধিরং বেমুঃ (ববমুঃ ; উজ্জগরুঃ)। কেচিৎ

মুক্তানি তেন চাস্ত্রাণি দিব্যানি পরমেশ্বরী।
বভঞ্জ লীলয়ৈবোগ্রহুঙ্কারোচ্চারণাদিভিঃ ॥* ১৩

ততঃ শরশতৈর্দেবীমাচ্ছাদয়ত সোঽসুরঃ।
সাপি তৎ কুপিতা দেবী ধনুশ্চিচ্ছেদ চেষুভিঃ ॥১৪

তৎপ্রতীঘাতকর্ত্তৃভিঃ (তেষাম্ অম্বিকাপ্রযুক্ত-দিব্যাস্ত্রাণাং প্রতীঘাতঃ নিরাকরণং তৎকারিভিঃ) [প্রত্যস্ত্রৈঃ] তানি বভঞ্জ (নিরস্তবান্) ॥ ১২

অম্বিকা যে সকল দিব্যাস্ত্র নিক্ষেপ করিলেন, শুম্ভও তৎসমূহের বৈফল্য-সাধক অস্ত্রে তৎসমুদয় ব্যর্থ করিল ॥ ১২

পরমেশ্বরী তেন (শুম্ভেন) মুক্তানি দিব্যানি (অলৌকিকানি) অস্ত্রাণি উগ্রহুঙ্কারোচ্চারণাদিভিঃ (উগ্রঞ্চ তৎ হুঙ্কারোচ্চারণঞ্চ তদাদিভূতং যেষামস্ত্রাণাং তৈঃ) লীলয়া (অনায়াসেন) এব বভঞ্জ ॥ ১৩

পরমেশ্বরী উগ্র হুঙ্কারোচ্চারণাদি-পূর্ব্বক অস্ত্রসমূহদ্বারা শুম্ভনিক্ষিপ্ত দিব্যাস্ত্র সকল অনায়াসেই চূর্ণ করিলেন ॥ ১৩

সঃ অসুরঃ শরশতৈঃ (অসংখ্যৈর্বাণৈঃ) দেবীম্ আচ্ছাদয়ত; ততঃ (তস্মাৎ শরশতৈরাচ্ছাদনাৎ) সা দেবী চ অপি কুপিতা [ক্রুদ্ধা] ইষুভিঃ (বাণৈঃ) তৎ (তদিত্যব্যয়ং তস্যেত্যর্থঃ) ধনুঃ চিচ্ছেদ ॥১৪

শুম্ভ শত শত শরে দেবীকে আচ্ছাদন করিল; তাহাতে ক্রুদ্ধা হইয়া দেবী বাণ-বর্ষণে তদীয় ধনুঃ ছেদন করিলেন ॥১৪

* 'উগ্রম্' ইতি বা পাঠঃ—তত্র ক্রিয়াবিশেষণমেতৎ।

ছিন্নে ধনুষি দৈত্যেন্দ্রস্তথা শক্তিমথাদদে।*
চিচ্ছেদ দেবী চক্রেণ তামপ্যস্য করস্থিতাম ॥† ১৫
ততঃ খড়্গমুপাদায় শতচন্দ্রঞ্চ ভানুমৎ।
অভ্যধাবৎ তদা দেবীং দৈত্যানামধিপেশ্বরঃ ॥‡ ১৬

অথ (অনন্তরং) তথা (তেন প্রকারেণ , ধনুষি ছিন্নে (খণ্ডিতে) [সতি] দৈত্যেন্দ্রঃ (দৈত্যরাজঃ শুম্ভঃ) শক্তিম্ আদদে (জগ্রাহ); দেবী (কৌশিকী) অস্য (শুম্ভস্য) করস্থিতাং তামপি (শক্তিং) [নিক্ষেপাৎ প্রাগেব] চক্রেণ চিচ্ছেদ ॥ ১৫

এইরূপে ধনু ছিন্ন হইলে দৈত্যরাজ শক্তি গ্রহণ করিল। দেবী তাহার হস্তে থাকিতে থাকিতেই (নিক্ষেপ করিবার পূর্ব্বেই) সেই শক্তিও চক্রদ্বারা ছেদন করিলেন॥ ১৫

ততঃ দৈত্যানাম্ অধিপেশ্বরঃ (দৈত্যপতীনামপি পতিঃ) [শুম্ভঃ] খড়্গং (অসিং) ভানুমৎ (কিরণশালি) শতচন্দ্রঞ্চ (শতং চন্দ্রঃ চন্দ্রাকারা মণিময়াশ্চন্দ্রকা যত্র তৎ কৃত্রিমচন্দ্রকশতান্বিতং ফলকঞ্চ) উপাদায় (গৃহীত্বা) তদা তাং দেবীম্ [হন্তুম্] অভ্যধাবৎ ॥ ১৬

অনন্তর দৈত্যরাজাধিরাজ শুম্ভ খড়্গ এবং অতি প্রভা-শালী শত-চন্দ্রক-সমন্বিত ফলক গ্রহণ করিয়া তৎক্ষণাৎ দেবীকে বধ করিবার উদ্দেশে ধাবিত হইল ॥ ১৬

---

* 'শক্তিং সমাদদে' ইতি বা পাঠঃ। † 'করে স্থিতাম্' ইতি চ ক্বচিৎ।
‡ 'অভ্যধাবত তাং দেবীম্' ইতি কেচিৎ।

তস্যাপতত এবাশু খড়্গং চিচ্ছেদ চণ্ডিকা।
ধনুর্ম্মুক্তৈঃ শিতৈর্বাণৈশ্চর্ম্ম চার্ককরামলম্ ॥* ১৭
হতাশ্বঃ স তদা দৈত্যশ্ছিন্নধন্বা বিসারথিঃ।‡
জগ্রাহ মুদ্গরং ঘোরমম্বিকানিধনোদ্যতঃ ॥১৮

চণ্ডিকা আশু (তৎক্ষণ মব) ধনুর্ম্মুক্তৈঃ (চাপান্নির্গতৈঃ) শিতৈঃ (তীক্ষ্ণৈঃ) বাণৈঃ আপাততঃ (আগচ্ছতঃ) এব তস্য (দৈত্যরাজাধীশ্বরস্য) অর্ককরামলং (সূর্য্যাংশুবৎ নির্ম্মলমুজ্জ্বলং) খড়্গং চর্ম্ম চ (ফলকঞ্চ) [চকারাৎ অশ্বসারথ্যোরপি সমুচ্চয়ঃ] চিচ্ছেদ ॥ ১৭

সে আসিতেছে এমন সময়ে চণ্ডিকা সূর্য্যকিরণবৎ নির্ম্মল তদীয় খড়্গ ও চর্ম্ম (ঢাল) [এবং অশ্ব ও সারথি] ধনুঃক্ষিপ্ত শাণিত বাণদ্বারা তৎক্ষণাৎ ছেদন করিলেন ॥ ১৭

তদা (তস্মিন্নেবাবসরে) হতাশ্বঃ (নষ্টরথাশ্বঃ) ছিন্নধন্বা (ভগ্নশরাসনঃ) বিসারথিঃ (বিনষ্টসারথিঃ) [এতেন শুম্ভস্য পদাতিত্বমবগম্যতে] সঃ দৈত্যঃ (শুম্ভঃ) অম্বিকানিধনোদ্যতঃ (অম্বিকাবধেহভিলাবুকঃ) [অম্বিকায়াঃ সকাশাৎ নিধনং তত্র উদ্যতঃ উদযুক্ত ইতি ধ্বনিঃ] [সন্] ঘোরং (লোকভয়ঙ্করমিত্যর্থঃ) মুদ্গরং জগ্রাহ ॥ ১৮

ইত্যবসরে অশ্বহীন, ভগ্নধনুঃ, সারথিহীন সেই দৈত্য (শুম্ভ) অম্বিকাবধোদ্যত হইয়া ভয়ঙ্কর মুদ্গার গ্রহণ করিল ॥ ১৮

---

* 'অশ্বাংশ্চ পাতয়ামাস রথং সারথিনা সহ'—ইত্যধিকং কচিদ্দৃশ্যতে।

‡ 'হতাসিঃ স তদা দৈত্যঃ' ইতি পাঠো ন সাধুসম্মতঃ।

চিচ্ছেদাপততস্তস্য মুদ্গরং নিশিতৈঃ শরৈঃ।
তথাপি সোঽভ্যধাবৎ তাং মুষ্টিমুদ্যম্য বেগবান্ ॥১৯
স মুষ্টিং পাতয়ামাস হৃদয়ে দৈত্যপুঙ্গবঃ।
দেব্যাস্তঞ্চাপি সা দেবী তলেনোরস্যতাড়য়ৎ ॥২০
তলপ্রহারাভিহতো নিপপাত মহীতলে।
স দৈত্যরাজঃ সহসা পুনরেব তথোত্থিতঃ ॥২১

চণ্ডিকা আপাততঃ (আগচ্ছতঃ) তস্য (শুম্ভস্য) মুদ্গরং নিশিতৈঃ (তীক্ষ্ণৈঃ) শরৈঃ চিচ্ছেদ; তথাপি (ভগ্নমুদ্গরোঽপি) স মুষ্টিম্ উদ্যম্য (প্রহারাভিমুখং কৃত্বা) বেগবান্ [সন] তাম্ অভ্যধাবৎ ॥ ১৯

শুম্ভ মুদ্গর-হস্তে আগমন করিতেছে, এমন সময় চণ্ডিকা তীক্ষ্ণ বাণসমূহে তাহার মুদ্গর ছেদন করিলেন; তথাপি সে মুষ্টি উদ্যত করিয়া সবেগে তাঁহার প্রতি ধাবিত হইল ॥ ১৯

সঃ দৈত্যপুঙ্গবঃ (দৈত্যশ্রেষ্ঠঃ শুম্ভঃ) দেব্যাঃ হৃদয়ে মুষ্টিং (বদ্ধাঙ্গুলি-গ্রন্থিং) পাতয়ামাস (প্রযুক্তবান্) সা দেবী চ কৌশিকী তমপি (অসুরপতিং) তলেন (চপেটতলেন) উরসি (বক্ষসি) অতাড়য়ৎ ॥ ২০

সেই দৈত্যরাজ দেবীর হৃদয়ে মুষ্টি প্রহার করিল; দেবীও তাহার বক্ষঃস্থলে চপেটাঘাত করিলেন ॥ ২০

তলপ্রহারাভিহতঃ (দেবীকৃতেন চপেটাঘাতেন অভিহতঃ বক্ষসি তাড়িতঃ) [সন্] সঃ দৈত্যরাজঃ (শুম্ভঃ) মহীতলে (ভূপৃষ্ঠে) নিপপাত;

উৎপত্য চ প্রগৃহ্যোচ্চৈর্দেবীং গগনমাস্থিতঃ।
তত্রাপি সা নিরাধারা যুযুধে তেন চণ্ডিকা ॥২২

নিযুদ্ধং খে তদা দৈত্যশ্চণ্ডিকা চ পরস্পরম্।
চক্রতুঃ প্রথমং সিদ্ধমুনিবিস্ময়কারকম্ ॥* ২৩

তথা [দৈত্যপতিঃ] সহসা (বেগেন অংকর্ষ্যেণ বলেন চ) পুনরেব (নিপতনাৎ প্রাগিব ইত্যর্থঃ) উত্থিতঃ (অতর্কিতম্ উদস্থাৎ) ॥ ২১

তল-প্রহারে (মুষ্ট্যাঘাতে) আহত দৈত্যরাজ ভূতলে নিপতিত এবং তৎক্ষণাৎ মহাবেগে পুনরুত্থিত হইল ॥ ২১

[ভূতলাৎ] উৎপত্য (উড্ডীয়) [শুম্ভঃ] দেবীং প্রগৃহ্য (গৃহীত্বা) চ উচ্চৈঃ গগনম্ আস্থিতঃ (আশ্রিতবান্); তত্রাপি (গগনেঽপি) সা (চণ্ডিকা) নিরাধারা (নিরধিকরণা) [সর্বধারতয়া দেব্যা আধারা ভাবঃ সুধীভিরবগন্তব্যঃ] [সতী] তেন (শুম্ভেন) [সহ] যুযুধে ॥ ২২

শুম্ভ উঠিয়াই দেবীকে লইয়া শূন্যে উঠিল; চণ্ডিকা আকাশেও আধারশূন্যা হইয়া তাহার সঙ্গে যুদ্ধ করিলেন ॥২২

তদা (গগনারোহণকালে) প্রথমং (প্রথমতঃ) খে (আকাশে) দৈত্যঃ (শুম্ভঃ) চণ্ডিকা চ পরস্পরং সিদ্ধমুনিবিস্ময়কারকং (সিদ্ধানাং প্রাপ্তাখিলসিদ্ধিসিদ্ধানাং বিশ্বাবসুপ্রভৃতীনাং মুনীনাঞ্চ নারদাদীনাং যদ্বা সিদ্ধৈঃ সহিতা মুনয়ঃ সিদ্ধমুনয়ঃ তেষাং বিস্ময়স্য আশ্চর্য্যস্য কারকং জনকং) নিযুদ্ধং (বাহুযুদ্ধং) চক্রতুঃ (কৃতবন্তৌ) ॥ ২৩

* 'চক্রতুঃ প্রথমং যুদ্ধম্' ইতি—'চক্রতুঃ প্রধনম্' ইতি চ পাঠৌ।

তেতো নিযুদ্ধং সুচিরং কৃত্বা তেনাম্বিকা সহ।

উৎপাত্য ভ্রাময়ামাস চিক্ষেপ ধরণীতলে ॥* ২৪

স ক্ষিপ্তো ধরণীং প্রাপ্য মুষ্টিমুদ্যম্য বেগিতঃ।‡

অভ্যধাবত দুষ্টাত্মা চণ্ডিকানিধনেচ্ছয়া ॥২৫

তৎকালে আকাশ-মণ্ডলে শুম্ভ এবং চণ্ডিকা উভয়ে প্রথমতঃ পরস্পর বাহুযুদ্ধে প্রবৃত্ত হইলেন ; ঐ বাহুযুদ্ধ বিশ্বাবসু প্রভৃতি সিদ্ধ ও নারদাদি মুনিগণের বিস্ময়াবহ ॥ ২৩

ততঃ অম্বিকা তেন [শুম্ভেন] সহ সুচিরং (বহুকালং ব্যাপ্য) নিযুদ্ধং (বাহুযুদ্ধং) কৃত্বা [তম্] উৎপাত্য (কন্দুকবৎ উৰ্দ্ধ্বং ক্ষিপ্য) [কক্ষিরবধবৎ ধৃত্বা] ভ্রাময়ামাস, ধরণীতলে (ভুবি) চিক্ষেপ চ ॥ ২৪

পরে অম্বিকা শুম্ভসহ বহুকাল বাহুযুদ্ধ করিয়া তাহাকে উত্তোলনপূর্ব্বক বিঘূর্ণিত ও ভূতলে পাতিত করিলেন ॥ ২৪

সঃ দুষ্টাত্মা (দুষ্টস্বভাবঃ শুম্ভঃ) [দেব্যা) ক্ষিপ্তঃ [সন্] ধরণীং প্রাপ্য (ভূতলমাগম্য) চণ্ডিকানিধনেচ্ছয়া (চণ্ডিকাবধেচ্ছয়া) [চণ্ডিকায়াঃ সকাশাৎ প্রাপ্তব্যং স্বনিধনং তত্রেচ্ছয়া ইতি ধ্বনিঃ] মুষ্টিম্ উদ্যম্য (উদ্যতং কৃত্বা) বেগিতঃ (সঞ্জাতবেগঃ) সন্ অভ্যধাবত ॥ ২৫

[দেবী কর্ত্তৃক] নিক্ষিপ্ত ও ভূতলে পাতিত হইয়া সেই

---

* 'উৎপাট্য' চ—'উৰ্দ্ধ্বং ক্ষিপ্য' ইতি 'ক্বচিৎ', 'ভ্রময়ামাস' ইতি সুগমঃ পাঠঃ।

‡ 'বেগিতঃ' ইতি—'বেগবান্' ইতি চ বা পাঠৌ।

তমায়ান্তং ততো দেবী সর্ব্বদৈত্যজনেশ্বরম্।
জগত্যাং পাতয়ামাস ভিত্ত্বা শূলেন বক্ষসি ॥২৬
স গতাসুঃ পপাতোর্ব্ব্যাং দেবীশূলাগ্রবিক্ষতঃ।*
চালয়ন্ সকলাং পৃথ্বীং সাব্ধিদ্বীপাং সপর্ব্বতাম্ ॥২৭

দুরাত্মা [শুম্ভ] চণ্ডিকার বধসাধনমানসে মুষ্টি উদ্যত করিয়া বেগে তাঁহার অভিমুখে ধাবিত হইল ॥ ২৫

ততঃ দেবী (চণ্ডিকা) আযান্তং (আগচ্ছন্তং) সর্ব্বদৈত্যজনেশ্বরং (সর্ব্বেষাং দৈত্যজনানামীশ্বরং সর্ব্বাসুরপতিং) [শুম্ভং] বক্ষসি (হৃদয়ে] শূলেন ভিত্ত্বা (বিদার্য্য) জগত্যাং (ভূমৌ) পাতয়ামাস ॥ ২৬

অনন্তর সেই সর্ব্বদৈত্যাধিপতি শুম্ভ আগমন করিতেছে এমন সময়ে দেবী শূলদ্বারা তাহার বক্ষঃস্থল বিদারিত করিয়া তাহাকে ভূতলে নিপাতিত করিলেন ॥ ২৬

দেবীশূলাগ্রবিক্ষতঃ (দেব্যাঃ শূলম্ আয়ুধং তস্য অগ্রং তেন বিশেষেণ ক্ষতঃ তাড়িতঃ) সঃ [শুম্ভঃ] গতাসুঃ (গতপ্রাণঃ) [সন্] সাব্ধি-দ্বীপাং সপর্ব্বতাং (সমুদ্রদ্বীপপর্ব্বতৈঃ সহ বর্ত্তমানাং) সকলাং (সমগ্রাং) পৃথ্বীং চালয়ন্ (কম্পয়ন্) উর্ব্ব্যাং (পৃথিব্যাং) পপাত ॥ ২৭

দেবীর শূলাগ্র বিদ্ধ শুম্ভ প্রাণহীন হইয়া সসাগরা সদ্বীপা সপর্ব্বতা পৃথিবী কম্পিত করিয়া ভূতলে পতিত হইল ॥ ২৭

---

* 'বিক্ষিতঃ' ইতি বা পাঠঃ—ক্ষিণু হিংসায়াং কর্ম্মণি ক্তঃ।

ততঃ প্রসন্নমখিলং হতে তস্মিন্ দুরাত্মনি।
জগৎ স্বাস্থ্যমতীবাপ* নির্ম্মলঞ্চাভবন্নভঃ ॥২৮

উৎপাতমেঘাঃ সোল্কা যে প্রাগাসংস্তে শমং যযুঃ।
সরিতো মার্গবাহিন্যস্তথাসংস্তত্র পাতিতে ॥† ২৯

ততঃ তস্মিন্ দুরাত্মনি (শুম্ভে) হতে [সতি] অখিলং জগৎ প্রসন্নং (প্রকাশীভূতম্) [সৎ] অতীব স্বাস্থ্যম্ (স্বচ্ছতাম্ অনাকুলতামিতি যাবৎ) অবাপ ; নভঃ (আকাশং) চ নির্ম্মলম্ অভবৎ ॥ ২৮

অনন্তর সেই দুরাত্মা নিহত হইলে, নিখিল জগৎ প্রসন্ন ও অতীব সুস্থ হইল ; আকাশও নির্ম্মল হইল ॥ ২৮

প্রাক্ (শুম্ভমরণাৎ পূর্ব্বং) যে সোল্কাঃ (উল্কা দিব্যতেজাংসি তাভিঃ সহিতাঃ) উৎপাতমেঘাঃ (উৎপাতসূচকা মেঘাঃ) আসন্ (স্থিতাঃ) তত্র (তস্মিন্ শুম্ভে) পাতিতে (মারিতে সতি) তে শমং (শান্তিং) যযুঃ (প্রাপ্তাঃ) ; তথা সরিতঃ (নদ্যঃ) [যা হি প্রাক্ উৎপথগামিন্য আসন্ তাঃ অধুনা] মার্গবাহিন্যঃ (প্রাক্তনখাতগামিন্যঃ) [আসন্] ॥ ২৯

যে সকল উল্কার সহিত মেঘ পূর্ব্বে উৎপাত সূচনা করিত, শুম্ভ নিহত হওয়ায় তাহারা শমতা প্রাপ্ত হইল ; এবং নদী সকল পূর্ব্ববৎ প্রবাহিত হইতে লাগিল ॥ ২৯

---

* 'জগৎ সুস্থমতীবাসীৎ' ইতি বা পাঠঃ।

† 'দেব্যা শুম্ভে নিপাতিতে' ইতি বা পাঠঃ।

কেচিদষ্টাবিংশ-শ্লোকাৎ প্রাক্ ঊনত্রিংশ-শ্লোকং পঠন্তি।

ততো দেবগণাঃ সর্ব্বে হর্ষনির্ভরমানসাঃ।
বভূবুর্নিহতে তস্মিন্ গন্ধর্ব্বা ললিতং জগুঃ ॥৩০
অবাদয়ংস্তথৈবান্যে ননৃতুশ্চাপ্সরোগণাঃ।
ববুঃ পুণ্যাস্তথা বাতাঃ সুপ্রভোঽভূদ্দিবাকরঃ ॥৩১

ততঃ তস্মিন্ (শুম্ভে) নিহতে [সতি] সর্ব্বে দেবগণাঃ (ইন্দ্রাদয়ঃ) হর্ষনির্ভরমানসাঃ (নিঃশেষেণ ভরঃ পোষঃ পূর্ণতা যত্র তানি নির্ভরাণি, হর্ষেণ নির্ভরাণি পূর্ণানি মানসানি যেষাং তে তথোক্তাঃ আনন্দপূর্ণচিত্তাঃ ইত্যর্থঃ) বভূবুঃ (জাতাঃ) গন্ধর্ব্বাঃ (হাহাহুহুপ্রভৃতয়ঃ) ললিতং (মনোহরং যথা তথা) [দেব্যাঃ পরাক্রমং] জগুঃ (গীতবন্তঃ) ॥৩০

অনন্তর শুম্ভ নিহত হইলে দেবগণ আনন্দে বিহ্বলচিত্ত হইলেন; গন্ধর্ব্বগণ মনোহর গান করিতে লাগিলেন ॥ ৩০

তথা অন্যে (কেচিদ্গন্ধর্ব্বাঃ) [মৃদঙ্গাদীন্] অবাদয়ন্; অপ্সরোগণাঃ (উর্ব্বশীপ্রভৃতয়ঃ) ননৃতুশ্চ; বাতাঃ পুণ্যাঃ (সুখস্পর্শাঃ রজঃশূন্যাশ্চ) ববুঃ; দিবাকরঃ (রবিশ্চ) সুপ্রভঃ (সুতেজস্কঃ) অভূৎ; অগ্নয়ঃ (আহবনীয়াদয়ঃ) শান্তাঃ (সৌম্যাঃ নির্ধূমাশ্চ) [সন্তঃ] শান্তদিগ্জনিতস্বনাঃ (শান্তাসু দিক্ষু জনিতাঃ স্বনাঃ শব্দাঃ উৎপাতসূচক-স্ফুরণাদিশব্দাঃ যেষাং তাদৃশাঃ) জজ্বলুঃ (জ্বলন্তি স্ম প্রাগেব যে অগ্নয় দিগ্দাহং কুর্ব্বাণা দিক্ষু স্বনিতবন্তঃ অধুনা তে সৌম্যাঃ শুভসূচকা বভূবুঃ; শুম্ভে নিহতে যজ্ঞাঃ পুনঃ প্রবৃত্তাঃ ইতি ভাবঃ) ॥ শান্তা দিশশ্চাহ বরাহ-মিহিরঃ—অঙ্গারিণী দিগ্‌রবি-বিপ্রমুক্তা, যস্যাং রবিস্তিষ্ঠতি সা প্রদীপ্তা। প্রধূপিতা যাস্যতি যাং দিনেশঃ, শেষাস্তু শান্ত্যাঃ শুভদাস্তু তাঃ স্যুঃ ইতি ॥ ৩১—৩২

জজ্বলুশ্চাগ্নয়ঃ শান্তাঃ শান্তদিগ্‌জনিতস্বনাঃ ॥৩২

ইতি মার্কণ্ডেয়-পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে দেবীমাহাত্ম্যে শুম্ভবধো নাম দশমোঽধ্যায়ঃ ॥

কোন কোন গন্ধর্ব্ব মৃদঙ্গাদি বাজাইতে লাগিলেন এবং উর্ব্বশী প্রভৃতি অপ্সরোগণ নৃত্য করিতে লাগিলেন; সুখস্পর্শ সুনির্ম্মল বায়ু প্রবাহিত হইল; দিবাকর শোভন কিরণশালী হইলেন; গার্হপত্য-আহবনীয় ও দক্ষিণ, এই ত্রিবিধ যজ্ঞীয় অগ্নি নির্ধূম হইয়া প্রজ্বলিত হইতে লাগিল এবং তাহাদের প্রশান্ত জ্বলনধ্বনিতে দিক্ সকল শান্ত ভাব ধারণ করিল [পূর্ব্বে যে সকল অগ্নি দিগ্‌দাহ-সূচক অমঙ্গলধ্বনি সূচনা করিত, এক্ষণে তৎসমুদয় শুভসূচক হইল; অর্থাৎ শুম্ভের নিধনে যজ্ঞাদি পুনরনুষ্ঠিত হইতে লাগিল]॥ ৩১---৩২

মার্কণ্ডেয় পুরাণান্তর্গত সাবর্ণিমনুর অধিকার-সম্বন্ধীয় দেবী-মাহাত্ম্যবর্ণনে শুম্ভবধনামক দশম অধ্যায় ॥

'শান্তা দিগ্‌জনিতস্বনাঃ' ইতি বা পাঠঃ।

ঋষিরুবাচ ॥ ১

দেব্যা হতে তত্র মহাসুরেন্দ্রে
সেন্দ্রাঃ সুরা বহ্নিপুরোগমাস্তাম্।
কাত্যায়নীং তুষ্টুবুরিষ্টলম্ভাদ্*
বিকাসিবক্ত্রাস্তু বিলাসিতাশাঃ ॥† ২

ঋষিঃ উবাচ ॥ ১ ॥ তত্র (যুদ্ধে) মহাসুরেন্দ্রে (শুম্ভে) দেব্যা হতে (মারিতে) [সতি] বহ্নিপুরোগমাঃ (অগ্নিমুখ্যাঃ "অগ্নিরগ্রে প্রথমো দেবতানাম্" ইতি শ্রুতেঃ) সেন্দ্রাঃ (ইন্দ্রসহিতাঃ) সুরাঃ (দেবাঃ) ইষ্টলম্ভাৎ (ইষ্টস্য অভিমতার্থস্য শুম্ভাদি-বধস্য লম্ভাৎ প্রাপ্তেঃ) বিকাসিবক্ত্রাঃ (প্রসন্নবদনাঃ) বিকাসিতাশাঃ (বিকাশিতাঃ সফলীকৃতাঃ আশাঃ মনোরথাঃ যেষাং যদ্বা বিকাসিতাঃ সুপ্রসন্নাঃ আশা দিশঃ যেষাং তাদৃশাঃ, তদানীং শত্রুনাশাৎ পুনঃ স্বস্বতেজোলাভাৎ উজ্জ্বলীকৃতদিশইত্যর্থঃ) [সন্তঃ] তাং কাত্যায়নীং (কৌশিকীং দেবীং) তুষ্টুবুঃ ॥২

ঋষি কহিলেন ॥ ১ ॥ সেই যুদ্ধে দেবী কর্তৃক মহাসুরপতি শুম্ভ নিহত হইলে, বহ্নিপ্রমুখ ইন্দ্রাদি দেবগণ [শুম্ভাদিবধরূপ] অভীষ্টলাভ বশতঃ [আনন্দভরে] প্রসন্নবদন ও পূর্ণ-মনোরথ হইয়া কাত্যায়নীকে স্তব করিতে লাগিলেন ॥ ২

---

* 'ইষ্টলাভাৎ' ইতি বা পাঠঃ।

† 'বিকাসিবক্ত্রাস্তবিকাশিতাশাঃ'—'বিকাসিবক্ত্রাঃ সুবিকাশিতাশাঃ' 'বিকাসিবক্ত্রাংশুবিকাশিতাশাঃ'—ইতি পাঠভেদাঃ ॥

দেবি প্রপন্নার্ত্তিহরে প্রসীদ
প্রসীদ মাতর্জগতোঽখিলস্য।
প্রসীদ বিশ্বেশ্বরি পাহি বিশ্বং
ত্বমীশ্বরী দেবি চরাচরস্য ॥৩
আধারভূতা জগতস্ত্বমেকা
মহীস্বরূপেণ যতঃ স্থিতাসি।
অপাং স্বরূপস্থিতয়া ত্বয়ৈত-
দাপ্যায্যতে কৃৎস্নমলঙ্ঘ্যবীর্য্যে ॥* ৪

হে প্রপন্নার্ত্তিহরে (প্রপন্নানাম্ অনন্যশরণানাং ভক্তানামার্ত্তিহরে দুঃখ-নাশিনি) দেবি, প্রসীদ ; হে অখিলস্য (কৃৎস্নস্য) জগতঃ মাতঃ প্রসীদ ; হে বিশ্বেশ্বরি (জগদ্ব্যাপিকে) প্রসীদ [লক্ষ্মীস্বরূপেণ] বিশ্বং পাহি (পালয়) ; হে দেবি ত্বং চরাচরস্য (স্থাবরজঙ্গমাত্মকস্য জগতঃ) [মধ্যে] ঈশ্বরী [স্বতন্ত্রা ; ইতরৎ সর্ব্বং ত্বৎপরতন্ত্রমিতি ভাবঃ ; আদরে প্রসীদেতি ত্রিরুক্তিঃ] ॥৩

হে অনন্যশরণ ভক্তগণের দুঃখ-নাশিনি দেবি প্রসন্না হও ; হে অখিল জগজ্জননি প্রসন্না হও ; হে বিশ্বেশ্বরি (বিশ্বব্যাপিকে) প্রসন্না হও ; তুমি [লক্ষ্মীরূপে] বিশ্ব-পালন কর ; হে দেবি, তুমি চরাচর বিশ্বের স্বামিনী [স্থাবর জঙ্গমাত্মক সমস্তই তোমার অধীন] ॥ ৩

হে অলঙ্ঘ্যবীর্য্যে (অপ্রতিহতপ্রভাবে) যতঃ (যস্মাৎ) ত্বং মহীস্বরূপেণ

* 'আপ্যায়তে' ইতি বা। আপ্যায়তে– স্ফীতীক্রিয়তে।

ত্বং বৈষ্ণবীশক্তিরনন্তবীর্য্যা
বিশ্বস্য বীজং পরমাসি মায়া।
সংমোহিতং দেবি সমস্তমেতৎ
ত্বং বৈ প্রসন্না ভুবি মুক্তিহেতুঃ ॥৫

(ক্ষিতিরূপেন) স্থিতা [অসি] [অতঃ] একা (অদ্বিতীয়া) ত্বং জগতঃ আধারভূতা (আশ্রয়রূপা) ভূরূপা চ ত্বং ভদ্রূপা চ ভূরিতি ভাবঃ] অপাং স্বরূপস্থিতয়া (জলরূপয়া অপামিত্যত্র রাহোঃ শির ইত্যাদিবদভেদে ষষ্ঠী, জলরূপেণ স্থিতয়া) ত্বয়া [এব একয়া] এতৎ কৃৎস্নং (সমস্তং জগৎ) আপ্যায্যতে (সংবর্দ্ধ্যতে) অব্রূপা চ ত্বং ত্বদ্রূপা চ আপ ইতি ভাবঃ) [অনেনোক্তলক্ষণেন দেব্যাঃ সর্ব্বাত্মতা বিবক্ষিতা]॥ ৪

হে অপ্রতিহত প্রভাবে, তুমি মহীরূপে বিরাজ করিতেছ; সুতরাং একমাত্র তুমিই জগতের আধারভূতা; জলরূপে অবস্থিতা তুমিই এই নিখিল জগতের পরিপোষণ করিতেছ। [ইহাতে দেবীর সর্বাত্মকতা প্রকাশিত হইল]॥ ৪

হে দেবি ত্বম্ অমিতবীর্য্যা (অক্ষয়প্রভাবা) বৈষ্ণবীশক্তিঃ (বিষ্ণোঃ পালনশক্তিস্বরূপা) [ত্বং] বিশ্বস্য (জগতঃ) বীজং (মূলকারণং) পরমা মায়া (মহামায়া) অসি; [ত্বয়া] এতৎ সমস্তং সংমোহিতম্ (মোহেন বদ্ধং সংসারগর্ত্তে পাতিতম্); [তৎ কিং মোক্ষো নাস্ত্যেব ইত্যত আহ]—প্রসন্না [সতী] ত্বং বৈ (নিশ্চিতং) ভুবি (সংসারে) মুক্তিহেতুঃ (মুক্তেঃ কারণম্)॥৫

হে দেবি, তুমি অপার-মহিমা বৈষ্ণবী শক্তি; তুমিই নিখিল ব্রহ্মাণ্ডের মূলকারণ-শক্তিরূপা মহামায়া; তুমিই সমস্ত

বিদ্যাঃ সমস্তাস্তব দেবি ভেদাঃ
স্ত্রিয়ঃ সমস্তাঃ সকলা জগৎসু।
ত্বয়ৈকয়া পূরিতমম্বয়ৈতৎ
কা তে স্তুতিঃ স্তব্যপরা-পরোক্তিঃ ॥৬

বিশ্বকে সম্যক্‌রূপে মোহিত করিতেছ ; [পরন্তু] তুমি প্রসন্না হইলে নিশ্চয়ই সংসারে মুক্তির হেতুভূতা হইয়া থাক ॥ ৫

হে দেবি সমস্তাঃ ["অঙ্গানি বেদাশ্চত্বারো মীমাংসা ন্যায়বিস্তরঃ। পুরাণং ধর্ম্মশাস্ত্রঞ্চ বিদ্যাহ্যেতাশ্চতুর্দ্দশ। আয়ুর্ব্বেদো ধনুর্ব্বেদো গান্ধর্ব্বশ্চেতি তে ত্রয়ঃ। অর্থশাস্ত্রং চতুর্থঞ্চ বিদ্যাহ্যষ্টাদশৈব তাঃ"] বিদ্যাঃ তব ভেদাঃ (ত্বদংশা এব ; তস্মাৎ তব চ বিদ্যানাঞ্চ পার্থক্যাভাবাৎ কা তে স্তুতিঃ) ; জগৎসু সমস্তাঃ (সর্ব্বাঃ) সকলাঃ (চতুঃষষ্টিকলোপেতাঃ পাতিব্রত্যাদি-ধর্ম্মোপেতাঃ সর্গস্থিতিসংহারাদিনৈপুণ্যোপেতাশ্চ ব্রহ্মাণ্যাদ্যাঃ) স্ত্রিয়ঃ [তব ভেদাঃ ইতি শেষঃ] ; একয়া (অদ্বিতীয়য়া) অম্বয়া (মাতৃরূপয়া) ত্বয়া এতৎ [জগৎ] পূরিতম্ (অন্তর্বহির্ব্যাপ্তং, ত্বমেব জগৎ জগদেব ত্বমেব ইত্যর্থঃ) [এবঞ্চ ত্বত্তঃ পৃথগ্‌ভূতস্যাভাবাৎ] তে স্তব্যপরাপরোক্তিঃ (স্তব্যে বিষয়ে পরাপরা গৌণী মুখ্যাচ যা উক্তিঃ তদ্রূপা) স্তুতিঃ কা ? [যদ্বা উক্তিরূপা ত্বমেব, অতঃ কা তে স্তুতিঃ ?] [অথবা ত্বং স্তব্যপরা (স্তব্যেষু শ্রেষ্ঠা) ; তে (তব) পরোক্তিঃ (শ্রেষ্ঠোক্তিঃ) স্তুতিঃ কা ?] [অত্র তু সৈব দেবী সৈব বিদ্যেতি সৈব দেবী সৈব ব্রহ্মাণ্যাদি-স্ত্রীতি সৈব চ দেবী তদেব দেবাত্মকং জগচ্চেতি ভেদাভাবাৎ দেব্যেব স্তব্যপরা ; তস্যা পরোক্তিঃ স্তুতির্ন প্রবর্ত্ততে। অপিচ স্তবনীয়ে ন্যূনে বস্তুনি শ্রেষ্ঠোক্তিঃ

সর্ব্বভূতা যদা দেবী স্বর্গমুক্তিপ্রদায়িনী।*
ত্বং স্তুতা স্তুতয়ে কা বা ভবন্তু পরমোক্তয়ঃ ॥৭

স্তোতরুচ্যতে। দেবী বিশ্বরূপা, অতঃ স্বভাবত এব শ্রেষ্ঠোক্তিরস্তোব তস্যামিতি কা তে স্তুতিরিত্যুক্তম্॥ ৬

হে দেবি, অষ্টাদশবিদ্যা তোমারই অংশমাত্র ; তোমাতে এবং বিদ্যাতে প্রভেদ নাই ; জগতে চতুঃষষ্টিকলা পাতিব্রত্যাদি ও সৃষ্টিস্থিতি-প্রলয়-নৈপুণ্যযুক্ত ব্রহ্মাণী প্রভৃতি নারীগণ তোমারই অংশ ; একমাত্র তুমিই মাতৃরূপে এই জগতের অন্তর্ব্বহিঃ ব্যাপিয়া আছ ; [জগৎই তুমি এবং তুমিই জগৎ] ; তুমি স্তবার্হগণের শ্রেষ্ঠা ; স্তুতিবিষয়ে তোমার সম্বন্ধে শ্রেষ্ঠোক্তি আর কি থাকিতে পারে ? বস্তুতঃ জগৎ ও তুমি অভিন্ন ; সুতরাং সকলই যখন তুমি, তখন কি বলিয়া তোমার স্তব করিব ?৬

দেবী (দ্যোতনশীলা) ত্বং যদা সর্ব্বভূতা (বিশ্বাত্মিকা ; গৃহীতদেহা ইতি যাবৎ) তদা ত্বং স্বর্গমুক্তিপ্রদায়িনী (ভোগমোক্ষদাত্রী) [ইতি] স্তুতা ; [বস্তুতস্তু সর্ব্বস্য চ তব চ ঐকাত্ম্যেভেদাভাবাৎ কিং স্তুতং কা বা স্তুতিঃ ? সর্ব্বাত্মিকায়াঃ স্তোতুমশক্যত্বাদিতি ভাবঃ] [নির্গুণ-নিরাকারায়া ব্রহ্মরূপায়াস্তে গুণাভাবাৎ গুণকথনস্বরূপ-স্তবস্যাসম্ভবঃ ইতি ভাবঃ] ; [সাকারাবস্থায়ামপি] কা বা তব স্তুতয়ে পরমোক্তয়ঃ (পরমা উক্তয়ঃ) ভবন্তু ॥ ৭

সর্ব্বপ্রকাশময়ী তুমি যখন বিশ্বরূপা অর্থাৎ গৃহীতদেহা, তখন তুমি ভোগমোক্ষদাত্রী বলিয়া স্তবনীয় ; [বস্তুতঃ

---

* 'সর্ব্বভূতা যদা দেবী ভুক্তিমুক্তিপ্রদায়িনী' ইতি ক্বচিৎ।

সর্ব্বস্য বুদ্ধিরূপেণ জনস্য হৃদি সংস্থিতে।
স্বর্গাপবর্গদে দেবি নারায়ণি নমোঽস্তু তে ॥৮
কলাকাষ্ঠাদিরূপেণ পরিণামপ্রদায়িনি।*
বিশ্বস্যোপরতৌ শক্তে † নারায়ণি নমোঽস্তু তে ॥৯

তুমি নির্গুণা নিরাকারা ব্রহ্মস্বরূপা; তোমার গুণ না থাকায় গুণ-বর্ণনরূপ স্তব অসম্ভব; আর তোমায় সাকারা মনে করিলেও তুমি যখন ব্রহ্মাণ্ডরূপা, তখন] এমন উৎকৃষ্ট কথা কি আছে, যাহা তোমার স্তবরূপে প্রযুক্ত হইতে পারে ॥ ৭

[ইতঃ প্রভৃতি ষোড়শ শ্লোকা নারায়ণীসূক্তসংজ্ঞকাঃ কচিদষ্টাদশ পঠান্তে ক্বচিৎ পুনরেকোনবিংশতিঃ]—হে সর্ব্বস্য জনস্য (জন্তোঃ) হৃদি [চেতসি] বুদ্ধিরূপেণ (নিশ্চয়াত্মক-জ্ঞানরূপেণ) সংস্থিতে (সম্যগবস্থিতে) হে স্বর্গাপবর্গদে (ভোগ-মোক্ষদাত্রি) দেবি নারায়ণি, (নারা আপঃ অয়নং যস্যেতি নারায়ণঃ পরমাত্মা তচ্ছক্তিরূপে) তে (তুভ্যং) নমঃ অস্তু । ৮

[এই শ্লোক হইতে ১৬টি শ্লোক নারায়ণী সূক্ত নামে প্রসিদ্ধ; কোন কোন মতে ১৮টি, কোন কোন মতে ১৯টি।] তুমি সর্ব্বপ্রাণি-হৃদয়ে বুদ্ধিরূপে অবস্থিতা; হে ভোগ-মোক্ষদাত্রি দেবি নারায়ণি তোমায় নমস্কার করি ॥ ৮

কলাকাষ্ঠাদিরূপেণ (অষ্টাদশনিমেষাঃ কাষ্ঠা, ত্রিংশৎকাষ্ঠাঃ কলা

* "কাষ্ঠাকলাদিরূপেণ ইতি" সুগমঃ পাঠঃ "পরিমাণ" ইতি ক্বচিৎ।
† "বিশ্বস্যোপরতৌ সক্তে" ইতি বা পাঠঃ। সক্তে প্রবৃত্তে ইত্যর্থঃ।

সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে।*
শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোঽস্তু তে ॥১০

আদিনা ক্ষণমুহূর্ত্তাদয়ঃ তদ্রূপেণ) পরিণামপ্রদায়িনি (পরিণামঃ-রূপান্তর-প্রাপ্তিঃ বাল্যযৌবনাদি-বিকার ইতি যাবৎ তৎ প্রদাতুং শীলং যস্যাঃ তৎ সম্বোধনে) [অতঃ] বিশ্বস্য (জগতঃ) উপরতৌ (বিনাশে) শক্তে (সমর্থে) [কালস্যৈব জগদ্ভক্ষকত্বাৎ] হে নারায়ণি তে (তুভ্যং) নমঃ অস্তু ॥ ৯

তুমি কলাকাষ্ঠাদি কালরূপে ভূতগণের রূপান্তর প্রাপ্তির বিধান করিয়া থাক; অতএব হে বিশ্বনাশসাধনক্ষমে [কালরূপে] নারায়ণি তোমাকে নমস্কার করি ॥ ৯

হে সর্ব্বমঙ্গলমঙ্গল্যে (সর্ব্বেষাং মঙ্গলানাং যৎ মঙ্গল্যং মঙ্গলভাবঃ তৎস্বরূপে) হে শিব (কল্যাণদায়িনি) হে সর্ব্বার্থসাধিকে (সর্ব্বেষামর্থানাং সম্পাদিকে) হে শরণ্যে (রক্ষিত্রি) হে ত্র্যম্বকে (সোমসূর্য্যাগ্নিরূপাণি ত্রীণি অম্বকানি অক্ষীণি যস্যাঃ তৎসম্বুদ্ধৌ হে ত্রিনয়নে; যদ্বা ত্রয়ঃ অম্বাঃ বর্ণাঃ অকারোকারমকারাঃ প্রতিপাদকা যস্যাঃ; হে প্রণবগম্যে-স্বার্থে কঃ; সংজ্ঞা-শব্দানামব্যুৎপন্নত্বেন প্রত্যয়স্থত্বাভাবাদিত্বং ন) হে গৌরি (গূয়তে গুপ্তং শব্দায়তে, মনসা গৃহ্যতে ধ্যায়তে ইতি, উণাদি-সূত্রেণ রনি প্রত্যয়েন সিদ্ধম্; যদ্বা হে গৌরবর্ণে) হে নারায়ণি তে (তুভ্যং) নমঃ অস্তু ॥ ১০

হে সর্ব্বমঙ্গলেরও মঙ্গলরূপিণি, হে কল্যাণদায়িনি, হে সর্ব্বার্থ-সম্পাদিকে, সর্ব্বাশ্রয়রূপে, চন্দ্র সূর্য্য ও অগ্নিরূপ নেত্র-ত্রয় সমন্বিতে, গৌরি নারায়ণি তোমাকে নমস্কার করি ॥ ১০

---

* 'সর্ব্বমঙ্গলমাঙ্গল্যে' ইতি বা পাঠঃ।

সৃষ্টিস্থিতিবিনাশানাং শক্তিভূতে সনাতনি।
গুণাশ্রয়ে গুণময়ে* নারায়ণি নমোঽস্তু তে ॥১১
শরণাগত-দীনার্ত্ত-পরিত্রাণ-পরায়ণে।
সর্ব্বস্যার্ত্তিহরে দেবি নারায়ণি নমোঽস্তু তে ॥১২

হে সৃষ্টিস্থিতিবিনাশানাং শক্তিভূতে (সৃষ্ট্যাদীনাং শক্তয়ো ব্রহ্ম-বিষ্ণু-হরাত্মিকাঃ তদ্রূপে—এতেন ব্রহ্মাদীনাং সৃষ্ট্যাদিশক্তিত্বমেবেত্যুক্তম্) সনাতনি (নিত্যে) গুণাশ্রয়ে (গুণানাং মহদাদীনাম্ আশ্রয়ভূতে গুণাধারে পুরুষরূপে বা) গুণময়ে (গুণরূপে সত্ত্বাদ্যাত্মকপ্রকৃতিরূপে ; যথা অগুণময়ে ইতি চ্ছেদঃ ; —অবিদ্যমান-গুণকৃত-বিকারে নির্গুণে ইতি বা) [যদ্বা গুণাশ্রয়া ব্যোমাদিভাবেন ; গুণময়া শব্দাদিভাবেন] নারায়ণি তে (তুভ্যং) নমঃ অস্তু ॥ ১১

হে ব্রহ্ম-বিষ্ণু-শিব শক্তি স্বরূপে, সনাতনি (নিত্যে) [মহদাদি] গুণসমূহের আশ্রয়ভূতে, গুণময়ে, (প্রকৃতিরূপে অথবা অগুণময়ে নির্গুণে) নারায়ণি তোমাকে নমস্কার করি ॥ ১১

হে শরণাগতদীনার্ত্তপরিত্রাণ-পরায়ণে, (দীনাঃ সর্গাদিদুঃখভাজঃ আর্ত্তাঃ তস্করাদিপীড়িতাঃ শরণাগতাঃ প্রপন্না যে দীনার্ত্তা তেষাং পরিত্রাণমেব পরময়নভীষ্টং যস্যাঃ তৎসম্বুদ্ধৌ সর্ব্বস্য আর্ত্তিহরে (পীড়াহরে) দেবি (দ্যোতনশীলে) নারায়ণি তে (তুভ্যং) নমঃ অস্তু ॥ ১২

হে শরণাগত, দীন ও আর্ত্তজনের ত্রাণকারিণি সর্ব্বজীবের পীড়ানাশিনি, দেবি নারায়ণি তোমায় নমস্কার করি ॥ ১২

---

* 'গুণময়ি' ইতি ক্বচিৎ।

হংসযুক্তবিমানস্থে ব্রহ্মাণীরূপধারিণি।
কৌশাম্ভঃক্ষরিকে দেবি নারায়ণি নমোঽস্তু তে ॥১৩
ত্রিশূলচন্দ্রাহিধরে মহাবৃষভবাহিনি।
মাহেশ্বরীস্বরূপেণ নারায়ণি নমোঽস্তু তে ॥১৪
ময়ূরকুক্কুটবৃতে* মহাশক্তিধরেঽনঘে।
কৌমারীরূপসংস্থানে নারায়ণি নমোঽস্তু তে ॥১৫

হে হংসযুক্তবিমানস্থে (হংসৈর্যুক্তং বিমানং দেবতাযানং তত্র স্থিতে) কৌশাম্ভঃক্ষরিকে (কুশং জলং তস্যায়ং কৌশঃ কমণ্ডলুঃ; শত্রুষু তদম্ভঃক্ষরিকে অথবা কুশসমূহ্যা অন্তসঃ ক্ষরঃ আয়ুধত্বেন যস্যাঃ তৎসম্বুদ্ধৌ) ব্রহ্মাণীরূপধারিণি দেবি নারায়ণি তে (তুভ্যং) নমঃ অস্তু ॥ ১৩

হে হংসযুক্ত রথারূঢ়ে, কমণ্ডলু-জল-ক্ষেপে শত্রুনাশিনি, ব্রহ্মাণীরূপধারিণি দেবি নারায়ণি, তোমাকে নমস্কার করি ॥১৩

হে মাহেশ্বরীস্বরূপেণ [উপলক্ষিতে] ত্রিশূলচন্দ্রাহিধরে (ত্রিশূলচন্দ্রাহীনাং ধরা, তৎসম্বুদ্ধৌ) মহাবৃষভবাহিনি (মহাবৃষভেণ বাহিনি বাহনবতি) নারায়ণি তে (তুভ্যং) নমোঽস্তু [চন্দ্রোঽত্র এককলাত্মকঃ] ॥১৪

হে ত্রিশূল, চন্দ্র-কলা ও সর্পধারিণি মহাবৃষারূঢ়ে মাহেশ্বরীস্বরূপে, নারায়ণি তোমাকে নমস্কার করি ॥১৪

হে ময়ূরকুক্কুটবৃতে (ময়ূরস্য কুক্কুটঃ পিচ্ছং তেন বৃতে, ধ্বজেন শিখিবর্হাণা মুচ্ছ তেন সমাবৃতেতি হরিবংশোক্তেঃ যদ্বা ময়ূরৈঃ কুক্কুটৈশ্চবৃতে

---

* 'ময়ূর-কুক্কুটধৃতে' ইতি বা পাঠঃ। ধরতীতি কর্ত্তরি ক্তঃ।

শঙ্খ-চক্র-গদা-শার্ঙ্গ-গৃহীতপরমায়ুধে ।*
প্রসীদ বৈষ্ণবীরূপে নারায়ণি নমোঽস্তু তে ॥১৬

গৃহীতোগ্রমহাচক্রে দংষ্ট্রোদ্ধৃতবসুন্ধরে ।
বরাহরূপিণি শিবে নারায়ণি নমোঽস্তু তে ॥১৭

বেষ্টিতে অথবা ময়ূরৈঃ কুক্কুটৈশ্চ বৃতির্বরণং যস্যা ইতি বিগ্রহঃ; হে তথোক্তে) মহাশক্তিধরে (মহতী শক্তিরায়ুধং তস্যাঃ ধরা হে তথোক্তে) অনঘে (অপাপে) কৌমারীরূপসংস্থানে (কৌমারী যস্য শ্রী রূপসংস্থানং শরীরাবয়বসন্নিবেশো যস্যাঃ তৎসম্বুদ্ধৌ) নারায়ণি তে (তুভ্যং) নমঃ অস্তু। [ময়ূরঃ কুক্কুটশ্চেতি দ্বে অপি স্কন্দস্য তৃতীয়াবরণ দেবতে। স্কন্দেন হতঃ শূরপদ্মাসুর এব ময়ূরঃ কুক্কুটশ্চেতিরূপদ্বয়ং বিভ্রৎ স্বামিনো বাহনং ধ্বজশ্চেতি ক্রমেণাভবদিতি স্কান্দে] ॥ ১৫

হে ময়ূরকুক্কুট পরিবৃতে মহাশক্তিধারিণি পাপপরিশূন্যে কৌমারীস্বরূপে নারায়ণি তোমাকে নমস্কার করি ॥ ১৫

হে শঙ্খচক্রগদাশার্ঙ্গগৃহীতপরমায়ুধে (শঙ্খশ্চ চক্রঞ্চ গদা চ শার্ঙ্গং ধনুশ্চ সেনাঙ্গত্বাদেকবদ্ভাবঃ; শঙ্খচক্রাদিনা সহ গৃহীতপরমায়ুধে খড়্গা-বাণরূপে যয়া তৎসম্বুদ্ধৌ অতএবৈষা ষড়্ভুজা) হে বৈষ্ণবীরূপে (বিশুদ্ধ-সত্ত্বরূপে) নারায়ণি প্রসীদ; তে (তুভ্যং) নমঃ অস্তু ॥ ১৬

হে শঙ্খ-চক্র-গদা-খড়্গা বাণ শার্ঙ্গধারিণি বৈষ্ণবীরূপধরে নারায়ণি, প্রসন্না হও; তোমাকে নমস্কার করি ॥ ১৬

হে গৃহীতোগ্রমহাচক্রে (গৃহীতম্ উগ্রং ভীমং মহাচক্রং বৈষ্ণবায়ুধং যয়া

* 'গৃহীতবিবিধায়ুধে' ইতি বা পাঠঃ।

নৃসিংহরূপেণোগ্রেণ হন্তুং দৈত্যান্ কৃতোদ্যমে।
ত্রৈলোক্যত্রাণসহিতে নারায়ণি নমোঽস্তু তে ॥১৮

কিরীটিনি মহাবজ্রে সহস্রনয়নোজ্জ্বলে।*
বৃত্রপ্রাণহরে চৈন্দ্রি নারায়ণি নমোঽস্তু তে ॥১৯

তথাভূতে) দংষ্ট্রোদ্ধৃতবসুন্ধরে (দংষ্ট্রয়া উদ্ধৃতা উত্তোলিতা বসুন্ধরা পৃথিবী যয়া তথাভূতে) বরাহরূপিণি (বরাহস্য ভগবতো বিষ্ণোঃ রূপম্ আকৃতিঃ হে তদ্বতি) শিবে (মঙ্গলময়ি) নারায়ণি তে (তুভ্যং) নমঃ অস্তু ॥ ১৭

হে উগ্রমহাচক্রধারিণি দন্তদ্বারা মেদিনীর উদ্ধারকারিণি বরাহরূপে সর্ব্বমঙ্গলে নারায়ণি তোমায় নমস্কার করি ॥ ১৭

উগ্রেণ (রৌদ্রেণ) নৃসিংহরূপেণ (নৃসিংহস্য ভগবতো রূপেণ) দৈত্যান্ হন্তুং কৃতোদ্যমে (কৃতোদ্যোগে) ত্রৈলোক্যত্রাণসহিতে (ত্রৈলোক্যস্য ত্রাণায় সহিতে সম্যক্হিতে লোকত্রয়ত্রাণদত্তাবধানে, লোকত্রয়পালনায় উদ্যোগযুক্তে ইতি যাবৎ) নারায়ণি তে (তুভ্যং) নমঃ অস্তু ॥ ১৮

ভীষণ নৃসিংহরূপে দৈত্যনাশে সদা উদ্যতে, হে ত্রিলোকের ত্রাণ সাধিকে নারায়ণি, তোমাকে নমস্কার করি ॥ ১৮

হে কিরীটিনি (কিরীটবতি) মহাবজ্রে (মহৎ বজ্রম্ আয়ুধং যস্যাঃ তথোক্তে) সহস্রনয়নোজ্জ্বলে (সহস্রং নয়নানি সমাহৃতানি তেন উজ্জ্বলে যদ্বা সহস্রনয়না চ সা উজ্জ্বলা চেতি বিগ্রহঃ তৎসম্বুদ্ধৌ) বৃত্রপ্রাণহরে ঐন্দ্রি নারায়ণি তে (তুভ্যং) নমঃ অস্তু [বৃত্রো হি বিশ্বকর্ম্মণঃ পুত্রঃ] ॥ ১৯

* 'সহস্রনয়নে জ্বলে' ইতি বা পাঠঃ। জ্বলে—জ্বালাবতি।

শিবদূতীস্বরূপেণ হতদৈত্যমহাবলে ।*
ঘোররূপে মহারাবে নারায়ণি নমোঽস্তু তে ॥২০
দংষ্ট্রাকরালবদনে শিরোমালাবিভূষণে।
চামুণ্ডে মুণ্ডমথনে নারায়ণি নমোঽস্তু তে ॥২১

হে কিরীটধারিণি, মহাবজ্রধরে সহস্রনেত্রশোভিতে,বৃত্র-প্রাণহন্ত্রি ইন্দ্রশক্তিরূপে নারায়ণি তোমাকে নমস্কার করি ॥১৯

শিবদূতীস্বরূপেণ (শিবং দূতয়তি দূতং করোতীতি শিবদূতী চণ্ডিকা-শরীরোত্থা প্রাগ্‌বর্ণিতা দেবী, তস্যাঃ স্বরূপেণ) হতদৈত্যমহাবলে (হতং দৈত্যানাং মহাবলং মহাসৈন্যং যয়া অথবা হে হতদৈত্যে হে মহাবলে চ মহান্ বলিঃ উপহারঃ পূজোপকরণং যস্যাঃ সা মহাবলিঃ হে তথোক্তে) ঘোররূপে (ঘোরং ভীষণং রূপম্ আকারঃ যস্যাঃ তথোক্তে) মহারাবে (মহান্ আরাবঃ গর্জ্জনং যস্যাঃ তথোক্তে) [শৃগাল পরিবারত্বাৎ মহা-ধ্বনিঃ] নারায়ণি তে (তুভ্যং) নমঃ অস্তু ॥ ২০

হে শিবদূতীরূপে দৈত্যগণের মহাসৈন্য নাশিনি, হে ভীষণ রূপে,মহাগর্জ্জনকারিণি নারায়ণি তোমাকে নমস্কার করি ॥২০

হে দংষ্ট্রাকরালবদনে (দংষ্ট্রাভিঃ করালং ভীষণং বদনং যস্যাস্তথোক্তে) হে শিরোমালাবিভূষণে (নৃমুণ্ডমালিনি) হে মুণ্ডমথনে (মুণ্ডদৈত্যনাশিনি) চামুণ্ডে (কালিকে) নারায়ণি তে (তুভ্যং) নমঃ অস্তু ॥ ২১

---

* 'হতদৈত্যে মহাবলে' ইতি বা পাঠঃ।

লক্ষ্মি লজ্জে মহাবিদ্যে শ্রদ্ধে পুষ্টি স্বধে ধ্রুব।*
মহারাত্রি মহামায়ে † নারায়ণি নমোঽস্তু তে ॥২২
মেধে সরস্বতি বরে ভূতি ‡ বাভ্রবি তামসি।
নিয়তে ত্বং প্রসীদেশে নারায়ণি নমোঽস্তু তে ॥২৩

হে দংষ্ট্রা ভীষণ-বদনে, নৃমুণ্ডভূষণে, মুণ্ডাসুর নাশিনি, চামুণ্ডারূপে নারায়ণি, তোমাকে নমস্কার করি ॥ ২১

হে লক্ষ্মি (সম্পদ্রূপে) হে লজ্জে (লজ্জারূপে) হে মহাবিদ্যে (মহতী ব্রহ্মপ্রাপিকা বিদ্যা উপনিষদ্রূপা হে তৎস্বরূপে) শ্রদ্ধে (আস্তিক্যবুদ্ধিরূপে) পুষ্টি (উপচয়রূপে) স্বধে (পিতৃতৃপ্তিস্বরূপে) ধ্রুবে (ব্রহ্মরূপে) মহারাত্রি (হিরণ্যগর্ভাবসানকালরূপে মহাপ্রলয়রূপে ইত্যর্থঃ যদ্বা মহারাত্রিরিতি সর্বপ্রাণি-মোহকরী দেবোবোচ্যতে) মহামায়ে (সর্বজগৎকারণীভূতে যদ্বা-মহামোহরূপে) নারায়ণি তে (তুভ্যং) নমঃ অস্তু ॥ ২২

হে নারায়ণি, লক্ষ্মী, লজ্জা, ব্রহ্মবিদ্যা, শ্রদ্ধা, পুষ্টি, স্বধা, নিত্যা, মহারাত্রি ও মহামোহরূপা, তোমায় নমস্কার করি ॥২২

হে মেধে (মেধা ধারণাবতী বুদ্ধিঃ তদ্রূপে) হে সরস্বতি (বাগ্দেবি) হে বরে (শ্রেষ্ঠে) হে ভূতি (ভূতিঃ সত্ত্ব-প্রধানা গুণাভাবশ্ছান্দসঃ) হে বাভ্রবি (বভ্রুশব্দস্য পিঙ্গলার্থত্বাৎ বভ্রুঃ রজোগুণঃ তদ্বতি) হে তামসি (তমোরূপে) [অতএব ত্রিগুণাত্মিকে যদ্বা ভূতিঃ সম্পত্তিঃ বভ্রুর্বিষ্ণুঃ তস্যেয়ং বাভ্রবী

---

* 'লক্ষ্মী লজ্জে' ইতি বা পাঠঃ। 'পুষ্টে স্বধে' ইত্যপি বা পাঠঃ।
† 'মহারাত্রে' ইতি চ ক্বচিৎ। ‡ 'ভূতে' ইতি কেচিৎ।

সর্ব্বস্বরূপে সর্ব্বেশে সর্ব্বশক্তিসমন্বিতে।
ভয়েভ্যস্ত্রাহি নো দেবি দুর্গে দেবি নমোঽস্তু তে ॥* ২৪

এতৎ তে বদনং সৌম্যং লোচনত্রয়ভূষিতম্।
পাতু নঃ সর্ব্বভূতেভ্যঃ† কাত্যায়নি নমোঽস্তু তে ॥২৫

শক্তিঃ সা চাসৌ সা চেতি ভূতিবাভ্রবী তৎসম্বুদ্ধৌ] হে নিয়তে (ইয়ং মূলশক্ত্যভিপ্রায়েণ নিয়তিরুক্তা ; হে তদ্রূপে যদ্বা নিয়তা নিত্যা তৎসম্বুদ্ধৌ হে ঈশে (ঈশ্বরি) ত্বং প্রসীদ ; হে নারায়ণি তে (তুভ্যং) নমঃ অস্তু ॥ ২৩

হে মেধারূপে, হে সরস্বতি, হে শ্রেষ্ঠে, হে সত্ত্বগুণময়ি, হে রজোগুণময়ি, হে তমোগুণময়ি, হে নিয়তিরূপে (বা নিত্যে), হে ঈশ্বরি, প্রসন্না হও ; হে নারায়ণি, তোমাকে প্রণাম করি ॥২৩

হে সর্ব্বস্বরূপে, হে সর্ব্বেশে (সর্ব্বস্বামিনি) হে সর্ব্বশক্তিসমন্বিতে (সর্ব্বসামর্থ্যযুক্তে) হে দেবি, দুর্গে, ভয়েভ্যঃ(ভয়হেতুভ্যঃ)নঃ (অস্মান্) ত্রাহি ; হে দেবি, তে (তুভ্যং নমঃ অস্তু [দেবীত্যস্য দ্বিরুক্তিঃ প্রসাদনে] ॥ ২৪

হে বিশ্বরূপে, সর্ব্বেশ্বরি, সর্ব্বশক্তিমতি দেবি দুর্গে আমাদিগকে ভয়সমূহ হইতে রক্ষা কর; তোমায় প্রণাম করি ॥২৪

হে কাত্যায়নি (কাত্যায়নাশ্রমভবে) তে (তব) সৌমং (মনোজ্ঞং) লোচনত্রয়ভূষিতং (লোচনত্রয়েণ সোমসূর্য্যাগ্নিরূপেণ ভূষিতমলঙ্কৃতম্)

---

* অতঃপরং—সর্ব্বতঃ পাণিপাদান্তে সর্ব্বতোঽক্ষিশিরোমুখে।
সর্ব্বতঃ শ্রবণঘ্রাণে নারায়ণি নমোঽস্তু তে।' ইত্যধিকং কচিৎ।

† 'সর্ব্বভীতিভ্যঃ' ইতি কচিৎ পাঠঃ।

জ্বালাকরালমত্যুগ্রমশেষাসুরসূদনম্।
ত্রিশূলং পাতু নো ভীতের্ভদ্রকালি নমোঽস্তু তে ॥২৬
হিনস্তি দৈত্যতেজাংসি স্বনেনাপূর্য্য যা জগৎ।
সা ঘণ্টা পাতু নো দেবি পাপেভ্যোঽনঃ সুতানিব ॥* ২৭

এতৎ (প্রত্যক্ষসিদ্ধং) বদনং সর্ব্বভূতেভ্যঃ (সর্ব্বভূতবিকারেভ্যঃ প্রাণিভ্যশ্চ) নঃ (শরণাগতান্ অস্মান্) পাতু (রক্ষতু) ; তে (তুভ্যং) নমঃ অস্তু ॥ ২৫

হে কাত্যায়নি, তোমার সোম সূর্য্যাগ্নিরূপ লোচনত্রয়-শোভিত এই পরমমনোহর বদন আমাদিগকে সর্ব্বভূত হইতে রক্ষা করুক ; তোমাকে নমস্কার করি ॥ ২৫

হে ভদ্রকালি, জ্বালাকরালম্ (দীপ্ত্যা রিপুণামধৃষ্যং) অত্যুগ্রম্ (অতিরৌদ্রম্) অশেষাসুরসূদনং (সর্ব্বদৈত্যহিংসকং) তে (তব) ত্রিশূলং নঃ (অস্মান্) ভীতেঃ (ভয়াৎ) পাতু ; তে (তুভ্যং) নমঃ অস্তু ॥ ২৬

হে ভদ্রকালি, জ্যোতিঃপ্রভাবে রিপুগণের অধৃষ্য, অসংখ্য অসুর-বিনাশক অতি তীক্ষ্ণ, তোমার ত্রিশূল আমাদিগকে ভীতি (ভয়) হইতে রক্ষা করুক ; তোমাকে নমস্কার করি॥২৬

হে দেবি, যা [তব] ঘণ্টা স্বনেন (শব্দেন) জগৎ (লোকত্রয়ম্) আপূর্য্য (পূরয়িত্বা) দৈত তেজাংসি হিনস্তি (নাশয়তি) সা নঃ (অস্মান্) পাপেভ্যঃ (দুরিতেভ্যঃ দৈত্যেভ্যশ্চ ক্লেশহেতুভ্যঃ) অনঃ (জননী ; 'জনন্যাৎ শকটেঽপ্যনঃ' ইতি কোষাৎ ; যদ্বা অনিতি প্রাণিতি ইত্যনঃ প্রাণী)

* 'পাপেভ্যঃ স্বসুতানিব' ইতি কেচিৎ।

অসুরাসৃগ্‌বসাপঙ্কচর্চ্চিতস্তে করোজ্জ্বলঃ।
শুভায় খড়্গো ভবতু চণ্ডিকে ত্বাং নতা বয়ম্‌ ॥২৮
রোগানশেষানপহংসি তুষ্টা
রুষ্টা তু কামান্‌ সকলানভীষ্টান্‌।

সুতান্‌ (পুত্রান্‌) ইব পাতু (পরিরক্ষতু) [যথা অনঃ (মাতা প্রাণী বা) স্বান্‌ সুতান্‌ পাপেভ্যঃ (সর্ব্ববিধ-ক্লেশকারণেভ্যঃ) পাতি, তথা সা প্রভূত-শক্তিমতী তব ঘণ্টা নঃ (অস্মান্‌) পাতু ইত্যর্থঃ]। ২৭

হে দেবী, তোমার যে ঘণ্টা স্বীয় শব্দে জগৎ পূর্ণ করিয়া দৈত্যতেজ বিনষ্ট করে, তাহা জননীর (বা প্রাণীর) ন্যায় পুত্র-স্বরূপ আমাদিগকে সর্ব্ববিধ পাপ হইতে রক্ষা করুক ॥ ২৭

হে চণ্ডিকে করোজ্জ্বলঃ (করম্‌ উজ্জ্বলয়তীতি তথা; করৈঃ কিরণৈঃ উজ্জ্বলো বা) অসুরাসৃগ্‌বসাপঙ্কচর্চ্চিতঃ (অসুরাণামসৃক্‌ রুধিরং বসা মেদঃ তদ্রূপঃ পঙ্কঃ তেন চর্চ্চিতঃ লিপ্তঃ) তে (তব) খড়্গঃ নঃ (অস্মাকং) শুভায় ভবতু ; বয়ং ত্বাং নতাঃ (ত্বদেকশরণাস্ত্বাং ভজামহে ইত্যর্থঃ) ॥ ২৮

হে চণ্ডিকে, স্বীয় কিরণমালায় উজ্জ্বল অথবা তোমার হস্তের উজ্জ্বলতা-সাধক, অসুরগণের রক্ত ও মেদোরূপ পঙ্কে লিপ্ত তোমার এই খড়্গ আমাদের কল্যাণবিধান করুক, আমরা তোমাকে প্রণাম করি ॥২৮

ত্বং [আরাধনেন] তুষ্টা [সতী] অশেষান্‌ রোগান্‌ (রুজন্তীতি রোগাঃ উপদ্রবাস্তান্‌ [তথা] রুষ্টা [সতী] তু অভীষ্টান্‌ (অতিপ্রিয়ান্‌) সকলান্‌ কামান্‌ অপহংসি (নাশয়সি) ; ত্বামাশ্রিতানাং (ত্বদ্‌ভক্তানাং নরাণাং বিপৎ

ত্বামাশ্রিতানাং ন বিপন্নরাণাং
ত্বামাশ্রিতা হ্যাশ্রয়তাং প্রয়ান্তি ॥ ২৯

এতৎ কৃতং যৎ কদনং ত্বয়াদ্য
ধর্ম্মদ্বিষাং দেবি মহাসুরাণাম্।
রূপৈরনেকৈর্বহুধাত্মমূর্ত্তিং
কৃত্বাম্বিকে তৎ প্রকরোতি কান্যা ॥ ৩০

(ইষ্টবিয়োগলক্ষণা বিপত্তিঃ) ন [অস্তি] ত্বামাশ্রিতাঃ [জনাঃ] হি (নিশ্চিতমেব) আশ্রয়তাং (অন্যেষাম আশ্রয়যোগ্যতাং) প্রযান্তি ॥ ২৯

তুমি তুষ্টা থাকিলে অশেষ রোগ (উপদ্রব) বিনাশ কর; আর রুষ্টা হইলে সর্ব্ববিধ অভীষ্ট বাঞ্ছাবস্তু বিনষ্ট কর; তোমার আশ্রিত জনের [ইষ্ট বিয়োগ রূপ] বিপদ্ ঘটে না; যাহারা তোমার আশ্রিত তাহারা সকলেরই আশ্রয়ণীয় হয় ॥২৯

হে অম্বিকে (জননি), হে দেবি, (ইদানীং) অনেকৈঃ (ব্রহ্মাণ্যাদিলক্ষণৈঃ) রূপৈঃ [অভেদে তৃতীযা] আত্মমূর্ত্তিং (নিজতনুং) বহুধা (বহুবিধাং) কৃত্বা ধর্ম্মদ্বিষাং (যজ্ঞাদিদ্বেষিনাং) মহাসুরাণাং (শুম্ভাদীনাং) ত্বয়া যৎ কদনং (নাশঃ) কৃতং, তৎ (এতৎ) অন্যা (সর্ব্বশক্তিময়ীং ত্বাং বিনা অপরা) কা প্রকরোতি (প্রকর্ত্তুং শক্নোতি) [ন কাপীতি ভাবঃ] ॥ ৩০

হে মাতঃ, হে দেবি, তুমি বহুপ্রকারে আত্মমূর্ত্তিকে [ব্রহ্মাণী প্রভৃতি] নানারূপে বিভক্ত করিয়া, ধর্ম্মদ্বেষী [শুম্ভাদি] মহাসুরগণের বধ সাধন করিলে, ঈদৃশ লোক-দুষ্কর কার্য্য [সর্ব্বশক্তিময়ী] তুমি ভিন্ন আর কে করিতে পারে? ৩০

বিদ্যাসু শাস্ত্রেষু বিবেকদীপে-
ষ্বাদ্যেষু বাক্যেষু চ কা ত্বদন্যা।
মমত্বগর্ত্তেঽতিমহান্ধকারে
বিভ্রাময়ত্যেতদতীব বিশ্বম্ ॥ ৩১ *

[হে দেবি] বিবেকদীপেষু (বিবেকাঃ যুক্তাযুক্তবিচারা দীপা ইব মহা-তমঃ পটলপাটনপটবস্তেষু অথবা বিবেকঃ তত্ত্বজ্ঞানং তদ্দীপয়ন্তীতি তথা তেষু উপনিষৎসু) বিদ্যাসু (চতুর্দ্দশসু যদ্বা আন্বীক্ষিক্যাদিষু অথবা বিদ্যাসু জ্ঞানপ্রদমন্ত্ররূপাসু) [দীপায়মানাসু] শাস্ত্রেষু (মনুস্মৃত্যাদিষু প্রবৃত্তিকরেষু নিবৃত্তিকরেষু চ) [দীপায়মানাসু] [তথা] আদ্যেষু বাক্যেষু চ (কর্ম্মকাণ্ডপর-বেদবাক্যেষু) [দীপায়মানেষু] [সর্ব্বত্র সপ্তম্যনাদরে—এতানি অনাদৃত্য তজ্জন্যবিবেকমপনীয় ইত্যর্থঃ] [যা] অতিমহান্ধকারে (অতিমহান্ মোহ-রূপোঽন্ধকারঃ যস্মিন্ প্রগাঢ়মায়াতমোময়ে) মমত্বগর্ত্তে (মায়াময়ে সংসার-রূপে) এতদ্বিশ্বম্ অতীব বিভ্রাময়তি (ব্যালোড়য়তি পুনঃ পুনঃ প্রবর্ত্তয়তি ইতি যাবৎ [সা] ত্বদন্যা কা ?—[ত্বমেব বিষ্ণুমায়া বিশ্বং মোহয়সি মমত্বেন যোজয়সি চ নান্যেতিভাবঃ] ॥ ৩১

হে দেবি, বিবেকরূপ দীপাবলী উদ্ভাসিত থাকিতে, চতুর্দ্দশ বিদ্যা (অথবা আন্বীক্ষিকী প্রভৃতি কিংবা জ্ঞানপ্রদমন্ত্ররূপ শাস্ত্র) মন্বাদি প্রণীত স্মৃতিশাস্ত্র এবং বেদোপনিষৎ প্রভৃতি প্রবৃত্তি-নিবৃত্তিশাস্ত্র প্রোজ্জ্বল থাকিতেও গাঢ়তমোময় মমত্বরূপ গর্ত্তে এই বিশ্বকে বিঘূর্ণিত করিতে তুমি ভিন্ন আর কে সমর্থ ?৩১

---

*'বিভ্রাময়স্যেতদতীব বিশ্বম্' ইতি বা পাঠঃ।

রক্ষাংসি যত্রোগ্রবিষাশ্চ নাগা
যত্রারয়ো দস্যুবলানি যত্র।
দাবানলো যত্র তথাব্ধিমধ্যে
তত্র স্থিতা ত্বং পরিপাসি বিশ্বম্॥ ৩২

বিশ্বেশ্বরী ত্বং পরিপাসি বিশ্বং *
বিশ্বাত্মিকা ধারয়সীতি বিশ্বম্।
বিশ্বেশবন্দ্যা ভবতী ভবন্তি †
বিশ্বাশ্রয়া যে ত্বয়ি ভক্তিনম্রাঃ॥ ৩৩

যত্র রক্ষাংসি (রাক্ষসাঃ) যত্র উগ্রবিষাঃ (মহাবিষধরাঃ) নাগাঃ (তক্ষকাদয়ঃ), যত্র চ অরয়ঃ (শত্রবঃ), যত্র চ দস্যুবলানি (চৌরসমূহাঃ), যত্র চ দাবানলঃ (বনাগ্নিঃ) [সন্তি] তত্র, তথা (তদ্বৎ) অব্ধিমধ্যে (সমুদ্রাদিমধ্যে) স্থিতা [সর্ব্বব্যাপিনী] ত্বং বিশ্বং (জগৎ) পরিপাসি। ৩২

যথায় রাক্ষসগণ, উগ্রবিষ সর্পগণ, রিপুগণ, দস্যুগণ ও দাবানল আছে, তত্তৎ স্থানে এবং সমুদ্রাদিতে অবস্থান-পূর্ব্বক [সর্ব্বব্যাপিনী] তুমি বিশ্ব সমকরূপে পালন করিতেছ ॥৩২

[যতঃ] ত্বং বিশ্বেশ্বরী (জগৎস্বামিনী) [অতঃ] বিশ্বং পরিপাসি [জগতঃ অনন্যনাথত্বাৎ] ; [যতঃ ত্বং] বিশ্বাত্মিকা (জগদ্রূপা), ইতি [হেতোঃ] [ত্বং] বিশ্বং ধারয়সি [জগতস্ত্বদংশভূতত্বাৎ] ; ভবতী বিশ্বেশবন্দ্যা (বিশ্বেশানাং

* 'বিশ্বেশ্বরি' ইতি কেচিৎ। † 'ভবতী ভবায়' ইতি চ ক্বচিৎ।

দেবি প্রসীদ পরিপালয় নোঽরিভীতে-
নিত্যং যথাসুরবধাদধুনৈব সদ্যঃ।
পাপানি সর্ব্বজগতাঞ্চ শমং নয়াশু *
উৎপাতপাকজনিতাংশ্চ মহোপসর্গান্ ॥ ৩৪

ব্রহ্মবিষ্ণুমহেশানাং বন্দ্যা পূজ্যা); ত্বয়ি যে ভক্তিনম্রাঃ তে বিশ্বাশ্রয়াঃ (বিশ্বস্য আধারভূতাঃ জগতাং ধারয়িতার ইত্যর্থঃ) ভবন্তি ॥ ৩৩

তুমি বিশ্বেশ্বরী, সুতরাং বিশ্ব পালন করিতেছ [যেহেতু, জগতের তুমি ভিন্ন আর রক্ষাকর্ত্রী নাই]; তুমি জগদ্রূপা, সুতরাং বিশ্ব ধারণ করিতেছ; [কারণ, জগৎ তোমারই অংশ]; তুমি ব্রহ্মাদিরও আরাধ্যা; যাঁহারা তোমাতে ভক্তি-নম্র, তাঁহারা জগতের আশ্রয়ভূত হইয়া থাকেন ॥৩৩

হে দেবি প্রসীদ; যথা অধুনৈব সদ্যঃ (স্মরণসমকাল এব) অসুরবধাৎ (শুম্ভাদের্হননাৎ) নঃ (অস্মান্) [পালিতবতী] [তথা ইত, পরমপি] নিত্যম্ অরিভীতেঃ (শত্রুভয়াৎ) পরিপালয়; সর্ব্বজগতাঞ্চ পাপানি (দুঃখকারণানি [তথা] উৎপাতপাকজনিতান্ (উৎপাতঃ অধর্ম্মঃ তস্যৈব উৎপাতহেতুত্বাৎ, তস্য পাকঃ পরিণতিঃ তেন জনিতান্) মহোপসর্গান্ (দুর্ভিক্ষমরণাদি-মহাবিঘ্নান্) আশু (শীঘ্রং) শমং (উপশমং) নয় (প্রাপয়) ॥৩৪

হে দেবি, প্রসন্না হও; যেমন এখনি [স্মরণমাত্র] অসুর বধ করিয়া আমাদিগকে রক্ষা করিলে, [উত্তরকালেও]

* 'সর্ব্বজগতাং প্রশমং নয়াশু' ইতি। 'হ্যুৎপাত' ইতি কেচিৎ।

প্রণতানাং প্রসীদ ত্বং দেবি বিশ্বার্ত্তিহারিণি।
ত্রৈলোক্যবাসিনামীড্যে লোকানাং বরদা ভব ॥ ৩৫

দেব্যুবাচ ॥ ৩৬

বরদাহং সুরগণা বরং যং মনসেচ্ছথ।*
তং বৃণুধ্বং † প্রযচ্ছামি জগতামুপকারকম্ ॥ ৩৭

সর্ব্বদা সেইরূপ শত্রুভয় হইতে আমাদিগকে রক্ষা করিও; সমুদয় জগতের দুঃখকারণীভূত পাপ সকল এবং অধর্ম্মের পরিণতিজাত প্রচণ্ড উপসর্গ-নিচয়ও শীঘ্র নিবারণ কর ॥৩৪

হে দেবি, বিশ্বার্ত্তিহারিণি (জগদ্দুঃখনাশশীলে) ত্বং প্রণতানাং (ভক্তিনম্রাণাং সম্বন্ধে) প্রসীদ (প্রসন্না ভব); হে ত্রৈলোক্যবাসিনাম্ [সর্ব্বেষাম্] ঈড্যে (স্তুত্যে) [ত্বং] লোকানাং বরদা (অভীষ্টদাত্রী) ভব ॥ ৩৫

হে জগদ্দুঃখহরে দেবি, প্রণতগণের প্রতি প্রসন্না হও, হে ত্রিলোক বন্দ্যে, তুমি জনগণের অভীষ্টদাত্রী হও ॥৩৫

দেবী উবাচ ॥ ৩৬॥ হে সুরগণাঃ অহং [যুষ্মাকং] বরদা (অভীষ্টদাত্রী) [অস্মি]; যং বরং (যমীপ্সিতার্থং) [যূয়ং] মনসা ইচ্ছথ (বাঞ্ছথ) জগতাম্ (ভুবনানাম্) উপকারকং তং বৃণুধ্বং (প্রার্থয়ধ্বম্) [অহং] প্রযচ্ছামি ॥ ৩৭

দেবী কহিলেন ॥৩৬॥ হে অমরগণ, আমি তোমাদের অভীষ্টদাত্রী; জগতের উপকারক যে কোন বর তোমরা মনে মনে ইচ্ছা করিতেছ, তাহা প্রার্থনা কর, দিতেছি ॥ ৩৭

---

* 'যন্মনসেচ্ছথ' ইতি। † 'বৃণীধ্বম্' ইতি চ ক্বচিৎ।

দেবা উচুঃ ॥ ৩৮

সর্ব্বাবাধাপ্রশমনং ত্রৈলোক্যস্যাখিলেশ্বরি ।*
এবমেব ত্বয়া কার্য্যমস্মদ্‌বৈরিবিনাশনম্ ॥ ৩৯

দেব্যুবাচ ॥৪০

বৈবস্বতেঽন্তরে প্রাপ্তে অষ্টাবিংশতিমে যুগে ।
শুম্ভো নিশুম্ভশ্চৈবান্যাবুৎপৎস্যেতে মহাসুরৌ ॥ ৪১

দেবাঃ উচুঃ ॥৩৮॥ হে অখিলেশ্বরি (অখিলস্য বিশ্বস্য ঈশ্বরি ব্যাপিকে যদ্‌বা হে ত্রৈলোক্য-স্বামিনি) [যথা ত্বয়া ইদানীমেব কৃতম্] এবমেব ত্বয়া ত্রৈলোক্যস্য সর্ব্বাবাধাপ্রশমনং (সর্ব্বাঃ আবাধাঃ পীড়াঃ তাসাং প্রশমনং নিবারণং যত্র তাদৃশম্)অস্মদ্‌বৈরিবিনাশনং কার্য্যম্ (কর্ত্তব্যম্) ॥ ৩৯

দেবগণ কহিলেন ॥ ৩৮ ॥ হে ব্রহ্মাণ্ডেশ্বরি, যেমন তুমি এখনই করিলে, এইরূপে আমাদের শত্রু বিনাশ করিও ; ইহাতেই ত্রিভুবনের সর্ব্ববিধ দুঃখের উপশম হয় ॥ ৩৯ .

দেবী উবাচ ॥ ৪০ ॥ বৈবস্বতে অন্তরে (বৈবস্বতমনোরন্তরে তদধিকারোপলক্ষিতে কালে সপ্তমমন্বন্তরে ইত্যর্থঃ) অষ্টাবিংশতিমে (অষ্টাবিংশতিসংখ্যাকে) যুগে (চতুর্যুগে) [তত্রাপি কলিদ্বাপর-সন্ধৌ] শুম্ভো-নিশুম্ভশ্চ অন্যৌ এব (ইদানীমেব ময়া নিহতৌ যৌ শুম্ভনিশুম্ভৌ ততঃ বিলক্ষণৌ শুম্ভনিশুম্ভনামানৌ অপরৌ) মহাসুরৌ উৎপৎস্যেতে ॥ ৪১

দেবী কহিলেন ॥ ৪০ ॥ বৈবস্বত মনুর অধিকারে অষ্টা-

---

* 'সর্ব্ববাধাপ্রশমনম্' ইতি বা পাঠঃ ।

নন্দগোপগৃহে জাতা যশোদাগর্ভসম্ভবা।*
ততস্তৌ নাশয়িষ্যামি বিন্ধ্যাচলনিবাসিনী॥ ৪২
পুনরপ্যতিরৌদ্রেণ রূপেণ পৃথিবীতলে।
অবতীর্য্য হনিষ্যামি বৈপ্রচিত্তাংস্তু দানবান্॥† ৪৩

বিংশতি-সংখ্যক চতুর্যুগে [দ্বাপর ও কলির সন্ধিতে] শুম্ভ ও নিশুম্ভ নামে অন্য দুইটি মহাসুর উৎপন্ন হইবে॥৪১

নন্দগোপগৃহে যশোদাগর্ভসম্ভবা [সতী] জাতা (প্রাদুর্ভূতা) বিন্ধ্যাচল-নিবাসিনী [অহং] ততঃ (তদা) তৌ (শুম্ভনিশুম্ভৌ) নাশয়িষ্যামি।—[পুরা কিল বিন্ধ্যাচলে প্রচণ্ড-বলদৃপ্তয়োঃ শুম্ভনিশুম্ভয়োর্দৈত্যয়োঃ পুরতঃ পরং রূপং বিভ্রাণা জগদম্বিকা সহসা আবির্বভূব। তামবলোক্য দ্বাবেব তৌ সমং কামাভিভূতৌ তস্যাঃ করং প্রার্থিতবন্তৌ। অথ যুবয়োর্মধ্যে-বলবত্তর-মহং ভজিষ্যে ইতি তয়াভিহিতৌ তৌ পরস্পরং সৌভ্রাত্রং বিহায় যুধ্যমানৌ পঞ্চত্বং গতৌ ইতি পৌরাণিকী কথা। বস্তুতস্তু মহালক্ষ্ম্যংশভূতেয়ং তদুক্তং মূর্ত্তিরহস্যে—নন্দা ভগবতী নাম যা ভবিষ্যতি নন্দজেত্যাদি]॥ ৪২

তৎকালে আমি নন্দগোপ গৃহে [তৎপত্নী] যশোদাগর্ভে জাতা বিন্ধ্যাচলনিবাসিনীরূপে ঐ অসুরদ্বয়কে বধ করিব॥৪২

পুনরপি [বৈবস্বতমন্বন্তরে এব অষ্টাবিংশতিমে যুগে দ্বাপরেঽতীতে কলৌ প্রাপ্তে] অতিরৌদ্রেণ (অত্যুগ্রেণ) রূপেণ (বপুষা) পৃথিবীতলে অবতীর্য্য বৈপ্রচিত্তান্ (বিপ্রচিত্তিবংশীয়ান্) দানবান্ হনিষ্যামি॥ ৪৩

---

* 'নন্দগোপকুলে' ইতি ক্বচিৎ। † 'বৈপ্রচিত্তাংশ্চ' ইতি কেচিৎ।

ভক্ষয়ন্ত্যাশ্চ তানুগ্রান্ বৈপ্রচিত্তান্ মহাসুরান্।
রক্তা দন্তা ভবিষ্যন্তি দাড়িমীকুসুমোপমাঃ ॥৪৪
ততো মাং দেবতাঃ স্বর্গে মর্ত্ত্যলোকে চ মানবাঃ।
স্তুবন্তো ব্যাহরিষ্যন্তি সততং রক্তদন্তিকাম্ ॥ ৪৫

পুনরায় [ঐ বৈবস্বতমন্বন্তরে অষ্টাবিংশ চতুর্যুগের দ্বাপরান্তে কলির প্রথমে] আমি অতি ভীষণরূপে ভূতলে অবতীর্ণা হইয়া বিপ্রচিত্তিবংশীয় দানবগণকে বধ করিব ॥৪৩

তান্ উগ্রান্ (রৌদ্রান্) বৈপ্রচিত্তান্ মহাসুরান্ ভক্ষয়ন্ত্যাঃ [মম] দন্তাঃ দাড়িমীকুসুমোপমাঃ (দাড়িম্বীপুষ্পবৎ) রক্তাঃ ভবিষ্যন্তি ॥ ৪৪

সেই ভীষণ বিপ্রচিত্তি-বংশীয় মহাসুরগণকে ভক্ষণ করিবার সময় আমার দন্তগুলি দাড়িম্বকুসুমবৎ রক্তবর্ণ হইবে ॥ ৪৪

ততঃ (তস্মাৎ হেতোঃ) স্বর্গে দেবতাঃ মর্ত্ত্যলোকে (ভুবি) মানবাশ্চ সততং স্তুবন্তঃ মাং রক্তদন্তিকাং ব্যাহরিষ্যন্তি (রক্তদন্তিকেতি কথয়িষ্যন্তি)। [এষা রক্তদন্তিকা কাল্যংশভূতা; অত্র দন্তেত্যুপলক্ষণম্। বস্তুতস্তু কেশায়ুধ-সর্ব্বাবয়বেষু রক্তত্বমস্যাঃ; অতএবাস্যা রক্তচামুণ্ডেতি প্রসিদ্ধিঃ] ॥ ৪৫

তজ্জন্য স্বর্গে দেবগণ এবং মর্ত্ত্যে মানবগণ সর্ব্বদা স্তবকালে আমায় রক্তদন্তিকা নামে অভিহিত করিবেন। [ইনি কালীর অংশভূতা। কেবল দন্ত নহে—সর্ব্বাঙ্গই, এমন কি কেশ ও অস্ত্রাদিও রক্তবর্ণ বলিয়া ইনি রক্তচামুণ্ডা নামে প্রসিদ্ধা] ॥৪৫

ভূয়শ্চ শতবার্ষিক্যামনাবৃষ্ট্যামনম্ভসি।
মুনিভিঃ সংস্তুতা * ভূমৌ সম্ভবিষ্যাম্যযোনিজা ॥৪৬
ততঃ শতেন নেত্রাণাং নিরীক্ষিষ্যামি যন্মুনীন্।†
কীর্ত্তয়িষ্যন্তি মনুজাঃ শতাক্ষীমিতি মাং ততঃ ॥ ৪৭

ভূয়ঃ (পুনরপি) শতবার্ষিক্যাং (শতং বর্ষাণি পরিপূরণং যস্যাঃ শত-বার্ষিকী তস্যাং শতবর্ষব্যাপিন্যামিত্যর্থঃ তদ্ধিতার্থে দ্বিগুঃ উত্তরপদবৃদ্ধিঃ) অনাবৃষ্ট্যাং (ন আ সমন্তাদ্‌বৃষ্টিরনাবৃষ্টিঃ তস্যাম্ অনাবৃষ্টৌ সত্যাং) মুনিভিঃ সংস্তুতা (সম্যগারাধিতা) [সতী] অহং অনম্ভসি (নদীতড়াগাদাবপি কূপাদিজলশূন্যায়ামপীত্যর্থঃ নীরসায়াং) ভূমৌ অযোনিজা (যথেদানীং পার্ব্বতীদেহাদাবিভূর্তা এবমেব) সম্ভবিষ্যামি (স্বয়মেবাবির্ভবিষ্যামি) ॥৪৬

পুনরায় শতবর্ষব্যাপিনী অনাবৃষ্টি বশতঃ পৃথিবী জলশূন্যা হইলে, মুনিগণ সম্যক্‌রূপে আমায় স্তব করিবেন ; আমি সেই জলহীনা ভূমিতে অযোনিসম্ভাবারূপে প্রাদুর্ভূর্তা হইব ॥৪৬

ততঃ (মৎপ্রাদুর্ভাবাদনন্তরং) নেত্রাণাং (চক্ষুষাং) শতেন যৎ (যস্মাৎ) মুনীন্ নিরীক্ষিষ্যামি (নিরীক্ষিষ্যে) ততঃ [কারণাৎ] মনুজাঃ (মানবাঃ) শতাক্ষীম্ ইতি মাং [অন্বর্থসংজ্ঞয়া] কীর্ত্তয়িষ্যন্তি (আখ্যাস্যন্তি) ॥ ৪৭

তৎকালে নেত্রশতদ্বারা আমি মুনিগণকে দর্শন করিব। এজন্য মানবগণ আমাকে শতাক্ষী নামে কীর্ত্তন করিবে ॥৪৭

---

* 'সংস্মৃতা' ইতি ক্বচিৎ। † 'নিরীক্ষিষ্যে যতো মুনীন্' ইতি চ ক্বাপি।

ততোঽহমখিলং লোকমাত্মদেহসমুদ্ভবৈঃ।
ভরিষ্যামি সুরাঃ শাকৈরাবৃষ্টেঃ প্রাণধারকৈঃ ॥৪৮
শাকম্ভরীতি বিখ্যাতিং তদা যাস্যাম্যহং ভুবি ॥
তত্রৈব চ বধিষ্যামি * দুর্গমাখ্যং মহাসুরম্ ॥ ৪৯
[দুর্গাদেবীতি বিখ্যাতং তন্মে নাম ভবিষ্যতি ॥]

ততঃ হে সুরাঃ, অহং আত্মদেহসমুদ্ভবৈঃ (স্বদেহজাতৈঃ) প্রাণধারকৈঃ (প্রাণরক্ষকৈঃ) শাকৈঃ পত্রাদ্যৈঃ; পত্রমূল-করীযাগ্রমূল কাণ্ডাদিরূঢ়কাঃ ত্বক্-পুষ্প-কবকং চেতি শাকং দশবিধং স্মৃতম্) আবৃষ্টেঃ (বৃষ্টিপর্য্যন্তং) অখিলং লোকং ভরিষ্যামি (পোষয়িষ্যামি); তদা ভুবি অহং শাকম্ভরী (লোক-রক্ষার্থং স্বশরীরোদ্ভবানি শাকানি বিভর্ত্তি ইতি শাকম্ভরী; ইন্প্রত্যয়ঃ স্ত্রিয়ামীপ্ ব) ইতি বিখ্যাতিং যাস্যামি [বৈবস্বতমন্বন্তর এব চত্বারিংশত্তমে যুগে শতাক্ষী-শাকম্ভর্য্যবতারঃ "তস্মিন্নেবান্তরে শক্র চত্বারিংশত্তমে যুগে" ইত্যাদি লক্ষ্মীতন্ত্র-বচনাৎ; শাকম্ভরীয়ং পার্ব্বত্যংশা নীলবর্ণা]। তত্রৈবচ তস্মিন্নেব শাকম্ভর্য্যবতারে) দুর্গমাখ্যং (দুর্গম-নামানং) মহাসুরং বধিষ্যামি তৎ (তস্মাৎ) দুর্গাদেবী ইতি মে (মম) নাম বিখ্যাতং ভবিষ্যতি]। [শতাক্ষী-শাকম্ভরীদুর্গাণামবতারস্থানানি কৃষ্ণাবেণী-তুঙ্গভদ্রয়োর্মধ্যভাগে

হে দেবগণ, অনন্তর আমি স্বদেহজাত প্রাণরক্ষক পত্রমূল পুষ্পাদিদ্বারা, যতদিন বৃষ্টি না হয়, জীবগণকে পোষণ করিব; তখন ভূলোকে শাকম্ভরী নামে বিখ্যাত হইব। [বৈবস্বত

---

* 'তত্রৈ বচ হনিষ্যামি' ইতি কচিৎ।

পুনশ্চাহং যদা ভীমং রূপং কৃত্বা হিমাচলে। ৫০
রক্ষাংসি ক্ষয়য়িষ্যামি মুনীনাং ত্রাণকারণাৎ ॥*
তদা মাং মুনয়ঃ সর্ব্বে স্তোষ্যন্ত্যানম্রমূর্ত্তয়ঃ। ৫১
ভীমাদেবীতি বিখ্যাতং তন্মে নাম ভবিষ্যতি ॥

সহ্যাদ্রেরীষৎ প্রাচ্যাং প্রসিদ্ধানি] ॥ পুনশ্চ (পুনরপি) অহং যদা হিমাচলে ভীমং (ভীষণং) রূপং কৃত্বা মুনীনাং ত্রাণকারণাৎ রক্ষাংসি (রাক্ষসান্) ক্ষয়য়িষ্যামি (ক্ষয়ং প্রাপয়িষ্যামি) তদা সর্ব্বে মুনয়ঃ আনম্রমূর্ত্তয়ঃ (প্রণতাঃ) [সন্তঃ] মাং স্তোষ্যন্তি ॥ তৎ (তস্মাৎ) মম নাম ভীমাদেবী ইতি বিখ্যাতং ভবিষ্যতি [ভীমাপি নীলবর্ণৈব দংষ্ট্রাদশনভাস্বরা। ইত্যাদ্যুক্তেরিয়মপি কাল্যংশা এব; ভীমাদেব্যবতারস্তু নাদ্যাপি জাতঃ বৈবস্বতমন্বন্তরে পঞ্চাশত্তমে চতুর্যুগে এব ভীমাবতার ইতি লক্ষ্মীতন্ত্রে]। যদা ত্রৈলোক্যে

মন্বন্তরে ৪০শ যুগে শতাক্ষী এবং শাকম্ভরী অবতার; শাকম্ভরী পার্ব্বতীর অংশ—নীলবর্ণা]; [এই অবতারে] দুর্গম-নামক মহাসুরকে [বধ] করিব; এজন্য আমার নাম দুর্গাদেবী হইবে। [শতাক্ষী, শাকম্ভরী ও দুর্গাদেবীর আবির্ভাব কৃষ্ণা, বেণী ও তুঙ্গভদ্রার মধ্যস্থিত সহ্যাদ্রির ঈষৎ পূর্ব্বভাগে বলিয়া প্রসিদ্ধ। আবার যখন হিমালয়ে ভীষণ রূপ ধারণ পূর্ব্বক মুনিগণের রক্ষার্থ রাক্ষসগণকে বধ করিব, তখন মুনিরা সকলে প্রণত

---

* রক্ষাংসি ভক্ষয়িষ্যামি ইতি বা পাঠঃ।

যদারুণাখ্যস্ত্রৈলোক্যে মহাবাধাং করিষ্যতি। ৫২
তদাহং ভ্রামরং রূপং কৃত্বাঽসংখ্যেয়ষট্‌পদম্‌॥
ত্রৈলোক্যস্য হিতার্থায় বধিষ্যামি মহাসুরম্‌। ৫৩
ভ্রামরীতি চ মাং লোকাস্তদা স্তোষ্যন্তি সর্ব্বতঃ॥

অরুণাখ্যঃ (অরুণনামা) [অসুরঃ] মহাবাধাং (মহাপীড়াং) করিষ্যতি তদা অহং অসংখ্যেয়ষট্‌পদং ভ্রামরং (ভ্রমরময়ং) রূপং কৃত্বা ত্রৈলোক্যস্য হিতার্থায় তং মহাসুরং বধিষ্যামি; তদা চ লোকাঃ সর্ব্বতঃ (সর্ব্বে সর্ব্বত্র বা ভ্রামরী ইতি মাং স্তোষ্যন্তি; [তেজোমণ্ডলদুর্দ্ধর্ষা ভ্রামরী চিত্রকান্তিভৃৎ। চিত্রভ্রমরপাণিঃ সা মহামারীতি গীয়তে॥ মহামায়া মহাকালী মহামারী ...ইত্যাদ্যুক্তেরিয়মপি কাল্যংশা এব]। [বৈবস্বতেঽন্তরে ষষ্টিতমে চতুর্যুগে ভ্রামর্য্যবতারঃ ইতি লক্ষ্মীতন্ত্রে]॥ [বস্তুতস্তু রক্তদন্তিকাদযঃ ষড়প্যবতারা নাদ্যাপি জাতাঃ পরন্তু ভাবিন এব; মূলে পুনরপি ভূয়শ্চ ইত্যাদিপদৈরুত্তরোত্তরকালস্যৈব কীর্ত্তনাৎ। "তস্মিন্নেবান্তরে শক্র চত্বারিংশত্তমে যুগে' ইত্যুপক্রম্য শতাক্ষ্যবতারস্য তন্ত্রান্তরে কথনাৎ। তস্মিন্নেবেত্যস্য বৈবস্বত ইত্যর্থঃ চতুর্যুগেঽত্র পঞ্চাশত্তমে মুনিভিরচ্চিতেত্যুপক্রম্য ভীমাদেবী কথনাচ্চ। তত্রৈব যুগে ষষ্টিতমে কশ্চিদরুণো নাম দানবঃ ইত্যাদি কথনাচ্চ। পরন্তু সাম্প্রতিকাৎ

হইয়া আমার স্তব করিবেন; এজন্য আমার নাম ভীমাদেবী বলিয়া বিখ্যাত হইবে [ভীমাও নীলবর্ণা দংষ্ট্রাকরালবদনা, চন্দ্রহাস, ডমরু নৃমুণ্ড ও পানপাত্রধারিণী; কালীর অংশ। ইনি বৈবস্বত মন্বন্তরে পঞ্চাশত্তম চতুর্যুগে

ইত্থং যদা যদা বাধা দানবোত্থা ভবিষ্যতি। ৫৪
তদা তদাবতীর্য্যাহং করিষ্যাম্যরিসংক্ষয়ম্॥ ৫৫

ইতি মার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে দেবীমাহাত্ম্যে
নারায়ণীস্তুতির্নাম একাদশোঽধ্যায়ঃ॥

শ্বেতবরাহকল্পাৎ প্রাক্তনকল্পেঽপি দেব্যবতারাণামেতেষাং মন্বন্তরযুগ-ভেদেন জাতত্বাৎ শাকম্ভর্য্যাদীনাং তত্তৎকুলদেবতাত্বেন অর্চনমধুনাতনানাং সংগচ্ছতে]। [ইত্থং (এবম্) যদা যদা দানবোত্থা (অসুরোদ্ভবা) বাধা (পীড়া) ভবিষ্যতি, তদা তদা অহম্ অবতীর্য্য (আবির্ভূয়) অরিসংক্ষয়ং (রিপুনাশং) করিষ্যামি॥ ৫৪—৫৫

আবির্ভূত হইবেন]॥ যৎকালে অরুণনামা অসুর ত্রিভুবনে মহা উৎপাত করিবে, তখন আমি অসংখ্য ভ্রমর-ময়ী ভ্রামরীমূর্ত্তি ধারণ করিয়া ত্রিলোক-হিতার্থ তাহাকে বধ করিব; লোকে ভ্রামরী বলিয়া আমার স্তব করিবে॥ [বৈবস্বত মন্বন্তরে ষষ্টিতম যুগে ভ্রামরী অবতীর্ণা হইবেন। বস্তুতঃ রক্তদন্তিকাদি ছয়টি অবতার অদ্যাপি হন নাই—উত্তরকালে হইবেন]॥ এইরূপে যখন যখন অসুরগণ কর্ত্তৃক উৎপাত ঘটিবে, তখনি তখনি আমি অবতীর্ণা হইয়া শত্রু বধ করিব॥৫৪—৫৫

মার্কণ্ডেয়পুরাণান্তর্গত সাবর্ণি মনুর অধিকার-সম্বন্ধীয় দেবী-মাহাত্ম্যে নারায়ণীস্তুতি নামক একাদশ অধ্যায়।

দেব্যুবাচ ॥ ১

এভিঃ স্তবৈশ্চ মাং নিত্যং স্তোষ্যতে যঃ সমাহিতঃ।
তস্যাহং সকলাং বাধাং শময়িষ্যাম্যসংশয়ম্ ॥ ২ *
মধু-কৈটভনাশঞ্চ মহিষাসুর-ঘাতনম্। †
কীর্ত্তয়িষ্যন্তি যে তদ্বদ্বধং শুম্ভনিশুম্ভয়োঃ ॥ ৩

দেবী উবাচ ॥ ১ ॥ [শ্রদ্ধাভক্তিসমন্বিতো ভূত্বা] যঃ এভিঃ [ব্রহ্মকৃতৈরিন্দ্রাদিদেবকৃতৈশ্চ] স্তবৈঃ নিত্যং (সততং) সমাহিতঃ (অনন্যমনাঃ) [সন্] মাং (জগজ্জননীং দেবীং) স্তোষ্যতে (স্তোষ্যতি) অহং তস্য সকলাং (নিঃশেষাম্ ; ঐহিকীং পারলৌকিকীঞ্চ) বাধাং (পীড়াং) অসংশয়ং (নিশ্চিতমেব) শময়িষ্যামি (নাশয়িষ্যামি) [অথবা তস্য অহং অহঙ্কারকৃতাং সকলাং বাধাং মোহময়ীং সংসৃতিং শময়িষ্যামি] ॥ ২

দেবী কহিলেন ॥১॥ যে ব্যক্তি [শ্রদ্ধাভক্তিসমন্বিত হইয়া একচিত্তে এই সকল স্তব দ্বারা নিত্য আমার আরাধনা করে,] আমি তাহা'র সর্ব্ববিধ পীড়া [অথবা অহঙ্কারসম্ভূত মোহময়ী সংসারগতি] বিনষ্ট করিব ; সন্দেহ নাই ॥২

মধুকৈটভনাশং (মধুকৈটভনাশোপলক্ষিতং চরিতং) মহিষাসুরঘাতনং (মহিষাসুরবধোপলক্ষিতং চরিতং) চ তদ্বৎ (তথৈব) শুম্ভনিশুম্ভয়োঃ বধং (শুম্ভনিশুম্ভবধোপলক্ষিতং চরিতং) অষ্টম্যাং নবম্যাং

* 'নাশয়িষ্যামি' ইতি বা পাঠঃ। † 'সূদনম্' ইতি কেচিৎ।

অষ্টম্যাঞ্চ চতুর্দ্দশ্যাং নবম্যাঞ্চৈকচেতসঃ।
শ্রোষ্যন্তি চৈব যে ভক্ত্যা মম মাহাত্ম্যমুত্তমম্ ॥ ৪
ন তেষাং দুষ্কৃতং কিঞ্চিদ্ দুষ্কৃতোত্থা ন চাপদঃ।
ভবিষ্যতি ন দারিদ্র্যং ন চৈবেষ্টবিয়োজনম্ ॥ ৫

চতুর্দ্দশ্যাং চ [বিশেষোক্তিতঃ পক্ষদ্বয়েঽপীতি বোদ্ধব্যম্] একচেতসঃ (তদেকতানচিত্তাঃ) [সন্তঃ] যে কীর্ত্তয়িষ্যন্তি (পঠিষ্যন্তি) যে চৈব [পাঠেঽসমর্থাঃ] ভক্ত্যা উত্তমং (পুণ্যতমং সর্ব্বকামদুঘং) মম মাহাত্ম্যং (মহান্তঃ আত্মানঃ অবতারাঃ যস্যাঃ সা মহাত্মা তস্যাঃ ভাবঃ মাহাত্ম্যং) শ্রোষ্যন্তি, তেষাং (উভয়েষাং) কিঞ্চিৎ [অপি] দুষ্কৃতং (পাপং) (তন্নিমিত্তীভূতং কর্ম্মেতি যাবৎ) ন [ভবিষ্যতি] দুষ্কৃতোত্থাঃ (পাপপরিপাকজাঃ) আপদঃ ন ; [তথা] দারিদ্র্যং (ধনরাহিত্যং) ন ভবিষ্যতি ; ইষ্টবিয়োজনং চ (প্রিয়বিয়োগশ্চ) নৈব [ভবিষ্যতি ; সদৈব ইষ্টৈঃ সহ মোদিষ্যন্তে ইত্যর্থঃ] ॥৩—৫
